CONTENT

01.	**Rupali Bank Ltd.**	06.03.2021	ANE	797
02.	**Combined 6 Banks**	18.03.2021	AP	808
03.	**Bangladesh Bank**	07.02.2020	DE/CO (IT)	724
04.	**Combined 4 Banks**	25.09.2020	AP	728
05.	**Sonali & Janata Bank**	02.10.2020	Officer-IT	734
06.	**Combined 2 Banks**	16.10.2020	SO-IT	745
07.	**Janata Bank Ltd.**	31.10.2020	Officer-Cash	751
08.	**Combined 3 Banks**	31.10.2020	AE (IT)	765
09.	**Janata Bank Ltd.**	07.11.2020	SO-ET	772
10.	**Rupali Bank Ltd.**	20.11.2020	Financial analysts	780
11.	**Sonali Bank Ltd.**	31.11.2020	ADA	789
12.	**Bangladesh Bank**	27.12.2019	Officer (General)	711
13.	**Janata Bank Ltd.**	20.12.2019	AE (Teller)	365
14.	**Janata & Rupali Bank Ltd.**	13.12.2019	Officer (General)	350
15.	**Sadharon Bima Corporation**	12.07.2019	AM	534
16.	**Sadharon Bima Corporation**	12.07.2019	JO	541
17.	**Janata Bank Ltd.**	29.11.2019	AEO	335
18.	**Rupali Bank Ltd.**	15.11.2019	Senior Officer	320
19.	**Sonali Bank Ltd.**	25.10.2019	DAE (Electric)	300
20.	**Probashi Kallyan Bank Ltd.**	20.10.2019	Programmer	309
21.	**Probashi Kallyan Bank Ltd.**	18.10.2019	EO (General)	270
22.	**Joint Recruitment Test for 8 Banks**	10.05.2019	Senior Officer	219
23.	**Probashi Kallyan Bank Ltd.**	20.09.2019	AP	247
24.	**Rupali Bank Ltd.**	08.11.2019	Officer	700
25.	**Sonali Bank Ltd.**	08.02.2019	Officer (FF)	177
26.	**Sadharon Bima Corporation**	19.07.2019	Upper Division Assistant	549
27.	**Joint Recruitment Test for 4 Banks**	24.05.2019	Officer (General)	232
28.	**Joint Recruitment Test for 2 Banks**	04.01.2019	IT/ICT	166

Recent Publications

20.	Probashi Kallyan Bank Ltd.	20.09.2019	AP	247
21.	Joint Recruitment Test for 5 Banks	29.03.2019	Officer (Cash)	256
22.	Probashi Kallyan Bank Ltd.	18.10.2019	EO (General)	270
23.	Probashi Kallyan Bank Ltd.	01.11.2019	EO (Cash)	287
24.	Sonali Bank Ltd.	25.10.2019	DAE (Electric)	300
25.	Probashi Kallyan Bank Ltd.	20.10.2019	Programmer	309
26.	Rupali Bank Ltd.	15.11.2019	Senior Officer	320
27.	Janata Bank Ltd.	29.11.2019	AEO	335
28.	Janata & Rupali Bank Ltd.	13.12.2019	Officer (General)	350
29.	Janata Bank Ltd.	20.12.2019	AE (Teller)	365
30.	Combined 4 Banks	25.09.2020	AP	728

Faculty of Business Studies, DU

01.	Joint Recruitment Test for 8 Banks	12.01.2018	SO	380
02.	Investment Corporation of Bangladesh	16.03.2018	Cashier	393
03.	Sonali Bank Ltd.	30.03.2018	Officer	402

Faculty of CTI, DU

01.	Bangladesh Bank	07.02.2020	DE/CO (IT)	724
02.	Janata Bank Ltd.	31.10.2020	Officer-Cash	751
03.	Sonali Bank Ltd.	31.11.2020	ADA	789
04.	**Rupali Bank Ltd.**	06.03.2021	ANE	797
05.	**Combined 6 Banks**	18.03.2021	AP	808

Management Information System

01.	Palli Sanchay Bank Ltd.	28.09.2018	ACO	415

Department Science & Engineering

01.	Investment Corporation of Bangladesh	02.03.2019	CM – AP	215

Social Science (DU)

01.	Janata Bank Ltd.	04.08.2017	AEO	432
02.	Janata Bank Ltd.	24.03.2017	EO (Morning)	446
03.	Bangladesh Bank	22.04.2016	AD (General)	490

BIBM

01.	Bangladesh Bank	31.07.2015	AD	462
02.	Rajshahi Krishi Unnayan Bank Ltd.	30.10.2015	SO	478

Recent Publications

01. **নিচের কোনটি শুদ্ধ বানান নয়?**

a) গীতাঞ্জলি　　b) অতিথি
c) কৌতূহল　　d) সমীচীণ　　***ans.* D**

Solution: সমীচীণ এর শুদ্ধ বানান হলো সমীচীন।

02. **'গায়ে হলুদ' কোন ধরনের সমাসের উদাহরণ?**

a) কর্মধারয়　　b) তৎপুরুষ
c) বহুব্রীহি　　d) দ্বিগু　　***ans.* C**

Solution: বহুব্রীহি সমাসের ব্যাখ্যার জন্য ব্যবহৃত বাক্যাংশের কোনো অংশ যদি সমস্তপদে লোপ পায়, তবে তাকে মধ্যপদলোপী বহুব্রীহি বলে। যেমনঃ গায়ে হলুদ দেয়া হয় যে অনুষ্ঠানে = গায়েহলুদ। মাথায় পাগড়ি যার = মাথায়পাগড়ি। হাতে খড়ি দেয়া হয় যে অনুষ্ঠানে = হাতেখড়ি। মুখে ভাত (শিশুকে) দেয়া হয় যে অনুষ্ঠানে = মুখেভাত। **নোটঃ** মুনীর চৌধুরী এবং অন্যান্য রচিত বাংলা ভাষার ব্যাকরণ গ্রন্থে 'গায়েহলুদ'কে মধ্যপদলোপী বহুব্রীহি সমাস দেখানো হয়েছে। এটা সঠিক নয়, তবে সঠিক হবে 'অলুক বহুব্রীহি' সমাস।

03. **'ছি! ছি! তুমি এত খারাপ!' এখানে 'ছি! ছি!' কী অর্থে প্রকাশ করেছে?**

a) ভাবের গভীরতা　　b) পৌনঃপুনিকতা
c) তাদের ধারাবাহিকতা　　d) অনুভূতি ভাব　　***ans.* A**

04. **নিচের কোনটি রবীন্দ্রনাথ ঠাকুর রচিত নাটক নয়?**

a) রক্তকরবী　　b) পুনশ্চ
c) ডাকঘর　　d) চিত্রাঙ্গদা　　***ans.* B**

Solution: রবীন্দ্রনাথ ঠাকুর রচিত নাটকগুলো হলোঃ বৈকুণ্ঠের খাতা (১৮৮৭), চিত্রাঙ্গদা (১৮৯২), রাজা (১৯১০), ডাকঘর (১৯১১), অচলায়তন (১৯১২), চিরকুমার সভা (১৯২৬), রক্তকরবী (১৯২৬), তাসের দেশ (১৯৩৩), শারদোৎসব (১৯০৮), প্রায়শ্চিত্ত (১৯০৯), মুক্তধারা (১৯২২) ইত্যাদি। উল্লেখ্য, পুনশ্চ (১৯৩২) হলো রবীন্দ্রনাথ ঠাকুরের একটি কাব্যগ্রন্থ।

Recent Publications

05. **'Dialect' শব্দের বাংলা পরিভাষা কোনটি?**

a) কথ্যোপকথন　　b) উপায়
c) উপভাষা　　d) বিধান　　***ans.* C**

06. **The correct spelling is**

a) Examplary　　b) Exemplary
c) Exemplery　　d) Examplery　　***ans.* B**

Solution: Exemplary – আদর্শস্বরূপ; দৃষ্টান্তমূলক।

07. **The lecture will be held right ____ the tutorial.**

a) at　　b) before
c) over　　d) beyond　　***ans.* B**

Solution: Before something অর্থ কোনো কিছুর আগে।

বাক্যের অর্থঃ টিউটোরিয়ালের ঠিক আগে লেকচার অনুষ্ঠিত হবে।

08. **What is the singular form of the word 'alumni'?**

a) alumnus　　b) alummni
c) aluminum　　d) alumnae　　***ans.* A**

Solution: Alumnus অর্থ স্কুল, কলেজ বা বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন ছাত্র।

Solution: প্রশ্নে বলা হচ্ছে, দুটি সংখ্যা- একটি ক্ষুদ্রতর আর আরেকটি বৃহত্তর। সংখ্যা দুটির পার্থক্য হলো বৃহত্তর সংখ্যার ২০%। ক্ষুদ্রতর সংখ্যাটি ২০ হলে বৃহত্তর সংখ্যাটি কত?

ধরি, বৃহত্তর সংখ্যাটি x

প্রশ্নমতে, $x - 20 = 20\%$ of x

$\Rightarrow x - 20 = \frac{20x}{100}$

$\Rightarrow x - 20 = \frac{x}{5}$

$\Rightarrow 5x - 100 = x$

$\Rightarrow 4x = 100$

$\therefore x = 25$

Clipboard

কোনটি কোন সমাস তা মনে রাখার সহজ উপায়

সমাস	ব্যাসবাক্যে যা থাকবে
দ্বন্দ্ব	এবং, ও, আর
কর্মধারয়	যে, যিনি, যেটি
তৎপুরুষ	বিভক্তি লোপ পেলে
দ্বিগু	সমাহার থাকলে
বহুব্রীহি	যার, যাতে

15. **A mother said to her daughter "I was as old as you are at present at the time of your birth". If the mother's age is 38 years now, the daughters age five years back was-**

a) 19 b) 15

c) 14 d) 33 ***ans.* C**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, মা তার মেয়েকে বলছে "এখন তোমার বয়স যা, তোমার জন্মের সময় আমার বয়স তাই ছিল।" এখানে অতীত এবং বর্তমান একই হয়ে গেছে। কারন ধরুন, এখন মেয়ের বয়স 20 বছর। তাহলে মেয়ে যখন জন্মগ্রহণ করেছে অর্থাৎ 20 বছর আগে মাতার বয়স ছিল 20 বছর। তাহলে বর্তমানে মাতার বয়স হবে 20 + 20 = 40 বছর। তবে কি দাড়াচ্ছে? মাতার বয়স মেয়ের বয়সের দ্বিগুণ। অন্যভাবে মেয়ের বয়স মাতার বয়সের অর্ধেক। এবার আসুন মূল প্রশ্নটি সমাধান করিঃ

দেয়া আছে, মাতার বর্তমান বয়স 38 বছর।

$\therefore$ মেয়ের বর্তমান বয়স = 38 ÷ 2 = 19 বছর।

$\therefore$ 5 বছর আগে মেয়ের বয়স ছিল = 19 – 5 = 14 বছর।

এটি x ধরেও করতে পারেন নিচের মত করে,

ধরি, পুত্রের বর্তমান বয়স = x বছর।

$\therefore$ মাতার বর্তমান বয়স $(x + x) = 2x$ বছর

শর্তমতে, $2x = 38$

$\therefore x = 19$

সুতরাং 5 বছর পূর্বে মেয়ের বয়স ছিল = 19 – 5 = 14 বছর।

Clipboard

এভারেষ্ট জয়ী বাংলাদেশিঃ

মুসা ইব্রাহীম	২৩ মে, ২০১০
এম. এ. মুহিত	২১ মে, ২০১১ এবং ১৯ মে, ২০১২
নিশাত মজুমদার	১৯ মে, ২০১২
ওয়াসফিয়া নাজনীন	২৬ মে, ২০১২

Recent Publications

16. **The price of a pen is 25% more than the price of a book. The price of a pen holder is 50% more than the price of the book. How much is the price of the pen holder more than the price of the pen?**

a) 20% b) 25%

c) 35% d) 15% ***ans.* A**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, বইয়ের চেয়ে কলমের মূল্য 25% বেশি। আবার, বইয়ের চেয়ে কলমদানির মূল্য 50% বেশি হলে কলমের চেয়ে কলমদানির মূল্য শতকরা কত বেশি?

ধরি, Book এর দাম = 100 Tk.

Pen এর দাম = 100 + 25 = 125 Tk.

Pen holder এর দাম = 100 + 50 = 150 Tk.

Pen থেকে Pen holder এর দাম বেশি = 150 – 125 = 25 Tk.

Pen থেকে Pen holder শতকরা বেশি = $\frac{25 \times 100}{125} = 20\%$

17. **A sum of Tk. 312 was divided among 100 boys and girls in such a way that each boy gets Tk. 3.6 and each girl Tk. 2.4. The number of girls is:**

a) 35 b) 40

c) 55 d) 50 ***ans.* B**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, 312 টাকা 100 বালক বালিকার মধ্যে এমনভাবে ভাগ করে দিতে হবে যাতে প্রত্যেক বালক 3.60 টাকা করে এবং প্রত্যেক বালিকা 2.40 টাকা করে পায়। তাহলে বালিকার সংখ্যা বের করতে হবে।

24. 'দারোগা' শব্দটি যে ভাষা থেকে আগত-

a) আরবি
b) ফারসি
c) তুর্কি
d) পর্তুগিজ

ans. C

Solution: কিছু তুর্কি শব্দঃ দারোগা, উজবুক, কোর্মা, তুরুক, তোশক, বন্দুক, বাইজি (মূলশব্দ বাজি), বারুদ, বেগম, সওগাত, তোপ, কাবু, তক্‌মা, কাঁচি, খাতুন, খাঁ, বিবি, আলখেল্লা, চাকু, লাশ, ঠাকুর, উর্দি, উর্দু, কুলি, কুর্নিশ, খোকা, বাবুর্চি ইত্যাদি।

25. 'মিনতি' শব্দটি যে শব্দযোগে তৈরি হয়েছে-

a) সংস্কৃত ও আরবি
b) আরবি ও ফারসি
c) সংস্কৃত ও পর্তুগিজ
d) দেশীয় ও পর্তুগীজ

ans. A

26. চন্দ্রবিন্দুর ভুল প্রয়োগ ঘটেছে কোনটিতে?

a) কাঁধ
b) সাঁকো
c) আঁকাবাঁকা
d) সাতাঁর

ans. D

27. Fire/Fine words butter no parsnips এর সমার্থক প্রবচন-

a) বীরভোগ্যা বসুন্ধরা
b) শুধু কথায় চিঁড়ে ভেজে না।
c) চেনা বামুনের পৈতে লাগে না
d) উলু বনে মুক্তা ছড়ানো

ans. B

Solution: Fire/Fine words butter no parsnips = শুধু কথায় চিঁড়ে ভেজে না।
None but the brave deserves the fair = বীরভোগ্যা বসুন্ধরা।
Good wine needs no bush/ A known man needs no recommendation = চেনা বামুনের পৈতে লাগে না।
To cast pearls before swine = উলু বনে মুক্তা ছড়ানো।

28. কোনটি 'অজ' উপসর্গের যথাযথা প্রয়োগ?

a) অজান্তে
b) অজপাড়াগাঁ
c) অজড়
d) অজাচিত

ans. B

Solution: ঝাঁটি বাংলা উপসর্গ 'আ' যোগে গঠিত শব্দগুলোঃ

উপসর্গ	অর্থদ্যোতকতা	উদাহরণ
অজ	নিতান্ত (মন্দ)	অজপাড়াগাঁ, অজমূর্খ, অজপুকুর

29. কোনটি কোকিল শব্দের সমার্থক শব্দ?

a) ধেনু
b) পরভৃত
c) বিহঙ্গ
d) অহি

ans. B

Solution: 'কোকিল' শব্দের সমার্থক শব্দগুলো হলোঃ একপ্রকার কৃষ্ণবর্ণ সুকণ্ঠ পাখি; পিক; পরভৃত।
'বিহঙ্গ' শব্দের সমার্থক অর্থ হলোঃ পক্ষী; পাখি। 'অহি' শব্দের সমার্থক হলোঃ সাপ; সর্প।

Recent Publications

30. বাংলা কাব্যের 'চিত্ররূপময়' কবি

a) রবীন্দ্রনাথ ঠাকুর
b) জীবনানন্দ দাশ
c) শামসুর রাহমান
d) বুদ্ধদেব বসু

ans. B

Solution:

নাম	জীবনানন্দ দাশ	বুদ্ধদেব বসু	রবীন্দ্রনাথ ঠাকুর	শামসুর রাহমান
উপাধি	রূপসী বাংলার কবি	নির্জনতম কবি	বিশ্বকবি, কবিগুরু	নাগরিক কবি, আধুনিক কবি

31. Free Market Economy started in Bangladesh in-

a) 1989
b) 1990
c) 1991
d) 1992

ans. C

Solution: আধুনিক বিশ্বে মুক্তবাজার অর্থনীতি একটি বহুল আলোচিত অর্থনৈতিক কর্মকান্ড। বাংলাদেশে মুক্তবাজার অর্থনীতি চালু হয় ১৯৯১ সালে।

32. 'City of Golden gate' is

a) San Francisco
b) London
c) Paris
d) New York

ans. A

Solution: City of Golden gate বা গোল্ডেন গেট ব্রিজ যা সোনালি দুয়ার হিসেবে খ্যাত যুক্তরাষ্ট্রের সানফ্রান্সিস্কোতে অবস্থিত বিশ্বের অন্যতম আকর্ষণীয় ব্রিজ। এই ব্রিজকে সানফ্রান্সিস্কোতে একতার প্রতীক হিসেবে ধরা হয়।

10. **স্বরসঙ্গতির উদাহরণ কোনটি?**

a) হইবে > হবে
b) রাত্রি > রাইত
c) দেশি > দিশি
d) হস্ত্র > হত্ত্ব

***ans.* C**

Solution: স্বরসঙ্গতির (Vowel Harmony): একটি স্বরধ্বনির প্রভাবে শব্দে অপর স্বরের পরিবর্তন ঘটলে তাকে স্বরসঙ্গতি বা উচ্চতাসাম্য বলে। যেমনঃ দেশি > দিশি, শিকা > শিকে, তুলা > তুলো, মোজা > মুজো, মিথ্যা > মিথ্যে, ফিতা > ফিতে।

11. **What is the meaning of the idiom "in doldrums"?**

a) bright
b) distinct
c) delighted
d) gloomy

***ans.* D**

Solution: In doldrums অর্থ মন মরাভাব বা বিষন্নতা। আর Gloomy অর্থ বিষন্ন। কিন্তু Bright অর্থ আনন্দময়; প্রফুল্ল। Distinct অর্থ পৃথক; স্বতন্ত্র; স্পষ্ট। Delighted অর্থ আনন্দিত বা প্রীত হওয়া।

12. **She exhibited remarkable <u>sangfroid</u> during the crisis. The underlined word means:**

a) Temper
b) Imitation
c) Composure
d) Anger

***ans.* C**

Solution: Sangfroid অর্থ বিপদের সময় মানসিক ধৈর্য বা অবিচলতা। এটাকে Best replace করা যায় Composure (ধৈর্য বা আত্মসংবরণ) দ্বারা। কিন্তু Temper অর্থ মানসিক অবস্থা বা মেজাজ। Imitation অর্থ অনুকরণ। Anger অর্থ রাগ।
বাক্যের অর্থঃ বিপদের সময় সে অসামান্য ধৈর্য প্রদর্শন করেছিল।

13. **Which word does NOT match with other words?**

a) Pharynx
b) Bronchiole
c) Auricle
d) Alveoli

***ans.* C**

Solution: এখানে Auricle হলো বহিঃকর্ণ। কিন্তু Pharynx হলো গলবিল; Bronchiole হলো শ্বাসনালী সংক্রান্ত; Alveoli অর্থ ফুসফুসের বায়ু। এই তিনটি শব্দই শ্বসনতন্ত্রের সাথে সম্পর্কিত।

14. **Although he never learns to read, his exceptional memory and enquiring mind eventually made him a very ____ man.**

a) Dedicated
b) Erudite
c) Pragmatic
d) Benevolent

***ans.* B**

Solution: পড়াশুনা ছাড়াও যে শেখা যায়, জানা যায় কিংবা জ্ঞানীও হওয়া যায়, তার একটি উদাহরণ হলো এই বাক্যটি। প্রথমে বলা হচ্ছে যে, সে পড়ে শিখে না। বরং তার ব্যতিক্রমধর্মী স্মৃতিশক্তি ও অনুসন্ধিৎসু মন তাকে জ্ঞানী বানিয়েছে। এখানে জ্ঞানী হওয়া অর্থে Erudite ই সঠিক শব্দ। আর Dedicated অর্থ মহৎ কাজে নিয়োজিত এমন। Benevolent অর্থ দয়ালু। Pragmatic অর্থ বাস্তববাদী।
বাক্যের অর্থঃ যদিও সে কখনো পড়ে শিখে না, তবে তার ব্যতিক্রমধর্মী স্মৃতিশক্তি ও অনুসন্ধিৎসু তাকে জ্ঞানী হতে সাহায্য করেছে।

Recent Publications

15. **Find the correctly spelt word**

a) Sacrlegeous
b) Sacriligious
c) Sacrilegious
d) Sacreligious

***ans.* C**

Solution: Sacrilegious অর্থ পবিত্র ব্যক্তির অসম্মানকারী; ধর্মদ্রোহিতাপূর্ণ।

16. **'A person habitually silent or talking little' is called:**

a) Taciturn
b) Servile
c) Unequivocal
d) Synoptic

***ans.* A**

Solution: Taciturn অর্থ স্বল্পভাষী লোক। কিন্তু Servile অর্থ ক্রীতদাসসুলভ। Unequivocal অর্থ স্পষ্ট। Synoptic অর্থ সংক্ষিপ্ত।

17. **Synonym of 'Exonerate' is:**

a) Consume
b) Absolve
c) Mitigate
d) Engage

***ans.* B**

Solution: Exonerate অর্থ (অভিযোগ হতে) মুক্তি দেওয়া। Consume অর্থ আহার বা পান করা। Absolve অর্থ বিমুক্ত করা। Mitigate অর্থ উপশমিত করা। Engage অর্থ নিয়োগ করা।

এবং $x - y = 11$ ..... (ii)

এখন, $\{(i) + (ii)\}$ $\Rightarrow 2x = 56 \Rightarrow x = 28$

এবং $\{(i) - (ii)\}$ $\Rightarrow 2y = 34 = y = 17$

$\therefore$ সংখ্যাদ্বয় 28 এবং 17

Shortcut: (i) থেকে সমষ্টি 45 বের করার পর আগের সূত্রটি করলে সংখ্যাদ্বয় $= (\frac{45 + 11}{2}, \frac{45 - 11}{2}) = (28, 17)$

50. If $a^x = b$, $b^y = c$, and $c^z = a$, then the value of xyz is

a) -1 b) 1

c) $\frac{1}{abc}$ d) abc **ans. B**

Solution: এখন, x, y, z তিনটিই কিন্তু Power. তাই আপনাকে $(\text{Something})^{x\,y\,z} = (\text{Something})^{*}$ করতে হবে

অর্থাৎ দুটি Base একই করতে হবে এবং তখন আপনি দুই পাশের Power কে সমান আকারে লিখে x, y, z এর মান বের করতে পারবেন।

আসুন শেষ থেকে শুরু করি: $c^z = a$

$\Rightarrow (b^y)^z = a$ [যেহেতু $c = b^y$]

$\Rightarrow b^{yz} = a$

$\Rightarrow (a^x)^{yz} = a$ [যেহেতু $b = a^x$]

$\Rightarrow a^{xyz} = a^1$

$\therefore xyz = 1$ [উভয়পক্ষ থেকে Base বাদ দিয়ে]

Clipboard

সার্কের আঞ্চলিক কেন্দ্রসমূহ

প্রতিষ্ঠান	সদর দপ্তর	প্রতিষ্ঠা
সার্ক কৃষি কেন্দ্র	ঢাকা, বাংলাদেশ	১৯৮৮
সার্ক যক্ষ্মা ও এইডস কেন্দ্র	কাঠমান্ডু, নেপাল	১৯৯২
সার্ক জ্বালানি কেন্দ্র	ইসলামাবাদ, পাকিস্তান	১ মার্চ ২০০৬
সার্ক দুর্যোগ ব্যবস্থাপনা কেন্দ্র	নয়াদিল্লি, ভারত	অক্টোবর ২০০৬
সার্ক সাংস্কৃতিক কেন্দ্র	কলম্বো, শ্রীলংকা	২৫ মার্চ ২০০৯

Note: এটা আপনি যেকোনো জায়গা থেকে শুরু করতে পারেন:

যেমন মাঝখান থেকে শুরু করলে হবে: $c = b^y = (a^x)^y = a^{xy} = (c^z)^{xy} = c^{xyz}$

$\therefore xyz = 1$

51. The length of the sides of a triangle are in the ratio of 3 to 5 to 6. If the perimeter of the triangle is 70, what is the length of the longest side?

a) 10 b) 15

c) 25 d) 30 **ans. D**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, ত্রিভুজের তিনবাহুর দৈর্ঘ্যের অনুপাত 3 : 5 : 6 একক। ত্রিভুজের পরিসীমা 70 একক হলে বৃহত্তম বাহুর দৈর্ঘ্য কত?

যেহেতু ত্রিভুজের তিনবাহুর দৈর্ঘ্যের অনুপাত 3 : 5 : 6, তাই

ধরি, ত্রিভুজের বাহু তিনটির দৈর্ঘ্য যথাক্রমে $3x$, $5x$ এবং $6x$ একক।

প্রশ্নমতে, $3x + 5x + 6x = 70$ $\Rightarrow 14x = 70$

$\Rightarrow x = \frac{70}{14} = 5$ $\therefore x = 5$

Intelligent Solution:

বড় বাহু $= \frac{70}{3 + 5 + 6} \times 6 = 30$

অতএব, বৃহত্তম বাহুর দৈর্ঘ্য $= 6x = 6 \times 5 = 30$ একক।

52. How many '7' will you pass on the way when you count from 1 to 100?

a) 18 b) 19

c) 20 d) 21 **ans. C**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, 1 থেকে 100 পর্যন্ত কতগুলো 7 পাওয়া যাবে?

1 থেকে 100 পর্যন্ত মোট 7 পাওয়া যাবে

= 7, 17, 27, 37, 47, 57, 67, 70, 71, 72, 73, 74, 75, 76, 77, 78, 79, 87, 97 = মোট 20 টি

53. P sells a product to Q and makes a profit of 25%. Q sells in to R at a loss of 20%. If R buys it for Tk. 140, what price did P pay for it?

a) 211 b) 169

c) 140 d) 139 **ans. C**

Solution: প্রশ্নে বলা হচ্ছে P, Q এর নিকট একটি পণ্য বিক্রয় করে 25% লাভ করলো। Q ঐ পণ্যটি R এর নিকট বিক্রয় করে 20% ক্ষতি করলো। যদি R পণ্যটি 140 টাকা দিয়ে কিনে তবে P এর ক্রয়মূল্য কত ছিলো?

Recent Publi

ধরি, P এর ক্রয়মূল্য x টাকা

∴ P এর বিক্রয়মূল্য = 125% এর $x = \frac{125x}{100} = \frac{5x}{4}$ টাকা

অর্থাৎ Q এর ক্রয়মূল্য $= \frac{5x}{4}$ টাকা

আবার, Q এর বিক্রয়মূল্য = 80% এর $\frac{5x}{4} = \frac{80}{100} \times \frac{5x}{4} = x$ টাকা

অর্থাৎ R এর ক্রয়মূল্য = x টাকা = 140 টাকা

Clipboard

বাংলাদেশে 'কবিদের কবি' বলে পরিচিত নির্মলেন্দু গুণের প্রকাশিত কাব্যগ্রন্থগুলি হলো 'প্রেমাংশুর রক্ত চাই', 'না প্রেমিক না বিপ্লবী', 'দীর্ঘ দিবস দীর্ঘ রজনী', 'ইসক্রা', 'মুঠোফোনের কাব্য' ইত্যাদি।

54. **A garden of 100 meter length and 60 meter width has a walkway of 2 meter width on every side. What is the area of the garden, in square meters, excluding the walkway?**

a) 5,376 b) 5,576

c) 2,556 d) 7,874 ***ans.* A**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, 100 মিটার দীর্ঘ এবং 60 মিটার প্রস্থের একটি বাগানের ভেতরে 2 মিটার চওড়া একটি রাস্তা আছে। ঐ রাস্তা বাদে বাগানের ক্ষেত্রফল কত?

রাস্তা বাদে বাগানের দৈর্ঘ্য = $\{100 - (2 \times 2)\} = 100 - 4 = 96$ মিটার

∴ রাস্তা বাদে বাগানের প্রস্থ = $\{60 - (2 \times 2)\} = 60 - 4 = 56$ মিটার

অতএব, রাস্তা বাদে বাগানের ক্ষেত্রফল = $96 \times 56 = 5,376$ বর্গ মিটার।

55. **Which one is true for the mathematical expression $\frac{2^n + 2^{n-1}}{2^{n+1} - 2^n}$=?**

a) $\frac{3}{2}$ b) $\frac{2}{3}$

c) 1 d) 2^n ***ans.* A**

Solution: $\frac{2^n + 2^{n-1}}{2^{n+1} - 2^n} = \frac{2^n + 2^n \times 2^{-1}}{2^n \times 2^1 - 2^n} = \frac{2^n + 2^n \times \frac{1}{2}}{2^n \times 2^1 - 2^n} = \frac{2^n\left(1 + \frac{1}{2}\right)}{2^n(2 - 1)} = 1 + \frac{1}{2} = \frac{2+1}{2} = \frac{3}{2}$

56. **$2^{30} + 2^{30} + 2^{30} + 2^{30} = ?$**

a) 8^{120} b) 8^{30}

c) 2^{32} d) 2^{30} ***ans.* C**

Solution: $2^{30} + 2^{30} + 2^{30} + 2^{30}$

$= 4 \times 2^{30}$

$= 2^2 \times 2^{30}$ [যেহেতু মোট 2^{30} আছে 4টি]

$= 2^{2+30}$

$= 2^{32}$

Alternate Solution:

$2^{30} + 2^{30} + 2^{30} + 2^{30}$

$= 2^{30}(1 + 1 + 1 + 1)$ [2^{30} কে Common নিয়ে]

$= 2^{30} \times 4$

$= 2^{30} \times 2^2 = 2^{30+2} = 2^{32}$

Recent Publications

57. **40% of 200 is what percent of 160?**

a) 20 b) 80

c) 60 d) 50 ***ans.* D**

Solution: 40% of 200 = $200 \times .40 = 80$

প্রশ্নমতে, x% of 160 = 80

$\Rightarrow \frac{x}{100} \times 160 = 80$

∴ $x = 50\%$

58. **What is the value of 'n' if $(8 - 3)(8 - n) = 40$?**

a) – 3 b) 8

c) 0 d) – 5 ***ans.* C**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, $(8 - 3)(8 - n) = 40$ হলে n =?

দেয়া আছে, $(8-3)(8-n)=40$

$\Rightarrow 5(8-n)=40$

$\Rightarrow 8-n=\frac{40}{5}=8$

$\Rightarrow n=8-8=0$

$\therefore n=0$

Clipboard

একটি কোণ তার পূরক কোণের অর্ধেক হলে কোণটির মান কত?

Solution: ধরি, একটি ছোট কোণ x এবং বড় কোণ y

প্রথম প্রশ্নমতে, $x+y=90^\circ$ ..... (i)

এবং $2x=y$ ..... (ii)

y এর মান (i) নং সমীকরণে বসাই

$x+y=90^\circ$

$\Rightarrow x+2x=90^\circ$

$\Rightarrow 3x=90^\circ$

$\therefore x=\frac{90^\circ}{3}=30^\circ$

59. **If $\frac{1}{y}=3\frac{1}{2}$ then $\frac{1}{y+2}=?$**

a) $\frac{7}{16}$ b) $\frac{2}{7}$

c) $\frac{2}{11}$ d) $\frac{2}{16}$ ***ans.* A**

Solution: দেয়া আছে, $\frac{1}{y}=3\frac{1}{2}=\frac{7}{2}$

$\Rightarrow \frac{1}{y}=\frac{7}{2}$

$\therefore y=\frac{2}{7}$

অতএব, $\frac{1}{y+2}=\frac{1}{\frac{2}{7}+2}=\frac{1}{\frac{2+14}{7}}=\frac{1}{\frac{16}{7}}=\frac{7}{16}$

60. **Mr. X lost a wallet containing Tk. 120. Incidentally, he had only notes of Tk. 2, Tk. 3 and Tk. 5 denominations in the wallet. If the total number of notes was 30, how many Tk. 5 denomination notes did he has?**

a) 15 b) 16

c) 18 d) 20 ***ans.* Note**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, জনাব X এর নিকট 120 টাকা ছিল যেখানে 2 টাকা, 3 টাকা এবং 5 টাকার নোট ছিল। মোট নোটের সংখ্যা 30 হলে 5 টাকা নোট ছিল কয়টি?

এটি IQ টাইপের অঙ্ক। প্রথমে অপশন ধরে করলে দ্রুত সমাধানে পৌঁছে যাবেন।

15টি 5 টাকার নোট থাকলে মোট টাকার পরিমাণ হবে $= 15 \times 5 = 75$ টাকা

ফলে বাকি 15টি 2 এবং 3 টাকার নোট দিয়ে 45 টাকা বানানো যায় না। তাই এটিও বাদ।

আবার, 16টি 5 টাকার নোট থাকলে মোট টাকার পরিমাণ হবে $= 16 \times 5 = 80$ টাকা।

ফলে বাকি 14টি 2 এবং 3 টাকার নোট $= 2 \times 2 = 4$ এবং $12 \times 3 = 36$ দিয়ে $4 + 36 = 40$ হয়।

তাই $40 + 80 = 120$ হয়।

অর্থাৎ 16টি উত্তর হতে পারে।

আবার, 18টি 5 টাকার নোট থাকলে $= 5 \times 18 = 90$ টাকা

বাকি 30 টাকা 2 এবং 3 টাকার নোটের মধ্যে $= 2 \times 6 = 12$

এবং $3 \times 6 = 18$ এভাবে ভাগ করে দেয়া যায়। কাজেই এটিও উত্তর হতে পারে।

আবার, 5 টাকার নোট 20টি হলে মোট হয় $5 \times 20 = 100$ টাকা।

ফলে বাকি 20 টাকা 2 এবং 3 টাকার 10টি নোটের মধ্যে ভাগ করে দেয়া যায় না। তাই এটি উত্তর হবে না।

তাই সঠিক উত্তর হতে পারে 16 এবং 18 টি।

Recent Publications

61. **The world leaders are not indifferent ____ the spreading of Corona virus across the world. Fill in the blank with an appropriate preposition**

a) of b) to

c) with d) for ***ans.* B**

Solution: Indifferent এরপর 'to বসে। এর অর্থ উদাসীন।

বাক্যের অর্থঃ বিশ্ব নেতারা বিশ্বজুড়ে করোনা ভাইরাস বিস্তারের বিষয়টি নিয়ে উদাসীন নয়।

70. Epigram is a short poem that does not exceed more than

a) six lines b) eight lines
c) twelve lines d) fourteen lines **ans. A**

Solution: Epigram হলো চাতুর্যপূর্ণ ও কৌতুকপূর্ণ উপায়ে ধারণা ব্যক্তকারী উক্তি যা মূলত খুবই সংক্ষিপ্ত আকারে প্রকাশিত হয়। এটি সাধারণত 6 লাইনের বেশি হয় না।

71. Who is the author of 'Pride and Prejudice'?

a) Jane Austen b) Bernard Shaw
c) John Milton d) George Orwell **ans. A**

Solution: Jane Austen হলেন Romantic যুগের অন্যতম একজন মহিলা উপন্যাসিক। তিনি ছিলেন Romantic Age এর একজন Anti-romantic উপন্যাসিক। তাঁর বিখ্যাত উপন্যাসগুলো হলোঃ Pride and Prejudice, Sense and Sensibility, Emma ইত্যাদি।

72. Who wrote 'Ode to Psyche'?

a) Lord Byron b) William Wordsworth
c) Shakespeare d) John Keats **ans. D**

Solution: John Keats এর বিখ্যাত কাব্যগ্রন্থ 'Ode to Psyche' তে তিনি সাইকির সৌন্দর্যের ধ্যান করেছেন, কিন্তু সেই সৌন্দর্যের মধ্যে একটা বিষাদের ছাপ আছে। সাইকি হল বিষণ্ন প্রেমের প্রতিমূর্তি। John Keats এর অন্যান্য বিখ্যাত সাহিত্যকর্ম গুলোঃ 'Ode to Nightingale', 'Ode on a Grecian Urn', 'Ode on Melancholy', 'Endymion', 'The Eve of St. Agnes', 'Hyperion', 'Lamia', 'Ode to Autumn', 'Isabella' ইত্যাদি।

73. The show this weekend promises to attract ____ than the last one.

a) an even greater amount of people b) an ever larger amount of people
c) an even greater number of people d) a number of people even larger **ans. C**

Solution: People হলো Countable noun. তাই এর পূর্বে Amount না বসে Number বসবে। অর্থাৎ Greater amount of people বা Larger amount of people না হয়ে Greater number of people বসবে। তাই সঠিক উত্তর *c*).

বাক্যের অর্থঃ গত সপ্তাহের প্রদর্শনীটি যত লোক আকর্ষণ করেছিল, এই প্রদর্শনীটি তার চেয়ে বেশী লোক আকর্ষণ করবে বলে আশা করা হচ্ছে।

74. Man is still a ____ in the labour market.

a) glut b) possibility
c) commodity d) provision **ans. C**

Solution: বাক্যটিতে 'still' দ্বারা আগেও ছিল এখনও আছে এমন কিছুকে বোঝাচ্ছে। আর শ্রমবাজারে আগের মত এখনও মানুষকে Commodity বা পণ্য হিসেবে দেখা হয়। কিন্তু অনেক দেশেই শ্রমবাজারে মানুষের এখনও স্বল্পতা আছে তাই Glut বা প্রচুর হবে না। Possibility অর্থ সম্ভাব্যতা। Provision অর্থ বিধান; ব্যবস্থা।

Recent Publications

বাক্যের অর্থঃ শ্রম বাজারে এখনও পুরুষের আধিক্য বিদ্যমান।

75. ____ is it difficult ____ dispose ____ waste?

a) where, to, for b) why, with, in
c) why, to, of d) when, for, such **ans. C**

Solution: Dispose এরপর কোন Preposition বসে তা জানলেই এই প্রশ্নের উত্তর করতে পারবেন। Dispose এরপরে of হয়, আর Dispose of মানে শেষ করা; পরিত্যাগ করা; দূর করা। দেখুন শেষের শূন্যস্থানে শুধুমাত্র অপশন *c*) তেই of আছে। তাই উত্তর *c*).

বাক্যের অর্থঃ বর্জ্য নিষ্কাশন করা কেন এতো কঠিন?

76. Choose the correct sentence

a) There is an affinity among two languages b) I still adhere with my plan
c) The meeting was adjourned for a week d) He is alarmed for any safety **ans. C**

Solution: Among ব্যবহার করতে হয় দুইয়ের অধিক বিষয়ের ক্ষেত্রে। এক্ষেত্রে Between হবে। অপশন *a*) বাদ। Adhere to (লেগে থাকা) হয় কিন্তু With হয় না। তাই অপশন *b*) বাদ। *c*) তে Adjourned for এর ব্যবহার ঠিক আছে। তাই উত্তর হবে অপশন *c*). Alarm at হয়। তাই অপশন *d*) বাদ।

বাক্যের অর্থঃ মিটিং এক সপ্তাহের জন্য মুলতবি করা হয়েছিল।

77. The miscreants must be found and tried as this has gone beyond the usual ____ that can happen in school.

a) Sabotage b) Wreckage

c) Vandalism d) Shenanigans **ans. D**

Solution: Try শব্দের একটি অর্থ হলো আদালতে বিচার করা। যেমনঃ Rana was was tried for homicide. Sabotage অর্থ নাশকতা। Wreckage অর্থ ধ্বংস। Vandalism অর্থ লুটপাট। কিন্তু, Shenanigans অর্থ দুষ্টুমিভরা।

প্রথমে বলা হয়েছে Culprit বা অপরাধীদের খুঁজে বের করে বিচারের আওতায় আনতে হবে, এরপর as দিয়ে কারণ হিসেবে বলা হয়েছে, স্কুলে যে Usual ____ হয় তা এর বাইরে। এখন, আপনি নিশ্চয়ই পাবলিক Place যেমন শিক্ষা প্রতিষ্ঠানের লাইব্রেরী, স্কুলে আমরা সবাই অনেক দুষ্টুমি বা হালকা অপরাধ করি। যেমনঃ Wash room এ অনেক ..... কথাবার্তা লিখা।

এ ধরনের অপরাধের কথাই শূন্যস্থানে হবে যা অপশন *d*) এর Shenanigans এ আছে। অপশন *a*), অপশন *b*), অপশন *c*) এই তিনটি দ্বারাই ভারী অপরাধের কথা বলা হয়েছে যা ধ্বংসাত্মক এবং মারাত্মক। তাই এই তিনটি বাদ।

বাক্যের অর্থঃ নাশকতাকারীদের অবশ্যই খুঁজে বের করতে হবে এবং শাস্তি দিতে হবে কারণ স্কুলে সাধারণত যে ধরনের দুষ্টুমি/ হালকা অপরাধ হয় এটা তার থেকে অনেক বড় কিছু।

78. Translate into English: সে কি এ খবরটা পেয়ে থাকবে?

a) Would this news get by him? b) Will he have got this news?

c) Would this news got by him? d) Will he got this news? **ans. B**

Solution: Future Perfect Tense এর গঠন হলোঃ Subject + shall have/ will have + মূল Verb এর Past Participle রূপ + বাকি অংশ। এখানে Interrogative বাক্যে শুধু Shall have বা Will have পূর্বে আনলেই বাক্যটি সঠিক হয়।

79. If the bus to the airport hadn't been so late, we ____ the plane.

a) had caught b) would catch

c) would have caught d) can catch **ans. C**

Solution: এটি একটি তৃতীয় Conditional বাক্যের উদাহরণ। কারণ এই Conditional বাক্যের শুরুতে had রয়েছে। আর আমরা জানি, তৃতীয় Conditional গঠন হলোঃ If + subject + had + Verb এর Past Participle, Sub + would/could/might + have + Verb এর Past Participle + ...

Recent Publications

অথবা, Subject + would/could/might + have + Verb এর Past Participle + ... + If + subject + had + Verb এর Past Participle + ...

বাক্যের অর্থঃ বিমান বন্দরে বাসটি খুব বেশি দেরি না করলে আমরা বিমানটি ধরতে পারতাম।

80. The comparative degree of the word 'Prettiest' is

a) Prettyer b) Pretier

c) Prettier d) Pretty **ans. C**

Solution: Pretty অর্থ সুন্দর; সুশ্রী। এর Comparative রূপ হলো Prettier এবং Superlative রূপ হলো Prettiest.

Clipboard

১৯৪৬ সালের ১৩ ফেব্রুয়ারিতে 'জাতিসংঘ রেডিও' যাত্রা শুরু করে। বর্তমানে এই রেডিওটি ইংরেজি, স্প্যানিশ, রুশ, আরবি, ফ্রেঞ্চ, পর্তুগিজসহ বিভিন্ন ভাষায় তদের অনুষ্ঠাণ প্রচার করে আসছে।

Joint Recruitment for 3 Banks

Recruitment Test for Assistant Engineer (IT) – 2020

Total Marks: 100; Time: 60 Minutes; Examination Held On: 31.10.2020

01. **কোনটি 'মেঘ' শব্দের সমার্থক শব্দ নয়?**

a) বলাহক　　b) পর্জন্য

c) অম্বুদ　　d) তড়াক　　***ans.* D**

Solution: 'মেঘ' শব্দের কিছু সমার্থক শব্দ হলোঃ বলাহক, পর্জন্য, অম্বুদ, ঘন, নীরদ, জীমূত, জলদ, জলধর, বারিদ, অভ্র, পয়োধর, তোয়দ, পয়োদ, তোয়ধর ইত্যাদি।

02. **আল মাহমুদের 'সোনালি কাবিন' একটি**

a) নাটক　　b) কাব্যগ্রন্থ

c) উপন্যাস　　d) কোনোটিই নয়　　***ans.* B**

Solution: আল মাহমুদের কবি-প্রতিষ্ঠা নিশ্চিত করেছিল 'সোনালি কাবিন' (১৯৭৩) কাব্যগ্রন্থ। এই গ্রন্থে বিভিন্ন শিরোনামের কবিতার সঙ্গে 'সোনালি কাবিন' নামে চৌদ্দটি সনেটের সমন্বয়ে একটি দীর্ঘ কবিতাও অন্তর্ভুক্ত রয়েছে। এটিকে একটি ক্ষুদ্র কাব্যগ্রন্থও বলা যেতে পারে। বলা যেতে পারে বীজ কাব্যগ্রন্থ। কবি আল মাহমুদের আরো কিছু বিখ্যাত গ্রন্থগুলো হলোঃ লোক লোকান্তর (১৯৬৩), কালের কলস (১৯৬৬), অদৃষ্টবাদীদের রান্নাবান্না (১৯৮০), বখতিয়ারের ঘোড়া (১৯৮৪), দোয়েল ও দয়িতা (১৯৯৭), পাখির কাছে ফুলের কাছে, প্রেমের কবিতা, দ্বিতীয় ভাঙ্গন (২০০২)।

03. **বাংলা ভাষায় কতগুলো অর্ধ-স্বরধ্বনি রয়েছে?**

a) ১টি　　b) ২টি

c) ৩টি　　d) ৪টি　　***ans.* D**

Solution: বাংলা ভাষায় চারটি অর্ধ-স্বরধ্বনি (Semi-vowel) রয়েছে। যেমনঃ বই, ঢেউ, যায় এবং যাও-এর ই̯, উ̯, এ̯ (য়) এবং ও̯। উচ্চারণ প্রক্রিয়ার দিক থেকে অর্ধ-স্বরধ্বনি পূর্ণস্বরের মতো স্পষ্ট উচ্চারিত নয়, যেন অসম্পূর্ণ স্বরের মতো। যেমনঃ 'বই' শব্দের 'ই', 'ঢেউ' শব্দের 'উ', 'যায়' শব্দের 'য়', 'যাও' শব্দের 'ও'। এই উদাহরণগুলোতে বই-এর ব-এর অ পূর্ণ উচ্চারিত কিন্তু 'ই' পূর্ণ উচ্চারিত নয়।

04. **বাংলা একাক্ষর শব্দে ও-কারের উচ্চারণ কেমন হয়?**

a) হ্রস্ব　　b) দীর্ঘ

c) সংবৃত　　d) বিবৃত　　***ans.* B**

Solution: উচ্চারণের কাল-পরিমাণ অনুযায়ী স্বরধ্বনিকে দুইভাগে ভাগ করা যায়। এই দুটি হলো:

হ্রস্ব স্বর (৪টি)ঃ অ, ই, উ, ঋ। দীর্ঘস্বর (৭টি)ঃ আ, ঈ, ঊ, এ, ঐ, ও, ঔ উল্লেখ্য,

সংবৃতঃ যে স্বরধ্বনি উচ্চারণকালে মুখবিবর সংকুচিত হয় তাকে সংবৃত স্বরধ্বনি বলে। সংবৃত স্বরধ্বনি ২টি (ই, উ)।

বিবৃতঃ যে স্বরধ্বনি উচ্চারণকালে মুখবিবর বিস্তৃত বা প্রসারিত হয় তাকে বিবৃত স্বরধ্বনি বলে। বিবৃত স্বরধ্বনি ২টি (অ, আ)।

Recent Publications

05. **নিচের কোনটি সমার্থক নয়?**

a) আটকপালে - ইদুরকপালে　　b) অকালকুষ্মাণ্ড - আমড়াকাঠের ঢেঁকি

c) ঢাকেরকাঠি - খয়ের খাঁ　　d) গোঁফ খেজুরে - কাছাঢিলা　　***ans.* D**

Solution:

আটকপালে অর্থ হতভাগ্য	ইদুরকপালে অর্থ মন্দভাগ্য	অকালকুষ্মাণ্ড অর্থ অপদার্থ	আমড়াকাঠের ঢেঁকি অর্থ অপদার্থ
ঢাকেরকাঠি অর্থ তোষামুদে	খয়ের খাঁ অর্থ তোষামদকারী	গোঁফ খেজুরে অর্থ নিতান্ত অলস	কাছাঢিলা অর্থ অসাধারণ

06. **'তোমাকে হাঁটতে হবে' কোন বাচ্যের উদাহরণ?**

a) কর্তৃবাচ্য　　b) ভাববাচ্য

c) কর্মকর্তৃবাচ্য　　d) কর্মবাচ্য　　***ans.* B**

Solution: যে বাচ্যে কর্ম থাকে না এবং বাক্যে ক্রিয়ার অর্থই বিশেষভাবে ব্যক্ত হয় তাকে ভাববাচ্য বলে। ভাববাচ্যের বাক্যকে কর্তৃবাচ্যে রূপান্তরিত করতে হলেঃ কর্তায় প্রথমা বিভক্তি প্রযুক্ত হয় এবং ক্রিয়া কর্তার অনুসারী হয়। যেমনঃ

ভাববাচ্য	তোমাকে হাঁটতে হবে	এবার একটি গান করা হোক	তার যেন আসা হয়
কর্তৃবাচ্য	তুমি হাঁটবে	এবার (তুমি) একটি গান কর	সে যেন আসে

07. **কোনটি মুক্তিযুদ্ধভিত্তিক উপন্যাস নয়?**

a) জীবন আমার বোন　　b) বৃষ্টি ও বিদ্রোহীগণ

c) খাঁচায়　　d) আর্তনাদ　　***ans.* D**

Solution: 'আর্তনাদ' (১৯৮৫) ভাষা আন্দোলনভিত্তিক উপন্যাসটি লিখেছেন শওকত ওসমান।

'জীবন আমার বোন' উপন্যাসটি লিখেছেন কথাসাহিত্যিক মাহমুদুল হক।

'বৃষ্টি ও বিদ্রোহীগণ' (১৯৮৯) উপন্যাসটি লিখেছেন সৈয়দ শামসুল হক।

'খাঁচায়' মুক্তিযুদ্ধভিত্তিক উপন্যাসটি লিখেছেন রশীদ হায়দার।

08. **নীচের কোনটি অপাদান সম্বন্ধ কারক?**

a) দেশের লোক　　b) বাঘের ভয়

c) দুঃখের দহন　　d) রোগের কষ্ট　　***ans.* B**

Solution: যা থেকে কিছু বিচ্যুত, গৃহীত, জাত, বিরত, আরম্ভ, ভীত, দূরীভূত ও রক্ষিত হয় তাকে অপাদান কারক বলে।

অধিকরণ সম্বন্ধ কারক	অপাদান সম্বন্ধ কারক	অভেদ সম্বন্ধ কারক	কার্যকরণ সম্বন্ধ কারক
দেশের লোক	**বাঘের** ভয়	**দুঃখের** দহন, **জ্ঞানের** আলোক	**রোগের** কষ্ট, **সূর্যের** উত্তাপ

09. **নীচের কোন বানানটি শুদ্ধ?**

a) আশীষ　　b) আশিস

c) আসিশ　　d) আষিশ　　***ans.* B**

Solution: শুদ্ধ বানান হলো 'আশিস' যার অর্থ হলোঃ আশীর্বাদ; শুভেচ্ছা; দোয়া।

10. **'ত্বরা' শব্দের বিপরীত শব্দ হলো**

a) ধীর　　b) আশু

c) দ্রুত　　d) হ্রস্ব　　***ans.* A**

Solution: 'ত্বরা' শব্দের প্রতিশব্দ হলোঃ দ্রুততা; শীঘ্রতা; ব্যস্ততা; ব্যগ্রতা; তাড়া; তাগাদা।

11. **We gave ____ a meal.**

a) for the visitor　　b) to the visitor

c) the visitor　　d) at the visitor　　***ans.* C**

Solution: **বাক্যের অর্থঃ** দর্শনার্থীকে আমরা খাবার দিয়েছিলাম।

12. **Rahim ____ ill for three weeks. He is still in hospital.**

a) has been　　b) is being

c) was　　d) had been　　***ans.* A**

Recent Publications

Solution: কোন কাজ পূর্বে শুরু হয়ে এখনো চলতে থাকলে সেটি Present Perfect Continuous Tense হয়। এক্ষেত্রে বাক্যের গঠন হলোঃ Subject + has been/ have been + ing যুক্ত মূল verb + অবশিষ্ট।

বাক্যের অর্থঃ রহিম তিন সপ্তাহ ধরে অসুস্থ। সে এখনো হাসপাতালে আছে।

13. **You haven't eaten your curd. ____ it?**

a) don't want you　　b) don't you want

c) are you not want　　d) do you not want　　***ans.* B**

Solution: Interrogative negative বাক্যের গঠন হলোঃ Don't/ Doesn't/ Didn't + subject + মূল verb + বাকি অংশ +?

বাক্যের অর্থঃ তুমি তোমার দই খাওনি। তুমি কি এটা খেতে চাও না?

14. **Everyone in the group shook hands with ____.**

a) one other　　b) them selves

c) each one other　　d) each other　　***ans.* D**

Solution: দুইজনের মধ্যে বুঝাতে Each other বসে। কিন্তু দুইজনের অধিক বুঝালে One another বসে। যেকোন Hand shake যেহেতু দুইজনের মধ্যেই সংঘটিত হয়, তাই এখানে Each other বসবে।

বাক্যের অর্থঃ এই দলের প্রত্যেকেই একে অপরের হাতে হাত মেলালো।

21. Which Indian state was known as Mysore in the past?

a) Mydhya Pradesh b) Karnataka
c) Maharashtra d) Kerala **ans. B**

22. When is the world population day observed?

a) December 10 b) October 4
c) July 11 d) May 31 **ans. C**

Solution:

দিবস	বিশ্ব মানবাধিকার দিবস	বিশ্ব প্রাণী দিবস	বিশ্ব জনসংখ্যা দিবস	বিশ্ব তামাক মুক্ত দিবস
তারিখ	১০ ডিসেম্বর	৪ অক্টোবর	১১ জুলাই	৩১ মে

23. The Euro-Zone crisis is mainly caused by

a) Fiscal restraint b) Sub-prime landing
c) Exchange rate volatility d) Sovereign debt **ans. D**

24. A clock seen through the mirror reads a quarter to nine. What is the actual time?

a) 1:15 b) 8:45
c) 3:15 d) 11:15 **ans. B**

25. SDR is the currency unit of

a) ADB b) IBRD
c) IDA d) IMF **ans. D**

Solution: Special Drawing Right (SDR) হলো আন্তর্জাতিকভাবে সঞ্চয় করা সম্পদ যা IMF প্রতিষ্ঠা করেছে ১৯৬৯ সালে। IMF এর অন্তর্ভুক্ত সদস্য দেশ SDR এর মাধ্যমে সহজে মুদ্রা বিনিময় করতে পারে।

26. Which of the following is not a direct tax?

a) Value Added Tax b) Travel Tax
c) Wealth Tax d) Income Tax **ans. A**

Solution: প্রত্যক্ষ কর হলো দেশের নাগরিকের আয় ও সম্পদের ওপর নির্দিষ্ট হারে আদায়কৃত সরকারি রাজস্ব। আর পরোক্ষ কর বা মূল্য সংযোজন কর যা পণ্য ও সেবা উৎপাদন ও বিক্রয়, আমদানী ও রপ্তানী এবং অভ্যন্তরীণ ব্যবসা-বাণিজ্যের ওপর আরোপ করা হয়।

27. 'NNP' stands for

a) Net National Profit b) Net Nominal Product
c) Net Nominal Price d) Net National Product **ans. D**

Solution: একটি নির্দিষ্ট সময়ে সাধারণত এক অর্থবছরে একটি দেশে মোট যে পরিমাণ চূড়ান্ত দ্রব্য ও সেবা উৎপাদিত হয় তার বাজার মূল্য এবং বিদেশ থেকে নীট আর্থিক অর্জনের সমষ্টিকে জাতীয় আয় বলে।

Recent Publications

28. 'SWIFT' term is used in

a) Banking b) Share Market
c) Capital Market d) Money Market **ans. A**

Solution: Society for Worldwide Inter bank Financial Telecommunication (SWIFT) হলো ব্যাংকের গুরুত্বপূর্ণ লেনদেন করার একটি মাধ্যম। এ পদ্ধতিকে নিরাপদ ট্রানজেকশন হিসেবে ধরা হয়।

29. Karakas is the capital city of

a) Honduras b) Lithunia
c) Venezuela d) Panama **ans. C**

Solution:

দেশ	ভেনেজুয়েলা	হন্ডুরাস	লিথুয়ানিয়া	পানামা
রাজধানী	কারাকাস	তেগুচিগালপা	ভিলনিয়াস	পানামা সিটি

30. Blue chip is

a) an extremely risky equity share b) used in mobile phones
c) used in colour televisions d) a first class equity share **ans. D**

Solution: মুনাফা লাভের সম্ভাবনা আছে এমন নিরাপদ বিনিয়োগকে Blue Chip বলা হয়।

31. If x is a whole number greater than 1, then $x^2(x^2 - 1)$ is always divisible by?

a) 8 b) 10
c) 12 d) 16 **ans. C**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, x একটি পূর্ণ সংখ্যা যা 1 এর চেয়ে বড়। তাহলে $x^2(x^2-1)$ সর্বদা নিচের কোনটি দ্বারা বিভাজ্য হবে?

1 এর চেয়ে বড় সংখ্যা 2 বলে $x = 2$ ধরি।

প্রদত্তরাশিমালা $= x^2(x^2-1) = 2^2(2^2-1) = 4(4-1) = 4 \times 3 = 12$

অর্থাৎ $x^2(x^2-1)$ রাশিটি সর্বদা 12 দ্বারা বিভাজ্য হবে।

Clipboard

কতগুলো সন্ধি নিপাতনে সিদ্ধ হয়

আ + চর্য = আশ্চর্য; গো + পদ = গোষ্পদ
বন্ + পতি = বনস্পতি; পর্ + পর = পরস্পর
মনস্ + ইষা = মনীষা।

32. $\frac{a}{b+c} = \frac{b}{c+a} = \frac{c}{a+b} = k$, **then the value of** k **is**

a) $\frac{1}{2}$ b) $\pm\frac{1}{2}$

c) 1 d) -1 ***ans.* A**

Solution: দেয়া আছে, $\frac{a}{b+c} = \frac{b}{c+a} = \frac{c}{a+b} = k$

এখন, $\frac{a}{b+c} = k$, $\frac{b}{c+a} = k$ এবং $\frac{c}{a+b} = k$ হবে।

তাহলে, $a = k(b+c)$ ..... (i)

$b = k(c+a)$ ..... (ii)

$c = k(a+b)$ ..... (iii)

এখন (i), (ii) এবং (iii) নং সমীকরণ যোগ করি

$a + b + c = k(b+c) + k(c+a) + k(a+b) = k(b+c+c+a+a+b)$

$\Rightarrow a + b + c = k(2a + 2b + 2c)$

$\Rightarrow a + b + c = 2k(a+b+c)$

$\Rightarrow 2k = \frac{a+b+c}{a+b+c} = 1$

$\therefore k = \frac{1}{2}$

33. **80% of a number is equal to the** $\frac{4}{5}$ **th of the other number. What is the ratio between the first number and the second number respectively?**

a) 1 : 1 b) 3 : 4

c) 3 : 5 d) 5 : 3 ***ans.* A**

Recent Publications

Solution: প্রশ্নে বলা হচ্ছে, একটি সংখ্যার 80% অপর সংখ্যার $\frac{4}{5}$ অংশের সমান। ১ম এবং ২য় সংখ্যার অনুপাত কত?

ধরি, একটি সংখ্যা x এবং অপর সংখ্যা y.

প্রশ্নমতে, 80% of $x = \frac{4}{5}$ of y

$\Rightarrow \frac{80x}{100} = \frac{4y}{5}$

$\Rightarrow \frac{4x}{5} = \frac{4y}{5}$

$\Rightarrow x = y$ [উভয়পক্ষকে $\frac{5}{4}$ দ্বারা গুণ করে]

$\Rightarrow \frac{x}{y} = 1 = \frac{1}{1}$

$\therefore x : y = 1 : 1$

Clipboard

বাংলা একাডেমী থেকে প্রকাশিত

বাংলাদেশের আঞ্চলিক ভাষার অভিধান	ড. মুহম্মদ শহীদুল্লাহ
বাংলা একাডেমী সংক্ষিপ্ত বাংলা অভিধান	আহমদ শরীফ
বাংলা একাডেমী ইংরেজী বাংলা অভিধান	জিল্লুর রহমান সিদ্দিকী
প্রমিত বাংলা বানান অভিধান	জামিল চৌধুরী
সমকালীন বাংলা ভাষার অভিধান	আবু ইসহাক
ঐতিহ্যসিক অভিধান	মনজুরুর রহমান

34. **If** x **is the length of a median of an equilateral triangle, then the area is**

a) $\sqrt{x^2+2}$ b) $x-2$

c) $\frac{x^2\sqrt{3}}{3}$ d) $\frac{1}{2}x$ ***ans.* C**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, একটি সমবাহু ত্রিভুজের মধ্যমা x হলে ত্রিভুজটির ক্ষেত্রফল কত?

সমবাহু ত্রিভুজ হলো সেই ত্রিভুজ যার তিন বাহু-ই সমান।

ঐ ত্রিভুজের একবাহুর দৈর্ঘ্য a একক হলে মধ্যমা হবে



$x = \frac{\sqrt{3}}{2}a.$

$\therefore \quad a = \frac{2x}{\sqrt{3}}$

এখন আমরা জানি, সমবাহু ত্রিভুজের ক্ষেত্রফল $= \frac{\sqrt{3}}{4}(a)^2 = \frac{\sqrt{3}}{4}\left(\frac{2x}{\sqrt{3}}\right)^2 = \frac{\sqrt{3}}{4} \times \frac{4x^2}{3} = \frac{x^2\sqrt{3}}{3}$ বর্গ একক।

35. **Which one of the following is the minimum value of the sum of two integers whose product is 36?**

a) 37 b) 20

c) 15 d) 12 ***ans.*** **D**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, দুটি সংখ্যার গুণফল 36 হলে সংখ্যা দুটির যোগফল Minimum কত হবে?

$36 = 1 \times 36$

$36 = 2 \times 18$

$36 = 3 \times 12$

$36 = 4 \times 9$

$36 = 18 \times 2$

$36 = 6 \times 6$

অতএব দেখা যাচ্ছে শেষের $= 6 + 6 = 12$

Clipboard

রক্ত	শোণিত, লহু (মুসলমানি)
লাল	শোণ, রক্ত, লোহিত
সাদা	ধবল, শুক্ল, শুভ্র, শ্বেত, সিত, গৌর, অটি, বিশদ,
কালো	শ্যাম, শ্যামল, অসিত

36. **If $0 < x \leq 1$, then which one of the following is the maximum value of $(x-1)^2 + x$?**

a) -1 b) -2

c) 0 d) 1 ***ans.*** **D**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, $0 < x \leq 1$ হলে $(x-1)^2 + x$ এর সর্বোচ্চ মান কত হবে?

$0 < x \leq 1$ হলে বুঝা যায় x এর মান 0 অপেক্ষা বড় কিন্তু 1 এর চেয়ে ছোট বা সমান।

এখন $(x-1)^2 + x$ এর সর্বোচ্চ মান বের করার জন্য $x = 1$ ধরতে হবে।

তাহলে $(x-1)^2 + x = (1-1)^2 + 1 = 0^2 + 1 = 0 + 1 = 1$

Recent Publications

37. **A product is sold at a profit of 20%. If the cost price is increased by 10% and sale price by Tk. 26, then the percentage of profit reduce by 5%, cost price is**

a) 200 b) 250

c) 320 d) 400 ***ans.*** **D**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, একটি পণ্য 20% লাভে বিক্রয় করা হয়। ক্রয়মূল্য 10% বেড়ে গেলে এবং বিক্রয়মূল্য 26 টাকা বাড়লে মুনাফা 5% কমে যায়। পণ্যটির ক্রয়মূল্য কত?

ধরি, পণ্যটির ক্রয়মূল্য x টাকা

20% লাভে বিক্রয়মূল্য $= 120\%$ of $x = \frac{120x}{100} = \frac{6x}{5}$ টাকা

10% খরচ বৃদ্ধিতে নতুন ক্রয়মূল্য $= 110\%$ of $x = \frac{110x}{100} = \frac{11x}{10}$ টাকা

অতএব, নতুন বিক্রয়মূল্য $= \left(\frac{6x}{5} + 26\right)$ টাকা

সেক্ষেত্রে নতুন লাভ হবে $= \left(\frac{6x}{5} + 26\right) - \frac{11x}{10} = \frac{6x}{5} - \frac{11x}{10} + 26 = \frac{12x - 11x}{10} + 26 = \left(\frac{x}{10} + 26\right)$ টাকা

প্রশ্নমতে, $\left(\frac{x}{10}+26\right)\times\frac{10}{11x}\times 100 = 15$ [লাভ 20% থেকে কমে 15% হয়েছে কারণ প্রশ্নে বলা হয়েছে লাভ 5% কমে যায়]

$\Rightarrow \left(\frac{x+260}{10}\right)\times\frac{1000}{11x} = 15$

$\Rightarrow (x+260)\times\frac{100}{11x} = 15$

$\Rightarrow 100x + 26{,}000 = 165x$

$\Rightarrow 65x = 26{,}000$

$\therefore x = \frac{26000}{65} = 400$

Clipboard
- ❖ GATT – General Agreement on Tariffs and Trade.
- ❖ GEC – General Electric .
- ❖ GDP – Gross Domensic Product.
- ❖ GMT – Greenwitch Mean Time.

38. **If $(x + 3)$ is a factor of $3x^2 + ax + 6$, then what is the value of a?**

a) 3 b) 8

c) 11 d) 18 **ans. C**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, $(x + 3)$ যদি $(3x^2 + ax + 6)$ এর একটি উৎপাদক হয় তবে a =?

$(x + 3)$ রাশিটি $(3x^2 + ax + 6)$ এর একটি উৎপাদক হলে $x + 3 = 0$ হবে।

$\therefore x = -3$

অর্থাৎ $x = -3$ হলে $(3x^2 + ax + 6)$ রাশিটির মান 0 হবে।

প্রশ্নমতে, $3x^2 + ax + 6 = 0$

$\Rightarrow 3\times(-3)^2 + (-3)a + 6 = 0$

$\Rightarrow (3\times 9) - 3a + 6 = 0$

$\Rightarrow 27 - 3a + 6 = 0$

$\Rightarrow 3a = 33$

$\therefore a = \frac{33}{3} = 11$

Clipboard
- ❖ FAO – Food and Agriculture Organization.
- ❖ FBI – Federal Bureau of Investigation (USA).
- ❖ FIFA – Federation of International Football Association.
- ❖ FRCP – Fellow of the Royal College of Physicians.
- ❖ FCPS – Fellow of the College of Physicians and Surgeons.

39. **A man's salary was reduced by 50%, again the reduce salary was increased by 50%. Find the loss of in terms of percentage.**

a) 25% b) 50%

c) 75% d) No loss **ans. A**

Recent Publications

Solution: প্রশ্নে বলা হচ্ছে, এক ব্যক্তির বেতন প্রথমে 50% কমিয়ে আবার পরে 50% বাড়ানো হলে এতে তার শতকরা কত ক্ষতি হবে?

ধরি, বেতন ছিল 100 টাকা

50% কমে বেতন হবে = 100 – 100 এর 50% = 100 – 50 = 50 টাকা

আবার, বেতন 50% বাড়ানো হলে বর্তমান বেতন হবে = 50 + 50 এর 50% = 50 + 25 = 75 টাকা

$\therefore$ শতকরা ক্ষতি হবে = 100 – 75 = 25 টাকা

40. **What is the weight of 1 cubic meter of water?**

a) 10kg b) 100kg

c) 500kg d) 1,000kg **ans. D**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, এক ঘন মিটার পানির ওজন কত?

এটি সূত্রের অঙ্ক।

আমরা জানি, এক ঘনমিটার পানির ওজন 1,000 কেজি।

Janata Bank Ltd.

Recruitment Test for Senior Officer (Engineering-Textile) – 2020

Total Marks: 100; Time: 60 Minutes; Examination Held On: 07.11.2020

01. **বাংলা সাহিত্যের আদি নিদর্শন চর্যাপদের আবিষ্কর্তা হলেন**

a) বসন্তরঞ্জন রায় b) শাহ মুহম্মদ সগীর

c) দক্ষিণাঞ্জন মিত্র মজুমদার d) মহামহোপাধ্যায় হরপ্রসাদ শাস্ত্রী ***ans.* D**

Solution: নেপালের রয়েল লাইব্রেরি থেকে ১৯০৭ সালে চর্যাপদ আবিষ্কার করেন মহামহোপাধ্যায় হরপ্রসাদ শাস্ত্রী। ১৯১৬ সালে (১৩২৩ বঙ্গাব্দ) কলকাতার বঙ্গীয় সাহিত্য পরিষদ থেকে চর্যাপদ আধুনিক লিপিতে প্রকাশিত হয়।

02. **'গ্রাহ্য' শব্দের সঠিক উচ্চারণগত বানান হলো**

a) গ্রাজ্‌ঝো b) গাম্‌মো

c) গামমো d) গ্রামোমো ***ans.* A**

03. **একুশের প্রথম সংকলন গ্রন্থ 'একুশে ফেব্রুয়ারী'র সম্পাদক ছিলেন**

a) আবু জাফর ওবায়দুল্লাহ b) হাসান হাফিজুর রহমান

c) আলাউদ্দিন আল আজাদ d) শামসুর রাহমান ***ans.* B**

Solution: ১৯৫২ সালের ২১ ফেব্রুয়ারিতে বাংলা ভাষার জন্য ঢাকায় যে আত্মদান করা হয় তার স্মরণে ১৯৫৩ সালের মার্চ মাসে হাসান হাফিজুর রহমান 'একুশে ফেব্রুয়ারী' নামে একটি সাহিত্য সংকলন সম্পাদনা করেন। এর প্রকাশক ছিলেন মোহাম্মদ সুলতান। এই সংকলনে কবিতা, প্রবন্ধ, গল্প, গান, নক্‌শা, ইতিহাস শিরোনামে ৬টি বিভাগে মোট ২২ জন লেখক লিখেছেন। এই সংকলনেই প্রথম প্রকাশিত হয় আবদুল গাফ্‌ফার চৌধুরী রচিত 'আমার ভাইয়ের রক্তে রাঙানো' গানটি। প্রকাশের তিন সপ্তাহের মধ্যে পাকিস্তানের তৎকালীন সরকার সংকলনটি বাজেয়াপ্ত করে। এছাড়াও তাঁর সম্পাদনায় ১৬ খণ্ডে 'বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ' দলিলপত্র প্রকাশিত হয়।

04. **কোন বাক্যে কর্তার অসংগত প্রয়োগ ঘটেছে?**

a) কেউই জানে না, সে কোথায় গেছে b) বেশ, তাইহবে

c) তার কাঁধে বিরাট বোঝা, হাতে লাঠি d) তুমি ও যাবে, আমি ও যাব ***ans.* D**

Solution: এক্ষেত্রে সূত্রটি হলোঃ কর্তা + কর্ম + ক্রিয়া। অর্থাৎ বাক্যটি এমন হবে 'তুমি ও আমি যাবো' অথবা 'আমরা যাবো'।

05. **'বেদের মেয়ে' নাটকটির রচয়িতা**

a) কাজী নজরুল ইসলাম b) রবীন্দ্রনাথ ঠাকুর

c) মুনীর চৌধুরী d) জসীম উদদীন ***ans.* D**

Solution: 'বেদের মেয়ে' (১৯৫১) নাটকটির রচয়িতা হলেন জসীম উদদীন। তাঁর রচিত অন্যান্য নাটকগুলোঃ 'পল্লীপাড়' (১৯৩৮), 'মধুমালা' (১৯৫৯), 'পল্লীবধূ (১৯৫৬)', 'আমের মেয়র' ইত্যাদি।

Recent Publications

06. **'সম্বোধন' শব্দের অর্থ**

a) আহ্বান b) নাম

c) পরিচয় d) অভিবাদন ***ans.* A**

Solution: 'সম্বোধন' শব্দের অর্থ আহ্বান; সম্ভাষণ; ডাক; অভিভাষণ ইত্যাদি।

07. **'বাবাকে বড্ড ভয় পাই'। কোন কারকে কোন বিভক্তি?**

a) কর্তৃকারকে দ্বিতীয়া b) কর্তৃকারকে চতুর্থী

c) অপাদান কারকে চতুর্থী d) কর্মে দ্বিতীয়া ***ans.* Note**

Solution: 'বাবাকে বড্ড ভয় পাই' এটি অপাদানে ২য়া বিভক্তি। উল্লেখ্য, অপাদান কারকে বিভিন্ন বিভক্তি ছাড়াও হইতে, হতে, থেকে, দিয়ে, দিয়া ইত্যাদি অনুসর্গ ব্যবহৃত হয়।

08. **'পুঁথিগত' কোন ধরনের সমাসবদ্ধ পদ**

a) কর্মধারয় b) তৎপুরুষ

c) বহুব্রীহি d) অব্যয়ীভাব ***ans.* B**

Solution: এখানে 'পুঁথিতে' এর 'তে' হলো সপ্তমী বিভক্তি। আর পুঁথিতে নিবদ্ধ যা = পুঁথিগত। তাই এটি তৎপুরুষ সমাস।

Solution: Call on/upon এই Group verb টি কারো সাথে Meet বা Visit করা বা কারো সাথে দেখা করা অর্থে বসে। আবার, Call in এই Group verb টি কাউকে ডেকে পাঠানো অর্থে বসে। আর Call at অর্থ কোনো স্থানে গিয়ে কারো সাথে দেখা করা।

বাক্যের অর্থঃ রাষ্ট্রদূত গতকাল প্রেসিডেন্টের সাথে সাক্ষাৎ করেছিল।

17. **There is none to ____ the orphan.**

a) look at b) look after
c) look into d) look upon **ans. B**

Solution: দেখাশোনা অর্থে Look after বসবে।

Look at – তাকানো	Look upon – বিবেচনা করার বিশেষ দৃষ্টিকোণ থেকে দেখা	Look into – তদন্ত করা
Look for – খোঁজা	Look up – চোখ তুলে দেখা	Look back – অতীত বিবেচনা করা
Look out – সতর্ক হওয়া	Look forward to – সাগ্রহে প্রতীক্ষা করা	Look down on – ঘৃণা করা

বাক্যের অর্থঃ এতিমকে দেখার কেউ নেই।

18. **Which of the following is a complex sentence?**

a) Let them do this or they will die. b) Work hard or you can't prosper in life.
c) Move or you will die. d) If he helps us, we shall win. **ans. D**

Solution: Complex বাক্যে Who, whom, whose, which, what, as, because, since, for, if, as if, though, although, after, before, that, so that, in order to, till, until, lest, unless, in case ইত্যাদি দ্বারা একাধিক Clause যুক্ত থাকে। আর Compound বাক্যে and, or, but, yet, so, therefore, otherwise, not only, but also ইত্যাদি Co-ordinating conjunction দ্বারা দুটি Principal clause যুক্ত থাকে।

বাক্যের অর্থঃ সে আমাদের সাহায্য করলে আমরা জিতবো।

19. **The Exam is going well, we ____ any problems.**

a) don't have b)
c) d) didn't have **ans. A**

Solution: বাক্যের প্রথম অংশ Present indefinite tense হওয়ায় পরের অংশেও ঐ একই Tense এর হবে। এক্ষেত্রে Don't have-ই Appropriate.

বাক্যের অর্থঃ পরীক্ষা ভালোভাবেই চলছে, আমাদের কোনো সমস্যা নেই।

20. **Past participle of 'Wear' is**

a) Wored b) Weard
c) Wore d) Worn **ans. D**

Recent Publications

Solution: Wear এর Past রূপ Wore এবং Past participle রূপ Worn যার অর্থ পরিধান করা; পড়া।

21. **The present worth of Tk. 169 due in 2 years at 4% per annum compound interest is**

a) 144.75 b) 148.5
c) 15.25 d) 162.25 **ans. Note**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, 4% হার সুদে 2 বছরে চক্রবৃদ্ধি সুদাসল 169 টাকা হলে আসল কত?

দেয়া আছে, সুদাসল A = 169 টাকা; সময় $n = 2$ বছর; সুদের হার, $r = 4\%$ এবং আসল, p =?

আমরা জানি, $A = p\left(1+\frac{r}{100}\right)^n$

$$\Rightarrow p = \frac{A}{\left(1+\frac{r}{100}\right)^n} = \frac{169}{\left(1+\frac{4}{100}\right)^2} = \frac{169}{(1+0.04)^2} = \frac{169}{(1.04)^2} = \frac{169}{1.0816} = 156.25$$

অর্থাৎ আসল 156.25 টাকা।

22. **When the speed is increased by 4 *kmph*, it takes 4 hours less to cover a distance of 32*km*. Find the previous speed.**

a) 2*km* b) 4*km*
c) 8*km* d) 12*km* **ans. B**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, গতিবেগ 4 *kmph* বাড়ালে 32*km* পথ অতিক্রম করতে 4 ঘণ্টা সময় কম লাগে। প্রকৃত বা আসল গতিবেগ কত?

ধরি, প্রকৃত গতিবেগ ছিল x *kmph*

গতিবেগ 4 *kmph* বাড়ালে, নতুন গতিবেগ হবে $= (x + 4)$ *kmph*

প্রশ্নমতে, $\frac{32}{x} - \frac{32}{x+4} = 4$ $\left[\because \text{সময়} = \frac{\text{দূরত্ব}}{\text{গতিবেগ}}\right]$

$\Rightarrow \frac{32x + 128 - 32x}{x(x+4)} = 4$

$\Rightarrow (x^2 + 4x)4 = 128$

$\Rightarrow x^2 + 4x = \frac{128}{4} = 32$

$\Rightarrow x^2 + 4x - 32 = 0$

$\Rightarrow x^2 + 8x - 4x - 32 = 0$

$\Rightarrow x(x + 8) - 4(x + 8) = 0$

$\Rightarrow (x + 8)(x - 4) = 0$

$\therefore x - 4 = 0$ আবার, $x + 8 = 0$

$\Rightarrow x = 4$ $\Rightarrow x = -8$, কিন্তু ঋণাত্মক গতিবেগ গ্রহণযোগ্য নয় বলে এটি বাদ

সঠিক উত্তর হবে 4 *kmph*

> **Clipboard**
> Compressed Natural Gas (CNG) হচ্ছে এক ধরনের জীবশ্ম জ্বালানি যা পেট্রোল, ডিজেল কিংবা প্রোপেনের (LPG) পরিবর্তে ব্যবহৃত হয়। এটার দহনে গ্রিনহাউজ গ্যাস উৎপন্ন হয়, কিন্তু পরিবেশগতভাবে উপরিউক্ত জ্বালানিগুলোর নির্ভেজাল বিকল্প এবং এটা অন্যান্য গ্যাস অপেক্ষা অনেক নিরাপদ। ন্যাচারাল গ্যাস বায়ুর চেয়ে হালকা এবং মুহূর্তেই বায়ুতে মিশে যায়। আবর্জনা বা পচা পানি থেকে উৎপন্ন বায়োগ্যাসের (জৈব গ্যাস) সাথে CNG মিশ্রিত করা যায়।

23. **The radius of a circle is increased so that in circumference by 5%. The area of the circle will be increased by**

a) 5% b) 10%

c) 10.25% d) 10.5% ***ans.* C**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, একটি বৃত্তের ব্যাসার্ধ এমনভাবে বাড়ানো হলো যাতে পরিধি 5% বেড়ে গেল। বৃত্তটির ক্ষেত্রফল কত বাড়বে?

ধরি, বৃত্তটির প্রাথমিক ব্যাসার্ধ r একক

$\therefore$ বৃত্তটির প্রাথমিক পরিধি $2\pi r$ একক

5% বৃদ্ধিতে বৃত্তটির নতুন পরিধি $= 2\pi r + 5\%$ of $2\pi r = 2\pi r + (0.05 \times 2\pi r) = 2\pi(r + 0.05r) = 2\pi \times 1.05r$ একক

অর্থাৎ বৃত্তটির নুতন ব্যাসার্ধ $R = 1.05r$ একক

$\therefore$ ক্ষেত্রফল বাড়ে $= \pi R^2 - \pi r^2 = \pi(R^2 - r^2) = \pi[(1.05r)^2 - r^2] = \pi(1.1025r^2 - r^2) = 0.1025\pi r^2$ বর্গ একক

$\therefore$ ক্ষেত্রফল শতকরা বাড়ে $= \left(\frac{0.1025\pi r^2}{\pi r^2} \times 100\right)\% = 10.25\%$

Recent Publications

Shortcut: বৃত্তের ব্যাসার্ধ এবং পরিধি সমানুপাতে বাড়ে বলে পরিধি 5% বাড়লে ব্যাসার্ধও 5% বাড়বে।

তাই, প্রাথমিক ব্যাসার্ধ $r = 1$ হলে বর্ধিত ব্যাসার্ধ হবে $1.05r$

$\therefore$ ক্ষেত্রফল শতকরা বাড়ে $= \left(\frac{(1.05r)^2\pi - \pi \times r^2}{\pi \times r^2} \times 100\right)\% = \left(\frac{0.1025\pi r^2}{\pi r^2} \times 100\right)\% = 10.25\%$

24. **A wire can be bent in the form of a circle of radius 56*cm*. If it is bent in the form of a square, then what will be its area?**

a) 7,744 b) 7,759

c) 1,456 d) None of these ***ans.* A**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, একটি তারকে বৃত্তের আকার দিলে তার ব্যাসার্ধ হয় 56*cm*. ঐ তারটিকে বর্গের আকার দিলে বর্গের ক্ষেত্রফল কত হবে?

দেয়া আছে, বৃত্তের ব্যাসার্ধ $r = 56cm$

$\therefore$ পরিধি, $2\pi r = 2 \times \frac{22}{7} \times 56 = 352cm.$

$\therefore$ বর্গের একবাহুর দৈর্ঘ্য হবে $= \frac{352}{4} = 88cm.$

অতএব, বর্গের ক্ষেত্রফল $=$ (বাহু)$^2 = (88)^2 cm^2 = 7,744\ cm^2$

25. In a railway compartment 6 seats are vacant on a bench. In how many ways can 3 passengers sit on them?

a) 120 b) 130
c) 160 d) 180 **ans. A**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, 6টি সীটে 3 জন যাত্রীকে কতভাবে বসানো যেতে পারে?

6টি সীটে 3 জন যাত্রীকে ${}^6P_3 = 6 \times 5 \times 4 = 120$ উপায়ে বসানো যাবে।

26. The distance from the point P to two vertices A and B of an equilateral triangle are |PA| = 2 and |PB| = 3. What is the greatest possible value of |PC|?

a) 5 b) 9
c) 6 d) 12 **ans. A**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, একটি সমবাহু ত্রিভুজের দুটি শীর্ষ বিন্দু A এবং B হতে P বিন্দুর দূরত্ব হলো |PA| = 2 এবং |PB| = 3. |PC| এর সম্ভাব্য সবচেয়ে বড় মান কত হতে পারে?

ধরি, $|PA| = a = 2$; $|PB| = b = 3$; $|PC| = x$

অর্ধ পরিসীমা $S = \frac{a+b+x}{2} = \frac{2+3+x}{2} = \frac{5+x}{2}$

এখানে, $\Delta ABC = \frac{1}{2}\left[\frac{\sqrt{3}}{4}(a^2+b^2+x^2) + 3\sqrt{S(S-a)(S-b)(S-x)}\right]$

$= \frac{1}{2}\left[\frac{\sqrt{3}}{4}(4+9+x^2) + 3\sqrt{\left(\frac{5+x}{2}\right)\left(\frac{5+x}{2}-2\right)\left(\frac{5+x}{2}-3\right)\left(\frac{5+x}{2}-x\right)}\right]$

$= \frac{1}{2}\left[\frac{\sqrt{3}}{4}(13+x^2) + 3\sqrt{\left(\frac{5+x}{2}\right)\left(\frac{5+x-4}{2}\right)\left(\frac{5+x-6}{2}\right)\left(\frac{5+x-2x}{2}\right)}\right]$

LAN হচ্ছে একটি Private Communication Network যা কয়েক কিলোমিটারের মধ্যে অবস্থিত বিভিন্ন রকম Communication device কে পরস্পর যুক্ত করে। এটি সাধারণত শিক্ষা প্রতিষ্ঠান, বাড়ি বা অফিস বিল্ডিংয়ে ব্যবহৃত হয়। অর্থাৎ ক্ষুদ্র অঞ্চলের মধ্যে সীমাবদ্ধ।

73. The process of a computer receiving information from a server on the internet is known as

a) Pulling
b) Pasting
c) Transforming
d) Downloading ***ans.*** **D**

74. The portion that shows all the choices you can make while working in a window is called the

a) Options b) Menu bar
c) Table d) None ***ans.*** **A**

75. WWW stands for?

a) World Whole Web b) Wide World Web
c) World Wide Web d) Web World Wide
ans. **C**

76. Which device among following is used for sending digital data over a phone line?

a) USB b) Modem
c) Scanner d) Printer ***ans.*** **B**

Solution:

ডেটা কমিউনিকেশন করার জন্য কম্পিউটার বা অন্যান্য Electronic device কে একত্রে যুক্ত করতে যে সকল Instrument ব্যবহার করা হয় তাদের মধ্যে Modem অন্যতম। এর সাহায্যে Digital signal কে Analog signal এ এবং Analog signal কে Digital signal এ রূপান্তর করা যায়। এজন্য ডেটা কমিউনিকেশন সিস্টেমে প্রেরক এবং গ্রাহক উভয় প্রান্তেই Modem প্রয়োজন হয়।

77. Which of the following is spreadsheet program?

a) Ms-word b) Ms-PowerPoint
c) Ms-excel d) Ms-access ***ans.*** **C**

78. What is the short cut key for line break?

a) Shift + Enter b) Space + Enter
c) Alt + Enter d) Ctrl + Enter ***ans.*** **A**

Solution:

Shortcut Key	Shift + Enter	Alt + Enter	Ctrl + Enter
ব্যবহার	একটি Paragraph এ একটি নতুন লাইন শুরুর জন্য	Page break ইনসার্ট করার জন্য	Field এ কারসর রেখে দুই ক্লিকের মাধ্যমে পরের লাইন তৈরি করা

79. How is data organized in a spreadsheet?

a) Rows and columns b) Layers and planes
c) Lines and spaces d) Height and width
ans. **A**

Solution: Excel এ মোট সারির সংখ্যা 65, 536 টি এবং কলামের সংখ্যা 256 টি।

80. Once information is input into a computer it becomes

a) objects b) ideas
c) data d) facts ***ans.*** **C**

Palli Sanchay Bank Ltd.

Recruitment Test for ACO – 28.09.2018

৫৭-৭৩ *Management Information System*

01. **একটি ঘড়ি প্রতিদিন ১০ মিনিট সময় হারায়। কতদিন পরে ঘড়িটি এমন অবস্থায় পৌছাবে যখন ঘড়িটি সঠিক সময় নির্দেশ করবে?**

a) ৫৬ দিন b) ২ দিন
c) ১২০ দিন d) ৭২ দিন ***ans.*** **D**

Solution:

এটি IQ টাইপের প্রশ্ন। এখানে ১ দিনে (১২ × ৬০) বা ৭২০ মিনিট। এই ৭২০ মিনিট হারালে ঘড়িটি পুনরায় সঠিক সময় প্রদান করবে।

যেহেতু ১০ মিনিট হারায় = ১ দিনে

৭২০ মিনিট হারায় = $\frac{৭২০}{১০}$ = ৭২ দিনে

02. **'আজি সৃষ্টি যুগের উল্লাসে' কবিতাটি কোন কাব্যের?**

a) বিষের বাঁশি b) অগ্নিবীণা
c) দোলনচাঁপা d) ফণিমনসা ***ans.*** **C**

03. **'ওদন' শব্দের অর্থ**

a) ওজন b) উদর
c) ভাত d) অতিরিক্ত ***ans.*** **C**

Solution:

ওজন, অন্ন, দব্য, আহার, তণ্ডুল এগুলো ভাতের সমার্থক শব্দ।

04. **'কড়কড়' শব্দটি কোন অব্যয়?**

a) সমুচ্চয়ী b) অনন্বয়ী
c) অনুসর্গ d) অনুকার ***ans.*** **D**

Solution:

যে সকল অব্যয় অব্যক্ত রব, শব্দ বা ধ্বনির অনুকরণে গঠিত হয় সেগুলোকে অনুকার বা ধন্যাত্মক অব্যয় বলে। এরকম কিছু অব্যয় হলোঃ

বজ্রের ধ্বনি = কড় কড়	স্রোতের ধ্বনি = কল কল	মেঘের গর্জন = গুড় গুড়
বাতাসের গতি = শন শন	সিংহের গর্জন = গর গর	চুড়ির শব্দ = টুং টাং

05. **'দর্শনীয়' শব্দের সঠিক সন্ধি-বিচ্ছেদ কোনটি?**

a) দৃশ + নীয় b) দৃশ + অনীয়
c) দৃশ্য + অনীয় d) দৃশ্য + নীয় ***ans.*** **B**

06. **'কাঁচকলা' কোন সমাসভুক্ত?**

a) কর্মধারয় b) তৎপুরুষ
c) অব্যয়ীভাব d) বহুব্রীহি ***ans.*** **A**

07. **'সাইরেন বেজে উঠলো' বাক্যটিতে 'বেজে উঠল' কি ধরনের ক্রিয়াপদ?**

a) মিশ্র b) যৌগিক
c) প্রযোজক d) সমধাতুজ ***ans.*** **B**

Solution:

একটি সমাপিকা ও একটি অসমাপিকা ক্রিয়া যদি একত্রে একটি বিশেষ বা সম্প্রসারিত অর্থ প্রকাশ করে তখন তাকে যৌগিক ক্রিয়া বলে। যেমনঃ

আকস্মিকতা অর্থেঃ সাইরেন বেজে উঠল।	তাগিত দেয়া অর্থেঃ ঘটনাটা শুনে রাখ
কার্যসমাপ্তি অর্থেঃ তারা শুয়ে পড়ল	অনুমোদন অর্থেঃ এখন যেতে পার

08. **Brevity is the soul of wit পদবন্ধটির যথাযথ বঙ্গানুবাদ**

a) অন্যাসক্ত রূপকাভাস b) মানিকের খানিক ভাল
c) কথা কম কাজ বেশী d) অতি অল্প হইল ***ans.*** **B**

09. **৫ টাকায় ৮টি আম ক্রয় করে ৫ টাকায় ৬টি করে বিক্রি করলে শতকরা কত লাভ বা ক্ষতি হবে?**

a) ৩৫ $\frac{১}{২}$ % লাভ b) ৩৩ $\frac{১}{৩}$ % লাভ
c) ৩৩% ক্ষতি d) ৩৩ $\frac{১}{৪}$ % ক্ষতি ***ans.*** **B**

Solution:

৮টি আমের ক্রয়মূল্য = ৫ টাকা

১ টি আমের ক্রয়মূল্য = $\frac{৫}{৮}$ টাকা

আবার, ৬টি আমের বিক্রয়মূল্য = ৫ টাকা

∴ ১ টি আমের বিক্রয়মূল্য = $\frac{৫}{৬}$ টাকা

∴ লাভ হয় = $\left(\frac{৫}{৬} - \frac{৫}{৮}\right) = \frac{২০ - ১৫}{২৪} = \frac{৫}{২৪}$ টাকা

অতএব শতকরা লাভ হয় $= \left(\frac{\frac{৫}{২৪}}{\frac{৫}{৮}} \times ১০০\right)\%$

$= \left(\frac{৫}{২৪} \times \frac{৮}{৫} \times ১০০\right)\% = ৩৩\frac{১}{৩}\%$ লাভ

10. **How many ounces make 4.75 pounds?**

a) ৫৪ b) ৫৭

c) ৭৬ d) ৬৯ ***ans.* C**

Solution:

1 পাউন্ড = 16 আউন্স

4.75 পাউন্ড = $16 \times 4.75 = 76$ আউন্স

11. **A man buys doughnuts at tbe rate of Tk. 35 per 100 price and sells them at Tk. 7.20 per dozen. If the profit is Tk. 30, how many doughnuts did he buy?**

a) ৬০ b) ১২০

c) ১৮০ d) ২১০ ***ans.* B**

Solution:

প্রশ্নে বলা হচ্ছে যে, এক ব্যক্তি প্রতি 100 পিস পিঠা 35 টাকা দরে কিনে প্রতি ডজন পিঠা 7.20 টাকা দরে বিক্রয় করে 30 টাকা লাভ করলো। সে কতগুলো পিঠা কিনেছিলো?

12 টি পিঠার বিক্রয়মূল্য = 7.20 টাকা	এখন, 25 টাকা লাভ হয় = 100 টি পিঠায়
100 টি পিঠার বিক্রয়মূল্য $= \frac{7.20 \times 100}{12} = 60$ টাকা	30 টাকা লাভ হয় $= \frac{100 \times 30}{25}$ টি পিঠায়
লাভ হয় = 60 – 35 টাকা = 25 টাকা	= 120 টি পিঠায়

12. **A man can do a piece of work in 5 days, but with the help of his son, he can do it in 3 days. In what time can the son do it alone?**

a) ৬$\frac{১}{২}$ দিন b) ৭$\frac{১}{২}$ দিন

c) ৭ দিন d) ৮ দিন ***ans.* B**

Solution:

প্রশ্নে বলা হচ্ছে যে, এক ব্যক্তি 5 দিনে একটি কাজ করে। কিন্তু সে তার ছেলের সাহায্য নিলে কাজটি 3 দিনে করতে পারে। ছেলেটি একা কাজটি কত দিনে করতে পারবে।

(Man + son) 1 দিনে করে $\frac{1}{3}$ work

এবং Man 1 দিনে করে $\frac{1}{5}$ work

Son 1 দিনে করে $\frac{1}{3} - \frac{1}{5} = \frac{2}{15}$ work

Son $\frac{2}{15}$ work করে 1 দিনে

Son 1 work করে $\frac{1 \times 15}{2} = 7\frac{1}{2}$ দিনে

13. $m + \frac{1}{m} =$ হলে, $m^3 + \frac{1}{m^3} =$ কত?

a) ১১০ b) ২১০

c) ৭৫ d) ১০০ ***ans.* A**

Solution:

মূল প্রশ্নে $m + \frac{1}{m} =$ কত তা দেয়া ছিল না। কাজেই এই প্রশ্নের উত্তর বের করা সম্ভব হচ্ছে না। তবে $m + \frac{1}{m}$ এর মান 5 হলে উত্তর হিসেবে অপশন *a)* আসবে।

$m + \frac{1}{m} = 5$ হলে

$$m^3 + \frac{1}{m^3} = \left(m + \frac{1}{m}\right)^3 - 3 \times m \times \frac{1}{m}\left(m + \frac{1}{m}\right)$$

$$= (5)^3 - 3 \times 5 = 125 - 15 = 110$$

14. **৫ এবং ৯৫ মধ্যে ৫ ও ৩ দ্বারা বিভাজ্য সংখ্যা মোট কয়টি?**

a) ৫টি b) ৬টি

c) ৯টি d) ৭টি ***ans.* B**

Solution:

৫ ও ৩ দ্বারা ৫ থেকে ৯০ এর মধ্যে যেসকল সংখ্যা নিঃশেষে বিভাজ্য হবে সেই সকল সংখ্যাগুলো অবশ্যই ৩ × ৫ = ১৫ দ্বারা নিঃশেষে বিভাজ্য হবে। তাহলে ৫ থেকে ৯০ এর মধ্যে ১৫ দ্বারা নিঃশেষে বিভাজ্য এমন সংখ্যাগুলো হলো ১৫, ৩০, ৪৫, ৬০, ৭৫ এবং ৯০। অর্থাৎ এমন সংখ্যা ৬টি আছে।

15. একটি বর্গাকার বাগানের ক্ষেত্রফল ১ হেক্টর। বাগানটির পরিসীমা কত মিটার?
a) ৪০০ মিটার b) ২০০ মিটার
c) ৪৪০ মিটার d) ৫০০ মিটার **ans. A**

Solution:
বর্গাকৃতি বাগানের ক্ষেত্রফল = ১ হেক্টর = ১০,০০০ বর্গমিটার
ধরি, বাগানটির এক বাহুর দৈর্ঘ্য x মিটার
প্রশ্নমতে, $x^2 = ১০,০০০$
$\Rightarrow x = \sqrt{(১০০)^২} = ১০০$
অতএব, বাগানটির পরিসীমা = ৪ × একবাহু
= (৪ × ১০০) = ৪০০ মিটার।

16. আকাশ ও পৃথিবীর অন্তরালকে এক কথায় কি বলে?
a) অতলস্পর্শী b) ক্রন্দসী
c) আমাশি d) রোদসী **ans. D**

17. 'সায়ন্তন' শব্দের অর্থ কি?
a) সকাল b) দুপুর
c) সন্ধ্যা d) রাত্রি **ans. C**

Solution:
সায়ন্তন হলো বিশেষণ। এর সন্ধ্যাকালীন ঃ শেষ বেলা।

18. 'বৃষ্টি পড়ে টাপুর টুপুর নদে এলো বাণ' কোন ছন্দে রচিত?
a) অক্ষরবৃত্ত b) মাত্রাবৃত্ত
c) স্বরবৃত্ত d) অমিত্রাক্ষর **ans. C**

19. অক্ষর উচ্চারণের কাল পরিমাপকে কি বলে?
a) ধ্বনি b) যতি
c) মাত্রা d) ছেদ **ans. C**

20. সহচর শব্দযোগে গঠিত দ্বন্দ্ব সমাসের উদাহরণ
a) ধুতি-চাদর b) ঘর-বার
c) আকার-ইঙ্গিত d) বুক-পিঠ **ans. A**

Solution:
প্রায় সমার্থক ও সহচর শব্দযোগে গঠিত আরো কিছু দ্বন্দ্ব সমাসের উদাহরণ হলো কাপড়-চোপড়, পোকা-মাকড়, দয়া-মায়া ইত্যাদি। দুটি ক্রিয়াবিশেষ যোগে গঠিত দ্বন্দ্ব সমাস হলো আকারে ইঙ্গিতে, আগে-পাছে, ধীরে-সুস্থে। অঙ্গবাচক শব্দ যোগে গঠিত দ্বন্দ্ব হলো হাত-পা, নাক-কান, বুক-পিঠ ইত্যাদি। আর হাট-বাজার, ঘর-দুয়ার, কল-কারখানা এগুলো সমার্থক শব্দযোগে গঠিত দ্বন্দ্ব সমাস।

21. 'হাঙ্গামা' শব্দটি কোন ভাষার?
a) বাংলা b) আরবি
c) ফারসি d) গুজরাটি **ans. C**

22. They had hardly spoken all evening সঠিক বঙ্গানুবাদ
a) তারা সারা সন্ধ্যা কঠিন কথা বলল
b) তারা সারা সন্ধ্যা প্রায়ই কথা বলে
c) তারা কঠিন সন্ধ্যায় কঠিন কথা বলল
d) তারা সারা সন্ধ্যা প্রায় কোন কথা বলেনি **ans. D**

23. "Paradise Regained" is an epic by
a) John Keats b) John Milton
c) William Shakespeare d) P.B. Shelly **ans. B**

24. নীচের কোনটি Imperative sentence?
a) You read it attentively
b) Do it at once
c) I wish your success in life
d) Does he go to school? **ans. B**

25. বাংলাদেশের বর্তমান প্রধান বিচারপতি কততম প্রধান বিচারপতি?
a) ২৩তম b) ২০তম
c) ২২তম d) ২৪তম **ans. C**

Solution:
দেশের ২২তম প্রধান বিচারপতির নাম হলো সৈয়দ মাহমুদ হোসেন। ২১তম প্রধান বিচারপতি ছিলেন সুরেন্দ্র কুমার সিনহা। আর প্রথম প্রধান বিচারপতি হলেন আবু সাদাত মোহাম্মদ সায়েম।

26. একটি ত্রিভুজাকৃতির ক্ষেত্রের ক্ষেত্রফল ৮৪ বর্গগজ। ত্রিভুজের শীর্ষবিন্দু হতে ভূমির উপর অঙ্কিত দৈর্ঘ্য ১২ গজ হলে ভূমির দৈর্ঘ্য কত?
a) ১২ গজ b) ১৪ গজ
c) ১০ গজ d) ৭ গজ **ans. B**

Solution:

ত্রিভুজের ক্ষেত্রফল $= \frac{১}{২} \times$ ভূমি $\times$ উচ্চতা

$= \frac{১}{২} \times$ ভূমি $\times ১২$

$= ৬ \times$ ভূমি



প্রশ্নমতে, $৬ \times$ ভূমি $= ৮৪$

ভূমি $= \frac{৮৪}{৬} = ১৪$ গজ

27. **একটি ক্লাসে ৩০ জন ছাত্র আছে। তাদের মধ্যে ১৮ জন ফুটবল খেলে, ১৪ জন ক্রিকেট খেলে এবং ৫ জন কিছুই খেলে না। কতজন উভয়টি খেলে?**

a) ৩ b) ৫

c) ৭ d) ৯ ***ans.* C**

Solution:

আমরা জানি, None = Total – [A + B – Both]

এখানে, None = 5 জন; Total = ৩০ জন;

A = ১৮ জন; B = ১৪ জন; Both = ?

$৫ = ৩০ - [১৮ + ১৪ - (\text{Both})] \Rightarrow \text{Both} = ৭$

28. **Choose the correct spelling**

a) Embarras b) Emberras

c) Embarrass d) Embarass ***ans.* C**

Solution:

Embarrass – অস্বস্তি বা লজ্জায় ফেলা; মানসিক দুশ্চিন্তা বা অসুবিধা সৃষ্টি করা।

29. **The man _____ down silently and _____ his food.**

a) sits, took b) sat, take

c) sat, had taken d) sat, took ***ans.* D**

Solution:

'and' দ্বারা Past indefinite tense এর বাক্যের দুটো অংশ যুক্ত হলে দুটো অংশেই Past indefinite tense বসাতে হবে। একমাত্র অপশন *d*) তে দুটো Verb এর Past form রয়েছে।

বাক্যের অর্থঃ লোকটি নীরবে বসে পড়ল এবং তার খাদ্য খেল।

30. **The timely rain _____ good crops.**

a) brings in b) brings about

c) bring up d) bring forth ***ans.* D**

Solution:

Bring in – মুনাফা করা। Bring about – ঘটানো; স্মরণ করা বা করানো। Bring up – লালন পালন করা। Bring forth – উৎপন্ন করা; প্রসব করা।

বাক্যের অর্থঃ সময়মতো বৃষ্টি ভালো ফসল উৎপাদন করে।

31. **The word opposite to 'skepticism' is**

a) plausibility b) audacity

c) skeptics d) none of them ***ans.* A**

Solution:

Plausibility – আপাত-গ্রাহ্যতা; সত্যাভাস। Audacity – দুঃসাহস; স্পর্ধা; ধৃষ্টতা। Skeptics – সংশয়ান; সংশয়বাদী। Skepticism – সন্দেহবাদীতা।

32. **One does riot know whether one will pass the examination until one has _____**

a) prepared b) studied

c) appeared d) failed ***ans.* C**

Solution:

পরীক্ষা দিতে না বসে কেউ শুধু Preparation বা Study'র মাধ্যমে বলতে পারবে না যে সে পরীক্ষায় পাস করবে কি না। তাই এক্ষেত্রে উপযুক্ত শব্দ হলো Appeared যার অর্থ উপস্থিত হওয়া বা অবতীর্ণ হওয়া।

বাক্যের অর্থঃ পরীক্ষায় অবতীর্ণ না হয়ে কেউ বলতে পারবে না যে সে পরীক্ষায় পাস করবে কি না।

33. **প্রশ্ন চিহ্নিত ঘরে কোন সংখ্যাটি বসবে?**

১৭	৮	৫	৫
১৩	৭	৫	৪
৬	১৫	৬	৩
১০	৬	৪	?

a) ৪ b) ৫

c) ৬ d) ৭ ***ans.* A**

Solution:

শেষের ২ কলামের গুণফল থেকে শেষের দিক থেকে ৩য় কলাম বাদ দিলে ৪র্থ কলামের সংখ্যা পাবেন।

অর্থাৎ (৫ × ৫) - ৮ = ২৫ - ৮ = ১৭;

(৫ × ৪) - ৭ = ২০ - ৭ = ১৩

(৬ × ৩) - ১২ = ১৮ - ১২ = ৬;

তাহলে (৪ × ৪) - ৬ = ১৬ - ৬ = ১০ হবে।

অর্থাৎ (?) চিহ্নিত স্থানে ৪ বসবে।

34. নিচের চিত্রে মোট কয়টি ত্রিভুজ আছে?



a) ৮টি b) ১০টি

c) ১৩টি d) ১৪টি **ans. Note**

Solution:

সম্পূর্ণ অর্থাৎ ABC = ১টি;

১, ২, ৩, ৪, ৫, ৬ পৃথক = ৬টি।

(২, ৩) (৪, ৫) (৬, ১) = ৩টি।



(১, ২, ৩) (২, ৩, ৪) (৩, ৪, ৫)

(৪, ৫, ৬) (৫, ৬, ১) (৬, ১, ২) = ৬টি।

মোট ত্রিভুজ = ১ + ৬ + ৩ + ৬ = ১৬টি।

তাই সঠিক উত্তর নাই।

35. $\left(\frac{১}{৫}\times\sqrt{৯}\right)\times(৫\sqrt{৯})$?

a) ৫ b) ১৮

c) ৯ d) ১০ **ans. C**

S: $\left(\frac{১}{৫}\times\sqrt{৯}\right)\times৫\sqrt{৯}=\frac{১}{৫}\times\sqrt{৩^{২}}\times৫\times\sqrt{৩^{২}}$

$=\frac{১}{৫}\times৩\times৫\times৩=৯$

36. ২৪ জন পুরুষ বা ৩০ জন মহিলা বা ৪০ জন বালক একটি কাজ ৬ দিনে শেষ করতে পারে। তবে ঐ কাজ ১ জন পুরুষ, ১ জন মহিলা ও ১ জন বালক কত দিনে শেষ করবে?

a) ৬০ দিন b) ৭৮ দিন

c) ৪৮ দিন d) ৮০ দিন **ans. A**

Solution:

২৪ জন পুরুষ কাজটি শেষ করে ৬ দিনে

১ জন পুরুষ কাজটি শেষ করে = ৬ × ২৪ দিনে।

= ১৪৪ দিনে।

সেইভাবে ১ জন মহিলা কাজটি শেষ করে = ৬ × ৩০

= ১৮০ দিনে এবং ১ জন বালক কাজটি শেষ করে

= ৬ × ৪০ = ২৪০ দিনে।

তাহলে (১ জন পুরুষ + ১ জন মহিলা + ১ জন বালক)

১ দিনে করে কাজের = $\left(\frac{১}{১৪৪}+\frac{১}{১৮০}+\frac{১}{২৪০}\right)$ অংশ

$=\frac{৫+৪+৩}{৭২০}=\frac{১২}{৭২০}=\frac{১}{৬০}$ অংশ

অর্থাৎ তারা একত্রে কাজটি শেষ করবে ৬০ দিনে।

37. একজন ঠিকাদার ১,৯২০ মিটার দীর্ঘ রাস্তা ১২০ দিনে নির্মাণ করে দেয়ার জন্য ১৬০ জন শ্রমিক নিয়োগ করলো। ২৪ দিন পরে মাত্র $\frac{১}{৮}$ অংশ কাজ সম্পন্ন হলো। নির্ধারিত সময়ের মধ্যে কাজটি শেষ করতে হলে ঠিকাদারকে অতিরিক্ত কতজন লোক দিতে হবে?

a) ৬০ জন b) ১২০ জন

c) ১৮০ জন d) ৯০ জন **ans. B**

Solution:

২৪ দিন পর বাকি কাজের পরিমাণ হবে = ১২০ - ২৪

= ৯৬ দিনে

বাকি সময় = ১২০ - ২৪ = ৯৬ দিন

এবং কাজের বাকি আছে = ১ - $\frac{১}{৮}=\frac{৭}{৮}$ অংশ

এখন, ২৪ দিনে $\frac{৭}{৮}$ অংশ কাজ করে = ১৬০ জন লোক

১ দিনে $\frac{১}{৮}$ অংশ কাজ করে = (১৬০ × ২৪) জন লোক

১ দিনে ১ অংশ কাজ করে = $\frac{১৬০\times২৪\times৮}{১}$ জন লোক

৯৬ দিনে $\frac{৭}{৮}$ অংশ কাজ করে = $\frac{১৬০\times২৪\times৮\times৭}{১\times৯৬\times৮}$

= ২৪০ জন লোক

অতিরিক্ত লোক লাগবে = ২৪০ - ১৬০ জন লোক

= ১২০ জন লোক

38. দেশের প্রথম পতাকা ভাস্কর্য 'পতাকা-৭১' কোথায় নির্মিত হয়েছে?

a) গাজীপুরে b) মুন্সিগঞ্জে
c) নারায়ণগঞ্জে d) ঢাকায় **ans. B**

39. কোস্টারিকার বর্তমান প্রেসিডেন্ট কে?

a) অস্কার আরিয়াস b) কার্লোস আলভারদো
c) ম্যানুয়াল জেলায়া d) ফিলিপ পেটেন **ans. B**

Solution:

কার্লোস আলভারদো দায়িত্বগ্রহণ করেন ৮ মে ২০১৮.

40. ২০১৭-১৮ অর্থবছরে দেশের অর্থনীতিতে কৃষি খাতের অবদান কত?

a) ১৪.৭৮% b) ১৪.৫০%
c) ১৪.৭৯% d) ১৪.১০% **ans. B**

Solution:

GDP তে সার্বিক খাতসমূহের অবদানঃ

	অবদানের হার (%)	
	২০১৬-১৭	২০১৭-১৮
কৃষি	১৪.৭৪	১৪.১০
শিল্প	৩২.৪২	৩৩.৭১
সেবা	৫২.৮৫	৫২.১৮

41. ২০১৮-১৯ সালের বাজেটের পরিমাণ কত টাকা?

a) ৪,৬৪,৫৭৩ কোটি টাকা
b) ৪,০০,২৬৬ কোটি টাকা
c) ৪,৬৪,২৬৬ কোটি টাকা
d) ৪,৫৪,৫৭৩ কোটি টাকা **ans. A**

Solution:

৭ জুন ২০১৮ দেশের ৪৮তম বাজেট ঘোষিত হয়। বাজেট মোট ব্যায় প্রাক্কলন করা হয় ৪,৬৪,৫৭৩ কোটি টাকা যা GDP'র ১৮.৩১% বাজেটে GDP প্রবৃদ্ধি প্রাক্কলন করা হয় ৭.৮% এবং মুদ্রাস্ফীতি ধরা হয় ৫.৬%।

42. One who sacrifices his life for a cause

a) Patriot b) Martyr
c) Revolutionary d) Soldier **ans. B**

Solution:

Patriot – দেশপ্রেমিক। Martyr – শহীদ বা মহৎ কোন কাজে আত্ম-উৎসর্গকারী। Revolutionary – বিপ্লবী; বৈপ্লবিক। Soldier – সৈনিক।

43. Verb of 'Number' is

a) Number b) Enumerate
c) Numbering d) Numerical **ans. B**

Solution:

Number (noun) – সংখ্যা।

Numerical (adj) – সংখ্যাসূচক; সংখ্যাবিষয়ক।

44. দেশে তফসিলি ব্যাংকের সংখ্যা কত?

a) ৩২টি b) ৫৬টি
c) ৫৭টি d) ৫৯টি **ans.** ৬২টি

45. ২০১৮ সালে ৮-৯ জুনে G-7 শীর্ষ সম্মেলন কোথায় অনুষ্ঠিত হয়?

a) কুইবেক, কানাডা
b) ভ্যাঙ্কুভার, কানাডা
c) রোম, ইতালি
d) টরেন্টো, কানাডা **ans. A**

46. The process of loading the operating system in the memory is known on

a) trouble shooting b) booting
c) debugging d) loading **ans. B**

47. $2x^2 - x - 3$ এর একটি উৎপাদক নিচের কোনটি?

a) $2x + 3$ b) $x - 1$
c) $x + 1$ d) $2x + 3x$ **ans. C**

Solution:

$2x^2 - x - 3 = 2x^2 + 2x - 3x - 3$
$= 2x(x + 1) - 3(x + 1) = (x + 1)(2x - 3)$

48. **৭২ × ৭৫ × ৩^৩ × ৪^৩ × ২^৮ কে ন্যূনতম কত দ্বারা গুণ করলে গুণফল একটি পূর্ণবর্গ সংখ্যা হবে?**

a) ৪ b) ৫

c) ২ d) ৮ ***ans.* C**

Solution:

৭২ × ৭৫ × ৩^৩ × ৪^৩ × ২^৮

= (৮ × ৯) × (২৫ × ৩) × ৩^৩ × ৪^৩ × ২^৮

= ৪ × ২ × ৩^২ × ৫^২ × ৩^৪ × ৪^৩ × ২^৮

= ২ × ৩^২ × ৫^২ × ৩^৪ × ৪^৪ × ২^৮

সুতরাং দেখা যাচ্ছে যে সংখ্যাটি ২ দ্বারা গুণ করলে তা পূর্ণ বর্গ হয়।

49. **$x + \frac{2}{x} = 3$ হলে, $x^3 + \frac{8}{x^3}$ এর মান কত হবে?**

a) ৮ b) ১৮

c) ১৯ d) ৯ ***ans.* D**

Solution:

$x^3 + \frac{8}{x^3}$

$= x^3 + \left(\frac{2}{x}\right)^3 = \left(x + \frac{2}{x}\right)^3 - 3 \times x \times \frac{2}{x} \times \left(x + \frac{2}{x}\right)$

$= 3^3 - (6 \times 3)$ [মান বসিয়ে]

$= 27 - 18 = 9$

50. **ব্যাংকে কত টাকা রাখলে ৮ শতাংশ হারে মুনাফায় ২ বছরের চক্রবৃদ্ধি মূলধন ৫,২০০ টাকা হবে?**

a) ৪,৫৫৮.১৬ টাকা b) ৪,৪৫৮.১৬ টাকা

c) ৪,০৪০.১৬ টাকা d) ৪,৫৪০.১৬ টাকা ***ans.* B**

Solution:

চক্রবৃদ্ধি সুদাসলের ক্ষেত্রে আমরা জানি,

$C = P\left(1 + \frac{r}{100}\right)^n$

এখানে, C = চক্রবৃদ্ধি সুদাসল; P = আসল = ?

r = সুদের হার; n = বছর।

প্রশ্নমতে, $৫,২০০ = P\left(১ + \frac{৮}{১০০}\right)^২$

$\Rightarrow$ $৫,২০০ = P\left(১ + \frac{২}{২৫}\right)^২$

$\Rightarrow$ $৫,২০০ = P\left(\frac{২৭}{২৫}\right)^২$

$\Rightarrow$ $P \times (১.০৮)^২ = ৫,২০০$

$P = \frac{৫২০০}{(১.০৮)^২} = \frac{৫২০০}{১.১৬৬৪} = ৪,৪৫৮.১৬$ টাকা

51. **$a + b = 2m$ এবং $ab = 18m^2$ হলে, $a - b$ এর মান কত?**

a) $\pm$ ৩ মিটার b) + ৩ মিটার

c) – ৩ মিটার d) ৬ মিটার ***ans.* A**

Solution:

সূত্রানুসারেঃ $(a-b)^2 = (a+b)^2 - 4ab$

$\Rightarrow$ $(a-b)^2 = 9^2 - 4 \times 18$

$\Rightarrow$ $(a-b)^2 = 81 - 72$

$\Rightarrow$ $(a-b)^2 = 9$

$\Rightarrow$ $(a-b) = \pm\sqrt{9}$

$\Rightarrow$ $(a-b) = \pm 3$

$(a-b) = \pm 3$

52. **কোন মূলধন ৪ বছরের সুদে আসলে ৬০০ টাকা এবং ৬ বছরের সুদে আসলে ৭০০ টাকা হলে মূলধন কত?**

a) ৩০০ টাকা b) ৬০০ টাকা

c) ৪০০ টাকা d) ৬৫০ টাকা ***ans.* C**

Solution:

৬ বছরের সুদাসল = ৭০০ টাকা

৪ বছরের সুদাসল = ৬০০ টাকা

২ বছরের সুদ = ১০০ টাকা

৪ বছরের সুদ = $\frac{১০০ \times ৪}{২}$ = ২০০ টাকা

অতএব আসল = ৬০০ - ২০০ = ৪০০ টাকা।

53. **A rectangular floor that measures 8 meters by 10 meters is to be covered with carpet squares that each measure 2 meters by 2 meters. If a carpet square costs Tk. 12.00, calculate the total cost to cover $\frac{2}{3}$ of the floor?**

a) ১৬০ টাকা b) ১৮০ টাকা

c) ২৪০ টাকা d) ৪৮০ টাকা ***ans.* A**

Solution:

প্রশ্নে বলা হচ্ছে, একটি ফ্লোরের দৈর্ঘ্য 8 মিটার এবং প্রস্থ 10 মিটার। ফ্লোরটিকে 2 মিটার দৈর্ঘ্য এবং 2 মিটার প্রস্থের কার্পেট দ্বারা মুড়াতে প্রতি বর্গমিটারে 12 টাকা করে খরচ হরে ফ্লোরটির $\frac{2}{3}$ অংশ কার্পেট করতে কত খরচ হবে?

আয়তাকার ফ্লোরের ক্ষেত্রফল $= 8 \times 10 = 80$ বর্গমিটার

কার্পেটের ক্ষেত্রফল $= 2 \times 2 = 4$ বর্গমিটার

মোট কার্পেট লাগে $= \frac{80}{4} = 20$ টি

অতএব, ফ্লোরের $\frac{2}{3}$ অংশ কার্পেট করতে খরচ হবে

$= 20 \times \frac{2}{3} \times 12 = 160$ টাকা

54. $\frac{(০.০০৩৬)\,(২.৮)}{(০.০৪)\,(০.১)\,(০.০০৩)} = ?$

a) ৮৪০ b) ৮৪

c) ৮.৪ d) ০.৮৪ ***ans.* A**

Solution:

$\frac{(০.০০৩৬)\,(২.৮)}{(০.০৪)\,(০.১)\,(০.০০৩)} = \frac{৩৬ \times ২৮ \times ১০}{৪ \times ১ \times ৩}$

[যেহেতু লবের ঘরে দশমিকের ৫ ঘর আর হরের ঘরে দশমিকের পর ৬ ঘর রয়েছে তাই সমতা করর জন্য লবের ঘরে ১০ নেয়া হয়েছে]

$= ৮৪০$

55. $\frac{x^2 - x - 30}{x^2 - 36}$ **এর লঘিষ্ট রূপ কোনটি?**

a) $\frac{x+5}{x+6}$ b) $\frac{x+5}{x-6}$

c) $\frac{x-5}{x+6}$ d) $\frac{x-5}{x-6}$ ***ans.* A**

Solution:

$\frac{x^2 - x - 30}{x^2 - 36}$

$= \frac{x^2 - 6x + 5x - 30}{x^2 - 6^2}$

$= \frac{x(x-6) + 5(x-6)}{(x+6)(x-6)}$

$= \frac{(x-6)(x+5)}{(x+6)(x-6)}$

$= \frac{x+5}{x+6}$

56. একটি বৃত্তের পরিধি ১৩২ সেন্টিমিটার এবং ক্ষেত্রফল ১,৩৮৬ সেন্টিমিটার, বৃত্তটির বৃহত্তম জ্যা এর দৈর্ঘ্য কত?

a) ৪২ সেন্টিমিটার b) ৪৮ সেন্টিমিটার

c) ৫০ সেন্টিমিটার d) ৫২ সেন্টিমিটার ***ans.* A**

Solution:

বৃত্তের ব্যাসার্ধ π *cm* হলে বৃত্তটির পরিধি $= 2\pi r$

এখানে বৃত্তটির বৃহত্তম জ্যা তথা ব্যাসের দৈর্ঘ্য হচ্ছে 2π *cm.*

অর্থাৎ এখানে $2r$ এর মান বের করতে হবে।

প্রশ্নমতে, $2\pi r = 132$

$\Rightarrow 2r = \frac{132}{\pi} = \frac{132}{\frac{22}{7}}$

$2r = \frac{132}{1} \times \frac{7}{22} = 42$

57. The next number of the sequence is __ 4 3 9 3 19 3 .....

a) ৩১ b) ৩২

c) ৩৯ d) ২৯ ***ans.* C**

S: ৪ ৩ ৯ ৩ ১৯ ৩ .....

ধারাটিতে স্থির সংখ্যা হলো ৩. কিন্তু বিজোড় স্থানীয় সংখ্যাগুলো ৫, ১০, ২০, এভাবে বাড়ছে।

যেমনঃ $৪ + ৫ = ৯$;

$৯ + ১০ = ১৯$;

$১৯ + ২০ = ৩৯$

অর্থাৎ ধারাটির পরবর্তী সংখ্যা হবে ৩৯.

58. The ratio of two numbers is 3 : 4 and their sum is 630. The smaller one of the two numbers is

a) ৩৬০ b) ২৭০

c) ১৮০ d) ১২০ ***ans.* B**

Intelligent Solution:

প্রশ্নে বলা হচ্ছে, দুটি সংখ্যার অনুপাত 3 4 এবং তাদের সমষ্টি *630* হলে ক্ষুদ্রতর সংখ্যাটি কত?

অনুপাতের যোগফল $= 3 + 4 = 7$

ক্ষুদ্রতর সংখ্যাটি $= 630 \times \frac{3}{7} = 270$

59. **A pole casts $a\sqrt{3}\,m$ long shadow on the ground at an elevation 60°, the height of the pole is**

a) ৩ মিটার b) $\sqrt{৩}$ মিটার

c) $৩\sqrt{৩}$ মিটার d) ২ মিটার **ans. A**

Solution:

Repeat: *Joint Recruitment Test for 5 Banks (Officer) 20.07.2018 & Question no: 40.*

60. **A batsman scored 110 runs which included 3 boundaries and 8 sixes. What percent of his total score did he make by running between the wickets?**

a) ৪২% b) ৪৫.৪৬%

c) ৫৪.৫% d) ৫৮.৬% **ans. B**

Solution:

প্রশ্নে বলা হচ্ছে, 3 টি 4 এবং 8 টি 6 এর মাধ্যমে একজন ব্যাটসম্যান 110 রান করলো। সে কত শতাংশ রান দৌড়ে নিল?

4 এবং 6 এর মাধ্যমে সে রান নিল

$= (3 \times 4) + (6 \times 8) = 12 + 48 = 60$ রান

অতএব, সে দৌড়ে রান নিল $= 110 - 60 = 50$ রান

শতকরা দৌড়ে রানের পরিমাণ

$= \left(\frac{50}{110} \times 100\right)\% = 45\frac{5}{11}\%$

61. **A sum of money is to be distributed among A, B, C, D in the proportion of 5 : 2 : 4 : 3. If C gets Tk. 1,000 more than D, what is B's share?**

a) ৫০০ টাকা b) ২,০০০ টাকা

c) ১,৫০০ টাকা d) ১,০০০ টাকা **ans. B**

Intelligent Solution:

প্রশ্নে বলা হচ্ছে যে, A, B, C, D এর মধ্যে 5 2, 4 3 এই অনুপাতে কিছু টাকা ভাগ করা হলো। C যদি D থেকে 1,000 টাকা বেশি পায় তবে B এর অংশ কত?

(C – D) অর্থাৎ 4 – 3 = 1 অনুপাত = 1,000 টাকা

B অর্থাৎ 2 অনুপাত = $1,000 \times 2 = 2,000$ টাকা।

62. **Identify the correct sentence**

a) yesterday he has gone home

b) yesterday he did gone home

c) yesterday he had gone home

d) yesterday he went home **ans. D**

Solution:

Yesterday থাকায় Past Indefinite Tense হবে।

বাক্যের অর্থঃ গতকাল সে বাড়িতে গিয়েছিল।

63. **What would be the right synonym of 'Initiative'?**

a) apathy b) enterprise

c) indolence d) activity **ans. B**

Solution:

Initiative – প্রথম পদক্ষেপ; প্রত্যুপক্রম।

Apathy – সমবেদনা বা আগ্রহের অভাব।

Enterprise – সাহসী উদ্যোগ।

Indolence – আলস্য; শ্রমবিমুখতা।

64. **The antonym of 'Indifference' is**

a) ardor b) compassion

c) anxiety d) concern **ans. D**

Solution:

Ardor – উষ্ণ আবেগ; আকুলতা; উৎসাহ।

Compassion – করুণা; সমবেদনা।

Anxiety – উদ্বেগ; দুশ্চিন্তা।

Concern – সংশ্লিষ্ট করা; গুরুত্ববহ হওয়া।

65. **The best passive form of the sentence "The pill tastes bitter" is:**

a) The pill was bitter when it was tasted.

b) The pill is bitter when it tastes.

c) The pill was bitter when it tasted.

d) The pill is bitter when it is tasted. **ans. D**

Solution:

Complement বিশিষ্ট Quasi- passive verb যুক্ত বাক্যের Active voice কে Passive form এ রূপান্তর করার নিয়মটি হল Sub + be verb + complement +

when/ it + it / they + be verb + মূল Verb এর Past participle form. একারণে The pill tastes bitter এর Passive হবে The pill is bitter when it is tasted. একইভাবে

Active: Rice sells cheap.

Passive: Rice is cheap when it is sold.

66. All the following sentence are compound except

a) He was ill, therefore, he could not come

b) Speak the truth and I shall pardon you

c) He must return the goods or pay the bill

d) I offended him as did this **ans. D**

Solution:

Compound বাক্য চেনার উপায়ঃ Compound বাক্যের Coordinating conjunction গুলো হলো and, or, but, both and, not only but only, no than, neither nor, either or, for ইত্যাদি।

67. Which of the following nouns is used in the masculine form?

a) autumn b) moon

c) peace d) time **ans. D**

Solution:

Moon, spring, solitude (একাকীত্ব), virtue (গুণ), hope (আশা) ইত্যাদি শব্দগুলো থেকে মেয়েলি ধারণা মনে জাগে বলে এদের Feminine gender হিসেবে ধরা হয়। আবার Sun, death, summer, winter, thunder, war, anger, fear ইত্যাদি শব্দগুলো দ্বারা পুরুষালি ধারণা মনে জাগে বলে এদেরকে Masculine gender হিসেবে ধরা হয়।

68. মনে করুন প্রতি স্টপেজে বাস থেকে অর্ধেক বাসযাত্রী নামে এবং অতিরিক্ত কোন যাত্রী উঠে না। যদি ৪র্থ বাস স্টপেজে শেষ বাসযাত্রীর পূর্ববর্তী যাত্রী নামে, তাহলে বাসে কতজন যাত্রী ছিল?

a) ১৬ b) ২০

c) ৩২ d) ৬৪ **ans. A**

Solution:

এটি IQ type question. তাই অপশন ধরে করুন।

১৬ জন বাসে থাকলে

১ম বাস স্টপেজে নামবে = $১৬ \times \frac{১}{২} = ৮$ জন।

বাকি থাকে ৮ জন।

২য় বাস স্টপেজে নামবে = $৮ \times \frac{১}{২} = ৪$ জন।

বাকি থাকে ৪ জন।

৩য় বাস স্টপেজে নামবে = $৪ \times \frac{১}{২} = ২$ জন।

বাকি থাকে ২ জন।

যেহেতু বাসে দুইজন ছিল, তাহলে ৪র্থ বাস স্টপেজে ১ জন নামবে এবং শেষ বাসযাত্রী বা ড্রাইভার বসে থাকবে।

69. Which one is the singular number?

a) Criteria b) Data

c) Agenda d) Index **ans. D**

Solution:

বিভিন্ন ভাষা থেকে ইংরেজী ভাষায় Foreign plural নিজেদের স্থান দখল করে নিয়েছে এবং বর্তমানে এরা ইংরেজী ভাষার অবিচ্ছেদ্য অংশ

Singular	*Agendum* (আলোচ্য সূচি)	*Criterion* (নির্ণায়ক)	*Datum* (উপাত্ত)	*Index* (সূচক)
Plural	*Agenda*	*Criteria*	*Data*	*Indexes*

70. বঙ্গবন্ধু-১ স্যাটেলাইটটি কবে মহাকাশে পাঠানো হয়?

a) ১২ মে ২০১৮ b) ১৬ মে ২০১৮

c) ১২ মার্চ ২০১৮ d) ১৪ মে ২০১৮ **ans. A**

Solution:

বঙ্গবন্ধু-১ স্যাটেলাইটের মূল অবকাঠামো তৈরি করেছে ফ্রান্সের থ্যালেস অ্যালেনিয়া স্পেস। ৩০ মার্চ ২০১৮ একটি বিশেষ উড়োজাহাজে করে ফ্রান্স থেকে যুক্তরাষ্ট্রের ফ্লোরিডার কেপ ক্যানাভেরাল লঞ্চ প্যাডে স্যাটেলাইটটি পৌঁছায়। ২০১৮ সালের ১২ মে যুক্তরাষ্ট্রের ফ্লোরিডা অঙ্গরাজ্যের কেপ ক্যানাভেরাল থেকে বঙ্গবন্ধু-১ স্যাটেলাইটটি উৎক্ষেপন করা হয়। এটি ফ্যালকন ৯ ব্লক ৫ রকেটের মাধ্যমে উৎক্ষেপন করা হয়েছিল।

71. অটিজম সচেতনতা দিবস পালন করা হয় কবে?
a) ২০ এপ্রিল b) ৩ মে
c) ২ এপ্রিল d) ১৭ মার্চ **ans. C**

72. প্রধানমন্ত্রী শেখ হাসিনা বিশ্বভারতী থেকে কত সালে 'দেশিকোত্তম' উপাধি লাভ করেন?
a) ১৯৯৬ সালে b) ১৯৯৯ সালে
c) ২০০৯ সালে d) ২০১৮ সালে **ans. B**

73. ২ - ৪ + ৮ - ১৬ + ... ধারাটির প্রথম ৭টি পদের সমষ্টি কত?
a) ৩৬ b) ৮৬
c) ৫২ d) ৫৬ **ans. B**

Solution:

এটি একটি গুণোত্তর ধারা যার ১ম পদ $a = 2$

এবং সাধারণ অনুপাত $q = \frac{-4}{2} = -2$

যেহেতু $q < 1$ তাই সমষ্টির ক্ষেত্রে $S_n = \frac{a(1-q^n)}{1-q}$ সূত্রটি ব্যবহার করব। এখানে $n = 7$

$$S_7 = \frac{2[1-(-2)^7]}{1-(-2)}$$

$$= \frac{2[1-(-128)]}{1+2}$$

$$= \frac{2(1+128)}{3}$$

$$= \frac{2 \times 129}{3}$$

$$= 2 \times 43 = 86$$

74. A Brief History of Time গ্রন্থটির রচয়িতা কে?
a) প্রফেসর আব্দুস সালাম b) প্রফেসর জামাল নজরুল ইসলাম
c) স্টিফেন হকিং d) আইনস্টাইন **ans. C**

75. বঙ্গবন্ধুর ৭ই মার্চ, ১৯৭১ তারিখে রেসকোর্স ময়দানে প্রদত্ত ভাষণটিকে ইউনেস্কো কত তারিখে বিশ্ব ঐতিহ্যের প্রামাণ্য দলিল হিসেবে ঘোষণা দেয়?
a) ২৯ সেপ্টেম্বর ২০১৭ b) ৩০ অক্টোবর ২০১৭
c) ২০ অক্টোবর ২০১৭ d) ৩০ নভেম্বর ২০১৭
ans. B

Solution:

Repeat:Investment Corporation of Bangladesh (Cashier) 16.03.2018 & Question: 51.

76. নেপালে বাংলাদেশের ইউএস বাংলার বিমান বিধ্বস্ত হয় কত তারিখে?
a) ১২ মার্চ ২০১৮ b) ২৮ মার্চ ২০১৮
c) ১২ এপ্রিল ২০১৮ d) ১৫ মার্চ ২০১৮ **ans. A**

Solution:

১২ মার্চ ২০১৮ স্থানীয় সময় দুপুর ২টা ১৫ মিনিটে (ইউটিসি +৫:৪৫) একটি বোম্বার্ডিয়ার ড্যাশ ৮ কিউ ৪০ নামের ইউএস বাংলা এয়ারলাইন্সের ফ্লাইট ২১১ বাংলাদেশের ঢাকার শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর থেকে ইউএস-বাংলা বিমানের একটি আন্তর্জাতিক যাত্রীবাহী ফ্লাইট হিসেবে নেপালের কাঠমুন্ডুর ত্রিভুবন আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণের সময় বিধ্বস্ত হয়। উড়োজাহাজটিতে মোট ৭১ জন আরোহী ছিল। যার মধ্যে ৫১ জন নিহত হয় ও ২০ জনকে জীবিত উদ্ধার করা হয়।

77. বাংলাদেশের নৌবাহিনীতে প্রথমবারের মত সাবমেরিন যুক্ত হয় কবে?
a) ১৭ এপ্রিল ২০১৭ b) ১২ মার্চ ২০১৭
c) ১২ মার্চ ২০১৮ d) ৭ মার্চ ১৯৯৭ **ans. B**

Solution:

'বনৌজা নবযাত্রা' এবং 'বনৌজা জয়যাত্রা' চীন থেকে আমদানি করা হয়। দুটি টর্পেডো এবং মাইনসজ্জিত এই সাবমেরিন দুটি ঘণ্টায় ১৭ নটিক্যাল মাইল পর্যন্ত পাড়ি দিতে সক্ষম। উল্লেখ্য, বর্তমানে বাংলাদেশ সহ বিশ্বের ৪০টি দেশে নৌবাহিনীর সাবমেরিন রয়েছে।

78. কারাগারের রোজনামচা বইটি বঙ্গবন্ধুর কততম জন্মদিনে প্রকাশিত হয়েছে?
a) ৯৭তম b) ৯৮তম
c) ৯৯তম d) ৯৬তম **ans. C**

79. আমি যদি তোমার জায়গায় হতাম-সঠিক Translate কোনটি?
a) If I were your shoes
b) If I was in your condition
c) If I was in your place
d) If I was in your situation **ans. A**

Solution:

Be in/ put oneself in somebody's shoes অর্থ নিজেকে অন্যের অবস্থানে কল্পনা করা; অন্যের স্থান দখল করা। আর অসম্ভব কল্পনা করা অর্থে If I were বসাতে হয়।

80. **The phrase 'Achilles' heel' means:**

a) a strong point b) a serious idea

c) a permanent solution d) a weak point ***ans.* D**

Solution:

Achilles heel অর্থ ক্ষুদ্র কিন্তু দুর্বল বা আক্রম্য অংশ। বিশেষত Achilles heel দ্বারা মানুষের চরিত্রের বা অঙ্গের দুর্বল দিক কে বুঝানো হয়।

81. **The family does not feel ____ going outside this season.**

a) like b) in

c) on d) of ***ans.* A**

Solution:

Feel like মানে To have an inclination for something or doing something.

অর্থাৎ কোন কিছু করতে ইচ্ছুক বা আগ্রহী হওয়া।

যেমনঃ I don't feel like going to the picnic.

বাক্যের অর্থঃ পরিবারটি এই ঋতুতে বাইরে যাওয়ার প্রয়োজন অনুভব করছেন।

82. **শতকরা বার্ষিক ৫ টাকা হার সুদে ৭২০ টাকার ২ বছর ৪ মাসের সুদ কত হবে?**

a) ৮৩ টাকা b) ৮৪ টাকা

c) ৮২ টাকা d) ৯০ টাকা ***ans.* B**

Solution:

মাসের ক্ষেত্রে সুদের পরিমাণ বের করার সূত্রটি হলোঃ

$$\text{সুদ} = \frac{\text{আসল} \times \text{হার} \times \text{মাস}}{১২ \times ১০০}$$

$$\Rightarrow \text{সুদ} = \frac{৭২০ \times ৫ \times ২৪}{১২ \times ১০০}$$ [এক্ষেত্রে ২ বছর ৪ মাস = ২৪ মাস]

সুদ = ৮৪ টাকা

83. **The interest on a certain deposit at 4.5% p.a is taka 202.50 in one year. How much will the additional interest in one year be on the same deposit at 5% p.a?**

a) ২২.৫০ টাকা b) ২০.২৫ টাকা

c) ৪২.৭৫ টাকা d) ২৫ টাকা ***ans.* A**

Solution:

একটি নির্দিষ্ট মূলধন বার্ষিক 4.5% হারে এক বছর খাটালে মোট 202.50 টাকা সুদ হয়। ঐ একই মূলধন বার্ষিক 5% হারে খাটালে অতিরিক্ত কত টাকা সুদ পাওয়া যাবে?

মনে করি, আসলের পরিমাণ x টাকা

তাহলে সুদ-কষার সূত্র- $I = prt$ অনুসারে পাই,

$x \times 4.5\% \times 1 = 202.50$

$\Rightarrow x \times \frac{4.5}{100} = 202.5$

$x = 4,500$ টাকা

আবার, 4,500 টাকায় 5% হারে 1 বছরে সুদ হবে

$= (4,500 \times 5\% \times 1)$

$= 4,500 \times \frac{5}{100}$

= 225 টাকা

অতিরিক্ত সুদের পরিমাণ = (225 – 202.5) টাকা

= 22.50 টাকা

84. **The greatest number which will divide: 4003, 4126 and 4249, leaving the same remainder in each case:**

a) 43 b) 41

c) 45 d) 50 ***ans.* B**

Solution:

প্রশ্নে বলা হচ্ছে যে, নিচের কোন বৃহত্তম সংখ্যা দ্বারা 4003, 4126 এবং 4249 কে ভাগ করলে প্রতি ক্ষেত্রে একই ভাগশেষ থাকবে?

৪১ দ্বারা ৪০০৩, ৪১২৬ এবং ৪২৪৯ কে ভাগ করলে প্রতিক্ষেত্রে ভাগশেষ থাকে ২৬।

85. **'আলো' শব্দের বিপরীত শব্দ কোনটি?**

a) আধার b) অন্ধকার

c) কালো d) আঁধার ***ans.* B & D**

Solution:

আলোর সমার্থক শব্দ	আলোর বিপরীত শব্দ
বিভা, ময়ূখ, অংশু, কর, প্রভা	তিমির, তম, তমিস্র, আধিঁয়ার, আন্ধার

কিন্তু আধার অর্থ পাত্র; অবলম্বন; স্থান।

86. **'সুশিক্ষিত লোক মাত্রই স্বশিক্ষিত' উক্তিটি কার?**

a) রবীন্দ্রনাথ ঠাকুর b) প্রমথ চৌধুরী
c) কালি প্রসন্ন মজুমদার d) অন্নদা শঙ্কর রায় ***ans.* B**

87. **'মনীষা' শব্দের বিপরীত অর্থ কোনটি?**

a) নির্বোধ b) প্রভা
c) মনস্বিতা d) স্থিরতা ***ans.* A**

Solution:

মনীষা শব্দটি বিশেষ্য। এর অর্থ হলো প্রজ্ঞা, তীক্ষ্মবুদ্ধি, প্রতিভা। আর বিপরীত শব্দ হলো নির্বোধ।

88. **'শ্মশ্রু' এর অর্থ কি?**

a) শশুর b) দাড়ি গোঁফ
c) অশ্রু d) শাশুড়ী ***ans.* D**

89. **'বাড়ি থেকে নদী দেখা যায়' কোন কারকে কোন বিভক্তি?**

a) অধিকরণে ৭মী b) অধিকরণে ৫মী
c) অপাদানে ৫মী d) অধিকরণে ৩য়া ***ans.* B**

Solution:

'এ বাড়িতে কেউ নেই' এখানে বাড়িতে অধিকরণে সপ্তমী বিভক্তি। কিন্তু 'বাড়ি থেকে নদী দেখা যায়' এখানে বাড়ি থেকে অধিকরণে পঞ্চমী বিভক্তি।

90. **'কাল নিরবধি' গ্রন্থটি যাঁর আত্মজীবনী**

a) মুস্তাফা নূরউল ইসলাম b) আনিসুজ্জামান
c) আব্দুল্লা আবু সায়ীদ d) হুমায়ুন আহমেদ ***ans.* B**

Solution:

Repeat: *Sonali Bank Ltd. (SO) 01.06.2018 & Question no: 15.*

91. **'কৈশোর' শব্দের প্রকৃতি ও প্রত্যয় কোনটি?**

a) কিশোর + ষ্ণ b) কিশোর + ঙ
c) কৈ + শোর d) কৈশ + ঙর ***ans.* A**

92. **যদি কোন বর্গফলের প্রত্যেক বাহুর পরিমাণ ১০% বৃদ্ধি পায়, তবে তার ক্ষেত্রফল শতকরা কত বৃদ্ধি পাবে?**

a) ১০% b) ২০%
c) ১১% d) ২১% ***ans.* D**

Intelligent Solution:

Shortcut *সূত্র :* % বৃদ্ধি /হ্রাস $= A + B + \frac{A \times B}{100}$

Exam Shortcut: এখানে $A = B = +10$

$$\% C = 10 + 10 + \frac{10 \times 10}{100} = 21\%$$

93. **একটি কুকুর একটি খরগোশকে ধরার জন্য তাড়া করে। কুকুর যে সময়ে ৪ লাফ দেয়, খরগোশ সে সময় ৫ লাফ দেয়। কিন্তু খরগোশ ৪ লাফে যতদূর যায় কুকুর ৩ লাফে ততদূর যায়। কুকুর ও খরগোশের গতিবেগের অনুপাত কত?**

a) ১৩ ঃ ১৪ b) ১৬ ঃ ১৫
c) ১৪ ঃ ১৩ d) ১১ ঃ ১০ ***ans.* B**

Solution:

মনে করি, খরগোশের ৪ লাফের দূরত্ব = কুকুরের ৩ লাফের দূরত্ব = x মিটার

এখন, খরগোশের ৪ লাফের দূরত্ব = x মিটার

খরগোশের ১ লাফের দূরত্ব = $\frac{x}{৪}$ মিটার

খরগোশের ৫ লাফের দূরত্ব = $\frac{৫x}{৪}$ মিটার

আবার, কুকুরের ৩ লাফের দূরত্ব = x মিটার

কুকুরের ১ লাফের দূরত্ব = $\frac{x}{৩}$ মিটার

কুকুরের ৪ লাফের দূরত্ব = $\frac{৪x}{৩}$ মিটার

গতিবেগ অনুপাতে কুকুর ঃ খরগোশ $= \frac{৪x}{৩} ঃ \frac{৫x}{৪} = \frac{৪}{৩} ঃ \frac{৫}{৪}$

$= ১৬ ঃ ১৫$

94. **If $x + y = 7$ and $x^2 + y^2 = 25$, then which one of the following equals the value of $x^3 + y^3$?**

a) ২৫ b) ৮১
c) ৬৪ d) ৯১ ***ans.* D**

Solution:

দেয়া আছে, $x^2 + y^2 = 25$

$\Rightarrow x^2 + y^2 = 25$

$\Rightarrow (x+y)^2 - 2xy = 25$

$\Rightarrow 7^2 - 2xy = 25$ [দেয়া আছে, $x + y = 7$]

$\Rightarrow 2xy = 24$

$xy = 12$

$x^3 + y^3 = (x+y)^3 - 3xy(x+y)$

$= 7^3 - 3 \times 12 \times 7$

$= 343 - 252$

$= 91$

95. The least number by which 294 must be multiplied to make it a perfect square is

a) ২ b) ৩

c) ৬ d) ৮ ***ans.*** **B**

Intelligent Solution:

২৯৪ এর সাথে আর সর্বনিম্ন কত গুণকরলে প্রাপ্ত সংখ্যাটি একটি পূর্ণবর্গ (Perfect square) হবে।

এই অংকের সহজ বুদ্ধি হলো ২৯৪ এর Prime Faction বের করা।

অতএব, $২৯৪ = ২ \times ৩ \times ৭ \times ৭ = ৬ \times (৭)^২$

কাজেই আরেকটি ৬ গুণ করলেই = ২৯৪×৬

$= ৬^২ \times ৭^২$ হবে যা পূর্ণবর্গ।

96. ৩.৫ বিঘা = কত বর্গগজ?

a) ৪,০০০ b) ১৪,৪০০

c) ৫,৬০০ d) ৭,২০০ ***ans.*** **C**

Solution:

আমরা জানি, ১ বিঘা = ১,৬০০ বর্গগজ

৩.৫ বিঘা = ১,৬০০ × ৩.৫ = ৫,৬০০ বর্গগজ।

97. বিশ্বকাপ ফুটবল ২০১৮ এ গোল্ডেনবুট জয়ী খেলোয়াড় কে?

a) লুকা মদরিচ b) হ্যারি কেন

c) থিবো কর্তোয়া d) ক্লিয়ান এমবাপ্পে ***ans.*** **B**

Solution:

লুকা মদরিচ পেয়েছেন গোল্ডেন বল।

98. প্রথম বিশ্ব ক্রিকেট টেস্ট চ্যাম্পিয়নশীপ অনুষ্ঠিত হবে কোথায় ও কোন সালে?

a) ভারতে ২০১৯ সালে

b) ইংল্যান্ডে ২০১৯ সালে

c) অস্ট্রেলিয়ায় ২০২০ সালে

d) কাতারে ২০২২ সালে ***ans.*** **B**

99. কোন দেশের নিজস্ব সংবিধান নেই?

a) ইংল্যান্ড b) অস্ট্রেলিয়া

c) স্পেন d) ক + গ ***ans.*** **Note**

Solution:

ইংল্যান্ডের সংবিধান অলিখিত সংবিধান। অস্ট্রেলিয়া এবং স্পেনের সংবিধান রয়েছে। কিন্তু সৌদিআরব, কাতার এসব দেশের কোন সংবিধান নেই।

100. সম্প্রতি বাংলদেশে OIC পররাষ্ট্রমন্ত্রী সম্মেলন অনুষ্ঠিত হয়। সম্মেলনটি কততম এবং কত তারিখে অনুষ্ঠিত হয়?

a) ৪৫তম, ৫-৬ মে ২০১৮

b) ৪৬তম, ৭-১০ মে ২০১৮

c) ৪৭তম, ৩-৪ আগষ্ট ২০১৮

d) ৪৪তম, ৫-৬ মে ২০১৮ ***ans.*** **A**

Solution:

৫-৬ মে ২০১৮ ঢাকায় অনুষ্ঠিত হয় বিশ্বের মুসলিম দেশগুলোর জোট OIC এর ৪৫তম পররাষ্ট্রমন্ত্রী সম্মেলন। ৬-১১ ডিসেম্বর ১৯৮৩ সালে ঢাকায় OIC পররাষ্ট্রমন্ত্রীদের এ সম্মেলন আয়োজন করে বাংলাদেশ। এবারের সম্মেলনের প্রতিপাদ্য ছিল 'টেকসই শান্তির জন্য ইসলামী মূল্যবোধ, সংহতি ও উন্নয়ন'। এতে OIC এর সদস্য ৫৬টি দেশের মধ্যে ৫২টি দেশের ৬০০ প্রতিনিধি অংশ নেন। ৫ মে ২০১৮ প্রধানমন্ত্রী শেখ হাসিনা ৪৫তম OIC পররাষ্ট্রমন্ত্রী সম্মেলন উদ্বোধন করেন।

www.boighar.com

Joint Recruitment Test for 3 Banks

Recruitment Test for Officer (Cash) – 12.10.2018

AUST 05 09 19

Q. (01-05): Fill in the blank with right option.

01. **The _____ chosen for construction of the building is in the heart of the city.**

a) cite b) site
c) slight d) sight ***ans.* B**

Solution:

Site অর্থ কোন কিছুর নির্ধারিত স্থান। যেমনঃ A site for a new hotel. উপরে উল্লিখিত বাক্যে Building construction এর জন্য এই Site এর কথা বলা হয়েছে।

Cite – অর্থ উদ্ধৃতি দেয়া	Slight – হালকা-পাতলা
Sight – দৃষ্টিশক্তি	Heart of the city – শহরের প্রাণকেন্দ্র

বাক্যের অর্থঃ বিল্ডিং নির্মাণের জন্য যে স্থান বাছাই করা হয়েছে তা শহরের প্রাণকেন্দ্রে অবস্থিত।

02. **He went _____ to oblige his superior.**

a) on his way b) in his way
c) with his way d) out of his way ***ans.* D**

Solution:

Go out of one's way (to do something) অর্থ কোনো কিছুর জন্য বিশেষ রকমে চেষ্টা করা; যা সম্ভব তার চেয়ে বেশি কিছু করার চেষ্টা করা।

যেমনঃ He went out of his way to help me.

Way দিয়ে বিশেষ গুরুত্বপূর্ণ Phrase নিচে দেয়া হলোঃ

Make one's way in life – নিজের পথ করে নেয়া; সাফল্য অর্জন করা	Lead the way – নেতৃত্ব দেয়া; পথ প্রদর্শক হওয়া
Make one's way to/forward – অগ্রসর হওয়া	Out of the way – ব্যতিক্রমধর্মী; অনন্য সাধারণ

বাক্যের অর্থঃ সে তার পদমর্যাদার চেয়ে উচ্চতর ব্যক্তি কে সাহায্য করার জন্য সর্বাত্নক চেষ্টা করলেন।

03. **The teachers said that they were no longer prepared to _____ the ways of the new Headmaster.**

a) put up with b) put up to
c) with his way d) put over with ***ans.* A**

Solution:

Put up with অর্থ কোনো প্রকারের অভিযোগ ছাড়াই সহ্য করা; মানিয়ে চলা। এক্ষেত্রে শিক্ষকগণ প্রধান শিক্ষকের কর্মকান্ডের সাথে নিজেদের আর খাপ খাইয়ে নিতে পারছিল না বলে Put up with ব্যবহার করতে হবে।

বাক্যের অর্থঃ শিক্ষকগণ বললেন যে তারা আর প্রধান শিক্ষকের কর্মকান্ডের সাথে মানিয়ে চলতে প্রস্তুত নয়।

04. **Obviously, objectives occasionally _____ be modified or changed.**

a) must to b) have to
c) shouldn't d) ought ***ans.* B**

Solution:

Have to modified or changed অর্থ বদলাতে হবে বা পরিবর্তন করতে হবে।

বাক্যের অর্থঃ অবশ্যই মাঝে মাঝে আমাদের উদ্দেশ্য ও লক্ষ্যমাত্রাগুলোকে বদলাতে বা পরিবর্তন করতে হবে।

05. **The emergency services _____ the accident site as soon as the news of the train collision was _____ to them.**

a) suspended, emitted b) carried, postponed
c) reached, relayed d) marked, transferred
***ans.* C**

Solution:

Repeat: *Joint Recruitment Test for 8 Banks (SO) 31.08.2018 & Question no: 02.*

Q. (06-10): Select the word or phrase that is most closely opposite in meaning to the original word.

06. **Accumulate**

a) Amass b) Produce
c) Gather d) Scatter ***ans.* D**

Solution:

Accumulate – সংখ্যা বা পরিমাণে বৃদ্ধি পাওয়া। Amass – রাশীকৃত করা। Gather – জড়ো করা বা হওয়া। Scatter – ইতস্তত ছড়ানো বা ছড়িয়ে পড়া।

07. **Costly**

a) Frugal b) Economical
c) Thrifty d) Expensive

***ans.* B**

Solution:

Costly – মূল্যবান বা দামি। কিন্তু এর Frugal অর্থ মিতব্যয়ী; হিসেবি। Economical অর্থ মিতব্যয়ী এবং Thrifty অর্থ মিতব্যয়ী। এর সমার্থক শব্দ হবে Expensive. কিন্তু Economical এর একটি অর্থ হলো সস্তা যা Costly এর Antonym. তাই সঠিক উত্তর অপশন *b*).

08. **Forbid**

a) Forgive b) Refuse
c) Allow d) Deprive ***ans.* C**

Solution:

Forbid – নিষেধ করা। Forgive – ক্ষমা/মাফ/মার্জনা করা। Deprive – বঞ্চিত/ বিরহিত করা। Allow – অনুমোদন দেয়া।

09. **Abundant**

a) Scarce b) Acrimonious
c) Ingenuous d) Heavenly ***ans.* A**

Solution:

Abundant – প্রচুর; অঢেল। Scarce – অপ্রতুল; দুর্লভ। Acrimonious – তিক্ত; কটু। Ingenuous – নিষ্কপট; অকপট; সরলচিত্ত।

10. **Gaudy**

a) Sumptuous b) Ostentatious
c) Modest d) Blatant ***ans.* C**

Solution:

Gaudy – জমকালো; চকচকে। Sumptuous – মহামূল্য; মহার্ঘ; জাঁকালো। Ostentatious – লোক দেখাতে পছন্দ করে এমন। Modest – পরিমিত; সংযত; অনুদ্বত।

Q. (11-15): Read the following passage and answer the questions given below it in the context of the passage.

P, Q, R, S, T, V and W are seven friends. Each of them likes a particular fruit, viz. Apple, banana, pear, guava, orange, mango and watermelon and each of them has a favorite city, viz. Mumbai, Pune, Delhi, Kolkata, Chennai, Hyderabad and Cochin. The choices of fruit and favorite city of the seven friends aren't necessarily in the same order.

Q likes Mango and his favorite city is Chennai. The one whose favorite city is Pune likes Watermelon. T's favorite city is Kolkata. R likes Guava and his favorite is not Mumbai. W's favorite city is Cochin and he does not like either Banana or Pear. The favorite city of the one who likes Orange is Hyderabad. T does not like Pear. P's favorite city is neither Pune nor Hyderabad. S does not like Watermelon.

P, Q, R, S, T, V এবং W নামের ৭ জন বন্ধু আছে যারা ৭ ধরনের ফল যেমনঃ Apple, banana, pear, guava, orange, mango এবং Watermelon পছন্দ করে। এই ৭ জন বন্ধুর আবার ৭টি পছন্দের শহর রয়েছে। শহরগুলো হলো Mumbai, Pune, Delhi, Kolkata, Chennai, Hyderabad এবং Cochin. এখন নিচের শর্তগুলোকে Numbering করি এবং বুঝে বুঝে সামনের দিকে যাই।

- Q এর পছন্দের শহর Chennai ও সে Mango পছন্দ করে।
- যার পছন্দের শহর Pune সে Watermelon পছন্দ করে এবং যার পছন্দের শহর Hyderabad সে Orange পছন্দ করে।
- T এর পছন্দের ফল Kolkata এবং সে Pear পছন্দ করে না।
- R এর পছন্দের ফল Guava এবং তার Mumbai শহর পছন্দের নয়।
- W এর পছন্দের শহর Cochin এবং সে Banana কিংবা Pear পছন্দ করে না।
- P এর পছন্দের শহর Pune কিংবা Hyderabad নয়।
- S এর পছন্দের ফল Watermelon নয়।

আসুন এবার এই শর্তগুলোকে চার্ট অনুযায়ী সাজিয়ে প্রশ্নের সমাধানে যাইঃ

বন্ধুদের নাম	P	Q	R	S	T	V	W
পছন্দের ফল	Pear	Mango	Guava	Orange	Banana	Watermelon	Apple
পছন্দের শহর	Mumbai	Chennai	Delhi	Hyderabad	Kolkata	Pune	Cochin

11. **Which of the following combinations of Person-Fruit-City is incorrect?**

a) R-Guava-Kolkata b) T-Banana-Cochin
c) S-Guava-Delhi d) All are incorrect
***ans.* D**

Solution:

প্রশ্নে বলা হচ্ছে, নিচের কোন Combination শুদ্ধ নয়? চার্ট অনুযায়ী কোনো পছন্দের ফল ও শহরের নাম অপশনে প্রদত্ত তথ্যের সাথে মিলে না। তাই উত্তর অপশন *d*).

12. **Which is V's favorite city?**

a) Pune b) Hyderabad
c) Data inadequate d) Mumbai ***ans.* A**

Solution:

প্রশ্নে বলা হচ্ছে, নিচের কোন শহরটি V এর পছন্দের শহর? চার্ট অনুযায়ী V এর পছন্দের ফল Watermelon এবং শহর Pune. তাই সঠিক উত্তর হবে অপশন *a*).

13. **Who likes Apple?**

a) W b) T
c) V d) P ***ans.* A**

Solution:

প্রশ্নে বলা হচ্ছে যে, নিচের কে আপেল পছন্দ করে?
T এর পছন্দের ফল Banana. V এর পছন্দের ফল Watermelon এবং P এর পছন্দের ফল Pear. কিন্তু W এর পছন্দের ফল Apple. তাই সঠিক উত্তর অপশন *a*).

14. **Which fruit does P like?**

a) Apple b) Orange
c) Pear d) Watermelon ***ans.* C**

Solution:

প্রশ্নে বলা হচ্ছে যে, P নিচের কোন ফলটি পছন্দ করে? চার্টের প্রথমেই দেয়া আছে P এর পছন্দের ফল Pear.

15. **Which is R's favorite city?**

a) Mumbai b) Delhi
c) Hyderabad d) Pune ***ans.* B**

Solution: প্রদত্ত চার্ট অনুযায়ী R এর পছন্দের শহর Delhi.

Q. (16-20): Each sentence has four parts, marked, (A), (B), (C) and (D). Identify the incorrect part of the sentence.

16. The **pump** (A)/ shut **off** (B)/ as a **result** (C)/ of a **mecanical** (D)/ failure.

a) pump b) off
c) result d) mechanical ***ans.* D**

Solution:

Mecanical না হয়ে Mechanical হবে। এর অর্থ যান্ত্রিক বা যন্ত্রসংক্রান্ত। উল্লেখ্য Shut off অর্থ সরবরাহ বা প্রবাহ রুদ্ধ রাখা।

বাক্যের অর্থঃ যান্ত্রিক ত্রুটির কারণে পাম্পটির হওয়া সরবরাহের কাজ বন্ধ রয়েছে।

17. The book is **full** (A)/ of **updated** (B)/ and **contemporary** (C)/ **commentary** (D).

a) full b) updated
c) contemporary d) commentary ***ans.* C**

Solution:

Contemparary না হয়ে Contemporary হবে। Contemporary commentary অর্থ সমকালীন বা সমসাময়িক মন্তব্য।

বাক্যের অর্থঃ বইটি হালনাগাদ ও সমসাময়িক মন্তব্যে ভরপুর।

18. Roshni was **found** (A)/ of pets and she was a **proud** (B)/ owner of many **unique** (C)/ **animals** (D)

a) found b) proud
c) unique d) animals ***ans.* A**

Solution:

Found of না হয়ে Fond of হবে। কারণ Be fond of অর্থ কোনো কিছুর অনুরাগী বা কোনো কিছুতে আসক্ত হয়ে তা ভালোবাসা বা পছন্দ করা।

বাক্যের অর্থঃ রশনি পোষা প্রাণী খুব পছন্দ করে এবং সে অনেক চমৎকার চমৎকার প্রাণীর গর্বিত মালিক

19. The book is **full** (A)/ of **updated** (B)/ and **contemporary** (C)/ **commentary** (D).

a) full b) updated
c) contemporary d) commentary ***ans.* C**

Solution:

Same as 17.

20. The first thing that catches your **eye**(A)/ in this **building** (B)/ is the **flour** (C)/ with larger **lights** (D)

a) eye b) building
c) flour d) lights ***ans.* C**

Solution:

Building এর Flour না Floor থাকে। তাই সঠিক উত্তর হবে অপশন *c*).

বাক্যের অর্থঃ প্রথমে এই বিল্ডিংয়ের যে জিনিসটি তোমার চোখে পড়বে তা হলো লেজার রশ্মি সমৃদ্ধ মেঝে।

21. **'সন্দেশ' কোন শ্রেণির শব্দ?**

a) যোগরূঢ় b) যৌগিক
c) তৎসম d) রূঢ়ি ***ans.* D**

S: যে শব্দের ব্যুৎপত্তিগত অর্থের সঙ্গে প্রচলিত অর্থের পার্থক্য থাকে তাকে রূঢ় বা রূঢ়ি শব্দ বলে। অর্থাৎ প্রত্যয় বা উপসর্গ যোগকৃত শব্দ যখন মূল শব্দের অর্থের অনুগামী না হয়ে অন্য অর্থ প্রকাশ করে। যেমনঃ প্রবীণ অর্থ প্রকৃষ্টরূপে সে বীণা বাজায় (প্র + বীণ)। কিন্তু প্রবীণ অর্থ বৃদ্ধ বা প্রাচীন। ঠিক তেমনি সন্দেহের শব্দ ও প্রত্যয়গত অর্থ সংবাদ কিন্তু রূঢ়ি অর্থে 'মিষ্টান্ন বিশেষ'। আরো কিছু রূঢ়ি শব্দ হলো কদর্য, রাখাল, বৎস, শুশ্রূষা, কারচুপি, ফলাহার, গবেষণা ইত্যাদি।

22. **কোনটি নিত্য সমাসের সমস্ত পদ?**

a) নরপশু b) গ্রামান্তর
c) মনমাঝি d) উপনদী ***ans.* B**

Solution:

Repeat: *BASIC Bank Ltd. (AM) 26.01.2018 & Question no: 09.*

23. **'কাতুর্জ' কোন ভাষার শব্দ**

a) ইংরেজি b) ফারসি
c) ফরাসি d) জার্মান ***ans.* C**

24. **ধ্বনিবাচক দ্বিরুক্ত শব্দ কোনটি?**

a) দরদর b) মরমর
c) নরনর d) কড়কড় ***ans.* D**

25. **'√কাঁদ + অন' কোন প্রত্যয়ের অন্তর্ভুক্ত?**

a) কৃৎ প্রত্যয় b) তদ্ধিত প্রত্যয়
c) বাংলা কৃৎ প্রত্যয় d) কোনটিই নয় ***ans.* C**

Solution:

বাংলা ব্যাকরণে কৃৎপ্রত্যয়য়োগে শব্দ গঠনের সময় ক্রিয়া বাচক বিশেষ্য গঠনে এমন প্রত্যয়ের ব্যবহার দেখা যায়। যেমন √কাঁদ + অন = কাঁদন। এটি দ্বারা কান্নার ভাবকে বুঝানো হচ্ছে। এরকম আরো কিছু কৃৎ প্রত্যয়েয়োগে গঠিত শব্দ হলোঃ নাচন, বাড়ন, ঝুলন, দোলনা ইত্যাদি।

26. **'শ্রবণ' শব্দের সঠিক প্রকৃত-প্রত্যয় কোনটি?**

a) √শ্রাবণ + অ b) √শ্রী + অন
c) √শ্রু + অন d) √শ্রব + অন ***ans.* C**

27. **চর্যাপদ কোন ছন্দে লেখা?**

a) অক্ষরবৃত্ত b) মাত্রাবৃত্ত
c) স্বরবৃত্ত d) অমিত্রাক্ষর ছন্দ ***ans.* B**

Solution:

চর্যাপদের পদগুলো লেখার সময় প্রাচীন কোন ছন্দে রচিত হয়েছিল তা জানা যায়নি। তবে আধুনিক ছন্দের বিচারে চর্যাপদ মাত্রাবৃত্ত ছন্দে রচিত।

28. **'লিপিমালা' রচনা কে করেছেন?**

a) কাশীরাম দাস b) দ্বিজরাম দেব
c) রাম রাম বসু d) মুক্তরাম সেন ***ans.* C**

Solution:

বাংলা গদ্যের প্রাথমিক যুগের অন্যতম লেখক রামরাম বসুর বিখ্যাত বইটির নাম হলো রাজা প্রতাপাদিত্য চরিত্র (১৮০১) যা বাংলা ভাষার প্রথম মুদ্রিত মৌলিক গ্রন্থ। 'লিপিমালা' গ্রন্থটি তিনি রচনা করেন ১৮০২ সালে।

29. 'জন্ডিস ও বিবিধ বেলুন' কোন ধরনের রচনা?
a) নাটক b) উপন্যাস
c) গল্প d) রম্যরচনা **ans. A**

Solution:
'জন্ডিস ও বিবিধ বেলুন' ছাড়া সেলিম আল দীনের কিছু নাটক হলোঃ কেরামতমঙ্গল, কীর্তন খোলা, মুলতাসির ফ্যান্টাসি, চাকা ইত্যাদি।

30. শাহনামা কোথাকার মহাকাব্য?
a) গ্রিস b) রোম
c) পারস্য d) রাজস্থান **ans. C**

31. 'নিষ্ঠা' শব্দের সঠিক সন্ধি বিচ্ছেদ কোনটি?
a) নিস্ + ঠা b) নিঃ + ঠা
c) নিঃ + ষ্ঠা d) কোনটিই নয় **ans. B**

32. কোনটি সঠিক সন্ধি বিচ্ছেদ?
a) পত + অঞ্জলি = পতঞ্জলি b) অন্তঃ + লিন = অন্তর্লীন
c) তথা + এবচ = তথৈবচ d) ষট্ + আনন = ষড়ানন
ans. D

33. 'কুশীলব' শব্দটি কোন সমাসের অন্তর্গত?
a) বহুব্রীহি b) কর্মধারায়
c) দ্বন্দ্ব d) তৎপুরুষ **ans. C**

34. 'যে ব্যক্তি এক ঘর থেকে অন্য ঘরে ভিক্ষা করে বেড়ায়' এক কথায় কি হবে?
a) মাধুকরী b) অবিমৃষ্যকারী
c) অর্বাচীন d) মধুকর **ans. Note**

S: বাংলা একাডেমী ব্যবহারিক বাংলা অভিধান ষোড়শ পুনর্মুদ্রণ নভেম্বর ২০১২ এর পৃষ্ঠা নং ৯৭৫ অনুসারে মাধুকরী এর অর্থ মধুকরের নানা পুষ্প থেকে মধু আহরণের মতো নানা স্থান থেকে সংগ্রহবৃত্তি। মাধুকরীবৃত্তি অর্থ হলো মধুকরের মতো বিভিন্ন গৃহে ভিক্ষাগ্রহণ রূপ বৃত্তি। এবং মাধুকরীরর আরেকটি অর্থ হলো পরের ভাব, তথ্য প্রভৃতি আত্মসাৎ করে নিজের নামে চালিয়ে দেওয়া।

35. নিচের কোন শব্দটি অশুদ্ধ?
a) দরিদ্রতা b) উপযোগিতা
c) শ্রদ্ধাঞ্জলি d) উর্দ্ধ **ans. D**

36. নিচের কোন শব্দটি শুদ্ধ?
a) স্বায়ত্ত্বশাসন b) সায়ত্তশাসন
c) স্বায়ত্তশাসন d) স্বায়ত্বশাসন **ans. C**

37. নিচের কোনটি পারিভাষিক শব্দ?
a) ডাব b) সচিব
c) কুচ্ছিত d) বালতি **ans. B**

38. প্রথম বাংলা 'থিসরাস' বা সমার্থক শব্দের অভিধান সংকলন করেছেন
a) অশোক মুখোপাধ্যায় b) জগন্নাত চক্রবর্তী
c) মুহাম্মদ হাবিবুর রহমান d) মুহাম্মদ শহীদুল্লাহ **ans. A**

39. 'গরল' শব্দের বিপরীত শব্দ কী?
a) মৃত b) গরজ
c) অমৃত d) কোনটিই নয় **ans. C**

40. কোনটি তৎসম শব্দ?
a) ধর্ম b) ডিঙ্গা
c) তওবা d) দৌলত **ans. A**

Solution:
Repeat: *Joint Recruitment Test for 8 Banks (SO) 31.08.2018 & Question no: 29.*

Q. *(41-60): Read the following questions carefully and choose the right answer.*

41. **A sum fetches a simple interest of Tk. 6,000 at the rate of 5% p.a. in 6 years. What would be the compound interest earned at the same rate of interest and the same principal in 2 years?**
a) Tk. 2,050 b) Tk. 2,500
c) Tk. 2,125 d) Tk. 2,245 **ans. A**

Solution:
প্রশ্নে বলা হচ্ছে, কোন আসলের 5% হার সুদে 6 বছরের সুদ 6,000 টাকা হলে ঐ একই হার সুদে ঐ আসলের 2 বছরের চক্রবৃদ্ধি সুদ কত?
অঙ্কটির সমাধানের জন্য আমরা দুটো সূত্র ব্যবহার করব।
সরল সুদের ক্ষেত্রেঃ $I = \frac{Prn}{100}$ [I = সুদ; P = আসল; r = সুদের হার; n = বছরের সংখ্যা]

$\Rightarrow 6{,}000 = \frac{P \times 5 \times 6}{100}$

$P = \frac{6000 \times 100}{5 \times 6} = 20{,}000$

অর্থাৎ আসল 20,000 টাকা।

চক্রবৃদ্ধি সুদের ক্ষেত্রে, $C = P\left(1 + \frac{r}{100}\right)^n$

$= 20{,}000\left(1 + \frac{5}{100}\right)$

$\Rightarrow C = 20{,}000\left(1 + \frac{1}{20}\right) = 20{,}000\left(\frac{21}{20}\right)$

$\Rightarrow C = 20{,}000\ (1.05)^2 = 22{,}050$ টাকা

চক্রবৃদ্ধি সুদের পরিমাণ = 22,050 – 20,000 টাকা

= 2,050 টাকা

42. Alam sold an item for Tk. 6,384 and incurred a loss of 30%. At what price should he have sold the item to have gained a profit of 30%?

a) Tk. 14,656 b) Tk. 11,856

c) Tk. 13,544 d) None **ans. B**

Solution:

প্রশ্নে বলা হচ্ছে, আলম 6,348 টাকায় একটি দ্রব্য বিক্রয় করে 30% ক্ষতি ছিল। দ্রব্যটি কত টাকায় বিক্রয় করলে 30% লাভ হত?

30% ক্ষতিতে দ্রব্যটির দামের 70% হলো = 6,384 টাকা

30% ক্ষতিতে দ্রব্যটির দামের 100% হলো

$= \frac{6384 \times 100}{70} = 9{,}120$ টাকা

অর্থাৎ দ্রব্যটির ক্রয়মূল্য 9,120 টাকা

30% লাভে দ্রব্যটির বিক্রয়মূল্য হবে = 9,120 × 130%

$= \left(9120 \times \frac{130}{100}\right) = 11{,}856$ টাকা

43. Kiran purchased a scooter for Tk. 52,000. He sold it at loss of 10%. With that money he purchased another scooter and sold it a profit of 20%. What is his overall loss/profit?

a) Tk. 2,060 profit b) Tk. 2,560 loss

c) Tk. 1,3400 loss d) Tk. 4,160 profit

ans. D

Solution:

প্রশ্নে বলা হচ্ছে, কিরণ 52,000 টাকায় একটি স্কুটার কিনে 10% ক্ষতি তা বিক্রয় করল। সেই বিক্রয়মূল্যের টাকা দিয়ে সে আরেকটি স্কুটার কিনে তা 20% লাভে বিক্রয় করল। মোটের উপর তার কত লাভ/ক্ষতি হল?

10% ক্ষতিতে স্কুটারের বিক্রয়মূল্য = 52,000 × 90%

$= \left(52000 \times \frac{90}{100}\right) = 46{,}800$ টাকা

এক্ষেত্রে ক্ষতি হল = 52,000 – 46,800 = 5,200 টাকা

এখন 46,800 টাকার স্কুটার 20% লাভে বিক্রয় করলে

বিক্রয় হবে = 46,800 × 120% $= \left(46800 \times \frac{120}{100}\right)$

= 56,160 টাকা

এক্ষেত্রে লাভ হল = 56,160 – 46,800 = 9,360 টাকা

উভয় Transaction এ মোটের উপর লাভ হয়

= 9,360 – 5,200 = 4,160 টাকা।

44. A square is inscribed in a circle of diameter $2a$ and another square is circumscribing circle. The difference between the areas of outer and inner squares is

a) a^2 b) $2a^2$

c) $3a^2$ d) $4a^2$ **ans. B**

Solution:

Repeat: Joint Recruitment Test for 8 Banks (SO) 31.08.2018 & Question no: 49.

45. The average of nine numbers is 50. The average of the first five numbers is 54 and that of the last three numbers is 52. Then the sixth number is

a) 30 b) 34

c) 44 d) 24 **ans. D**

Solution:

কোলেস্টেরল অ্যালকোহল জাতীয় এক ধরনের স্টেরয়েড। শরীরে চর্বি বা কার্বোহাইড্রেট বিপাকের ফলে উৎপন্ন এসিটিক এসিড বা এসিটেট হতে কোলেস্টেরলের উৎপত্তি। রক্তে কোলেস্টেরল বেশি হলে তা ধমনীর গাত্রে আঠার মত লেগে পুরু প্রলেপ তৈরি করে। এতে ধমনীর রক্তচলাচল পথ সরু হয়ে রক্তপ্রবাহে বিঘ্ন ঘটে। তাই শরীরে ভালো কোলেস্টেরলের পরিমাণ বাড়াতে সবুজ শাক-সব্জি খেতে হয়।

46. **Materials for rain-proof coast and tents owe their water-proof properties to**

a) surface tension b) specific gravity

c) viscosity d) elasticity ***ans.* A**

Solution:

কোনো কঠিন পৃষ্ঠের উপর তরল পদার্থ পড়লে দেখা যায় যে, তরলটি পৃষ্ঠের সর্বত্র ছড়িয়ে না পড়ে ফোঁটার আকার ধারণ করতে চায়। স্বল্প আয়তনের তরল পদার্থ সর্বদাই গোলকের আকৃতি গ্রহণ করে। এজন্যই বৃষ্টির ফোঁটা, শিশির বিন্দু, পারদ বিন্দু ইত্যাদির আকৃতি গোলাকার, কেননা নির্দিষ্ট আয়তনের তরলের মুক্ত তলের ক্ষেত্রফল গোলক আকৃতির সর্বনিম্ন হয়। সুতরাং দেখা যায়, তরলবিন্দু আপনা থেকেই এমন জ্যামিতিক আকার গ্রহণ করে যেখানে ক্ষেত্রফল সর্বাপেক্ষা কম হয়। এসব ঘটনা থেকে এটা বোঝা যায় যে, তরলের পৃষ্ঠ বা মুক্ততল টানা স্থিতিস্থাপক পর্দার মতো আচরণ করে এবং ক্ষেত্রফল সঙ্কুচিত হতে চায়। আর এই ঘটনাকে বলে পৃষ্ঠটান।

পৃষ্ঠটান তরলের এমন একটি ধর্ম যার দরুন নিশ্চল তরলের মুক্তপৃষ্ঠ টান টান স্থিতিস্থাপক পর্দার মতো আচরণ করে তরলের পৃষ্ঠতলের নূন্যতম ক্ষেত্রফল বজায় রাখতে হয়।

47. **In a row in the theatre the seats are numbered consecutively form T1 to T50. Sumon is sitting in seat T17 and Shajib is sitting in seat T39. How many seats are there between them?**

a) 23 b) 21

c) 22 d) 20 ***ans.* B**

Solution:

প্রশ্নে বলা হচ্ছে যে, একটি নাট্যশালায় সীটগুলো সারিতে T1 থেকে T50 পর্যন্ত সাজানো আছে। সুমন 17 নং সীটে এবং সজীব 39 নং সীটে বসে আছে। প্রশ্ন হলো তাদের মধ্যে কতটি সীট আছে?

এক্ষেত্রে সীটসংখ্যা বের করতে হয় সংখ্যা দুটোর বিয়োগফল হতে 1. [সূত্রঃ Last – First – 1]

বিয়োগ করে অর্থাৎ সীট সংখ্যা = (39 – 17) – 1 = 22 – 1 = 21.

48. **Which of the following can be arranged into a 5-letter English word?**

a. HRGST b. RILSA c. TOOMT d. WQRGS

a) a & c b) b & c

c) c & d d) a & d ***ans.* B**

Solution:

নিচের চারটি অপশনে ইংরেজি বর্ণগুলো Randomly সাজানো রয়েছে। এগুলো ব্যবহার করে Meaning word হয় শুধুমাত্র অপশন *b*) এবং *c*) তে। অপশন *b*) তে আছে RILSA যা হবে RAILS যার অর্থ তীব্র গালিগালাজপূর্ণ বক্তব্য। আর অপশন *c*) তে আছে TOOMT যা হবে MOTTO যার অর্থ মূলমন্ত্র বা আদর্শবাণী।

www.boighar.com

www.boighar.com

49. Siddik has a new set of golf clubs. Using a club 8, 7 and 6 the ball travels an average distance of 100*m*, 108*m*, 114*m* respectively. How far will the ball go if he uses a clnb 5?

a) 122*m* b) 120*m*

c) 118*m* d) 116*m* **ans. C**

Solution:

প্রশ্নে বলা হচ্ছে যে, সিদ্দিকের নিকট কিছু গলফ্ খেলার লাঠি রয়েছে। 8, 7 এবং 6 নং লাঠি ব্যবহার করে গলফের বল গড়ে যথাক্রমে 100 মিটার, 108 মিটার এবং 114 মিটার দূরত্ব অতিক্রম করে। এখন প্রশ্ন হলো 5ম লাঠি দিয়ে খেললে বল কত দূর যাবে?

এটি ধারার অঙ্কের মতো। প্রতি বারে দূরত্ব 8, 6, 4 এভাবে কমবে।

তাই পঞ্চম লাঠি ব্যবহার করে = 114 + 4 = 118 মিটার

50. The day after the day after tomorrow is 4 days before Monday. What day is it today?

a) Monday b) Tuesday

c) Wednesday d) Thursday **ans. A**

Solution:

প্রশ্নে বলা হচ্ছে, যদি Monday এর চারদিন আগের দিন আগামী পরশু দিনের পরের দিন হয় তাহলে আজ কি বার হবে?

Monday এর চারদিন পূর্বের দিন হবে Thursday. কারণ Thursday এর চারদিন পরেই হয় Monday. একই রকমভাবে আগামী পরশু দিনের পরের দিন Thursday হতে হলে আজ অবশ্যই Monday হবে। নিচের চিত্রটির সাহায্যে জিনিসটি বুঝার চেষ্টা করুন।

Today	Tomorrow	পরশু দিন	পরশু দিনের পরের দিন	1	2	3	4
Mon	Tue	Wed	Thursday	Fri	Sat	Sun	Mon

51. If 6121135 represents 'flame' then 212152120 represents

a) voice b) bald

c) bloat d) castle **ans. C**

Solution:

Flame এর	Bloat এর
F হলো 6th Alphabet.	B হলো 2nd Alphabet.
L হলো 12th Alphabet.	L হলো 12th Alphabet.
A হলো 1st Alphabet.	O হলো 15th Alphabet.
M হলো 13th Alphabet.	A হলো 1st Alphabet.
E হলো 5th Alphabet.	T হলো 20th Alphabet.

52. My successor's father is my father's son and I don't have any brothers or sons. Who is my successor?

a) Nephew b) Niece

c) Daughter d) Myself **ans. C**

Solution:

প্রশ্নে বলা হচ্ছে যে, আমার উত্তরাধিকারীর পিতা হলেন আমার বাবার ছেলে এবং আমার কোনো ভাই বা ছেলে নেই। প্রশ্ন হলো আমার উত্তরাধিকারী কে?

www.boighar.com

www.boighar.com

পাঠক দেখুন, বিষয়টি খুবই মজার। কারণ আমার উত্তরাধিকারীর পিতা মানে হলো আমার ছেলে বা মেয়ের বাবা অর্থাৎ আমি নিজেই। আর আমি তো আমার বাবারই ছেলে। তাই আমার যদি আমার কোন ভাই বা ছেলে না থাকে তাহলে আমার উত্তরাধিকারী হবে আমার মেয়েই। তাই সঠিক উত্তর হবে অপশন *c*).

53. At the end of a banquet 10 people shake hands with each other. How many handshakes will there be in total?

a) 100 b) 20

c) 45 d) 90 ***ans.* C**

Solution:

প্রশ্নে বলা হচ্ছে যে, 10 জন লোক Handshake করলে মোট কতগুলো Handshake হবে?

এক্ষেত্রে নিয়ম হলো Handshake যেহেতু 2 জনে করতে হয়, তাই ${}^{10}C_2$ সমাবেশই হবে উত্তর।

উল্লেখ্যঃ ${}^{10}C_2 = \frac{\lfloor 10}{\lfloor 2 \lfloor 10-2} = \frac{10\times 9\times \lfloor 8}{2\times 1\times \lfloor 8} = 45.$

54. In a crime, three suspects X, Y and Z were caught and questioned. Each person said, "One of the other two stole it. I did not do it." Later on the police found out that Z was lying and there was only one thief. Who was the thief?

a) X b) Y

c) Z d) Someone else ***ans.* C**

Solution:

প্রশ্নে বলা হচ্ছে, X, Y এবং Z কে চুরির অভিযোগে পুলিশ ধরে নিয়ে জিজ্ঞাসাবাদ করলেন। প্রত্যেকেই বলল যে, সে চুরি করে নি বরং অন্য দুইজনকে দোষারোপ করলো। কিন্তু পুলিশ দেখলো যে Z মিথ্যা বলছে। এখন প্রশ্ন হলো চোর কে?

যেহেতু, Z চুরির ব্যাপারে মিথ্যা বলেছে এবং তার মিথ্যাটি হলো আমি চুরি করিনি তাই Z আসল চোর।

55. How many cases do you need if you have to pack 112 pairs of shoes into cases that each hold 28 shoes?

a) 8 b) 10

c) 12 d) 14 ***ans.* A**

See 44 no question.

56. Two people are born at the same moment, but they don't have the same birthdays. Because they might be born in different

a) centuries b) culture

c) countries d) casts ***ans.* C**

Solution:

প্রশ্নে বলা হচ্ছে, দুইজন লোক একই মূহুর্তে জন্মগ্রহণ করলেও তাদের জন্মদিন একই দিনে নয়। এটি কখন সম্ভব?

অপশন *a*) তে আছে শতাব্দী; এটি হবে না, কারণ একই মূহুর্ত বলায় Different centuries বা ভিন্ন শতাব্দী হবে না। অপশন *b*) এবং *d*) তে আছে সংস্কৃতি ও জাত। এই দুটিও বাদ, কারণ জন্মদিনের সাথে সংস্কৃতি ও জাতের কোনো সম্পর্ক নেই। কিন্তু GMT সময়ের ব্যবধানে একই মূহুর্তে জন্মগ্রহণ করলে দেশ ভিন্ন হলে জন্মদিন একই হবে না। তাই উত্তর হবে অপশন *c*).

www.boighar.com

www.boighar.com

57. The latest members-state on NATO is

a) Albania
b) Montenegro
c) Croatia
d) Romania

ans. **B**

Solution:

NATO হচ্ছে North Atlantic Treaty Organization. এটি একটি আঞ্চলিক সামরিক জোট যা প্রতিষ্ঠিত হয় ১৯৪৯ সালের ৪ এপ্রিল। এর সদর দপ্তর বেলজিয়ামের ব্রাসেলস্ এ। NATO ভূক্ত মুসলিম দেশ আলবেনিয়া ও তুরস্ক। প্রতিষ্ঠাকালীন সদস্য দেশ হলো ১২টি কিন্তু বর্তমানে এই সংস্থার সদস্য সংখ্যা ২৯টি।

58. One of the official languages of the Organization of Islamic Cooperation (OIC) is

a) French
b) Spanish
c) Russian
d) Chinese

ans. **A**

Solution:

আরবি, ইংরেজি ও ফ্রেঞ্চ এই তিনটি হচ্ছে OIC এর অফিসিয়াল ভাষা।

59. The Atrai flows through _____ district of Bangladesh.

a) Dhaka
b) Sylhet
c) Bogra
d) Dinajpur

ans. **D**

60. The first post liberation war sculpture in Bangladesh is

a) Shongshoptok
b) Aporojeya Bangla
c) Jagroto Chowrongi
d) Shoporjito Shodhinota

ans. **C**

61. The motion picture titled 'Theory of Everything' is based on the life of

a) Albert Einstein
b) Isaac Newton
c) Stephen Hawking
d) Steve Jobs

ans. **C**

62. National Voters Day of Bangladesh observed on

a) April 4
b) March 1
c) October 10
d) September 10

ans. **B**

63. According to Global Firepower index 2017 the place of India is in

a) 4
b) 7
c) 3
d) 8

ans. **A**

Solution:

শক্তিশালী সামরিক বাহিনী সূচক ২০১৭ এর প্রকাশক Global Fire Power. এটি ২ মার্চ ২০১৮ সালে প্রকাশিত হয়। ১৩৩টি দেশের মধ্যে বাংলাদেশের অবস্থান ৫৭তম।

www.boighar.com

সবচেয়ে শক্তিশালী ৫টি দেশ	
নং	দেশ
১	যুক্তরাষ্ট্র
২	রাশিয়া
৩	চীন
৪	ভারত
৫	ফ্রান্স

সবচেয়ে কম শক্তিশালী ৫টি দেশ	
নং	দেশ
১৩৩	ভুটান
১৩২	সুরিনাম
১৩১	সিয়েরা লিওন
১৩০	মৌরিতানিয়া
১২৯	মধ্য আফ্রিকা প্রজাতন্ত্র

64. Russian President Vladimir Putin recently elected President for the

a) 2nd time b) 3rd time
c) 4th time d) 5th time ***ans.* C**

Solution:

রেকর্ড সংখ্যক ভোটে চতুর্থবারের মতো রাশিয়ার প্রেসিডেন্ট নির্বাচিত হন ভস্নাদিমির পুতিন। ১৮ মার্চ ২০১৮ রাশিয়ায় প্রেসিডেন্ট নির্বাচন অনুষ্ঠিত হয়। একই সঙ্গে একটি রেকর্ডও করেছেন তিনি। সোভিয়েত ইউনিয়ন-পরবর্তী সময়ে সবচেয়ে বেশি সময় ক্ষমতায় থাকা ব্যক্তি হলেন তিনি। প্রসঙ্গত, তিনি প্রথমবার প্রেসিডেন্ট নির্বাচিত হন ২০০০ সালে। ২০০৪ সালের নির্বাচনে তিনি দ্বিতীয়বার প্রেসিডেন্ট হন। ২০০৮ সালে দ্বিতীয় মেয়াদ শেষ হলে পুতিনের আর প্রেসিডেন্ট পদে প্রতিদ্বন্দ্বিতা করার সুযোগ ছিল না। ২০০৮ সালে পুতিন তাঁর প্রেসিডেন্টের মেয়াদের দ্বিতীয় দফা পূর্ণ করেন। সাংবিধানিক বাধ্যবাধকতার কারণে ঘনিষ্ঠ সহচর দিমিত্রি মেদভেদেভের কাছে ক্ষমতা হস্তান্তর করে নিজে হন প্রধানমন্ত্রী। ২০১২ সালে তিনি তৃতীয়বার প্রেসিডেন্ট হন। আর এবার চতুর্থবারের মতো প্রেসিডেন্ট হন।

65. The eighth division of Bangladesh is

a) Rangpur b) Comilla
c) Barisal d) Mymensingh ***ans.* D**

Solution:

১৪ সেপ্টেম্বর ২০১৫ সালে সরকার ময়মনসিংহ, জামালপুর, শেরপুর এবং নেত্রকোণা এই চার জেলা নিয়ে ময়মনসিংহ বিভাগ গঠন করে।

66. The international body of UN which gives the recognition of the transformation from LDC to developing countries

a) Committee for Development Policy b) Committee for International Development Policy
c) Committee for National Development Policy d) Committee for Developing policy ***ans.* A**

Solution:

জাতিসংঘ ১৫ মার্চ ২০১৮ বাংলাদেশকে উন্নয়নশীল দেশ হিসেবে ঘোষণা করে। জাতিসংঘের কমিটি ফর ডেভেলপমেন্ট পলিসি (সিপিডি) এই ঘোষণা সংক্রান্ত চিঠি সিপিডি সেক্রেটারিয়েটের প্রধান রোনাল্ড মোলেরাস জাতিসংঘে নিযুক্ত বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি রাষ্ট্রদূত মাসুদ বিন মোমেনের কাছে হস্তান্তর করে ১৬ মার্চ ২০১৮। ১৫ মার্চ ২০১৮ জাতিসংঘের সিপিডি এর এক প্রেস বিজ্ঞপ্তিতে বলা হয়েছে বাংলাদেশ, লাওস এবং মিয়ানমার প্রথমবারের মতো স্বল্পোন্নত দেশ থেকে উত্তরণের শর্ত পূরণ করেছে। তবে এখনো উন্নয়নশীল দেশের স্বীকৃতি পায়নি। কারণ অর্জিত সূচকগুলো আরো তিন বছর অর্থাৎ ২০২১ সাল পর্যন্ত অব্যাহত রাখতে হবে।

www.boighar.com

www.boighar.com

67. **The host city of the 21st commonwealth Games 2018 is**

a) Brisbane b) Gold Coast

c) Gladstone d) Darwin ***ans.* B**

Solution:

21st commonwealth Games 2018 অনুষ্ঠিত হয় ৪-১৫ এপ্রিল ২০১৮। স্বাগতিক শহর গোল্ড কোস্ট, কুইন্সল্যান্ড, অস্ট্রেলিয়া। মূল ভেন্যু কারারা স্টেডিয়াম। মূলমন্ত্র Share the Dream (স্বপ্ন ছড়িয়ে দাও)। মাসকট Borobi আদিবাসীরা 'কোয়াল' নামে ডেকে থাকে। অংশগ্রহণকারী দেশ মোট ৭১টি। ক্রীড়া ১৮টি, ইভেন্ট ২৭৫টি, অ্যাথলেটদের পক্ষে শপথ গ্রহণকারী কারেন মারফি। অংশগ্রহণকারী সর্ববৃহৎ দল অস্ট্রেলিয়া ৪৭৪ জন (২৩৮ জন পুরুষ এবং ২৩৬ জন নারী)। ক্ষুদ্রতম দল ট্যুভালু ও মন্টসিরাত ৭ জন। পঞ্চমবারের মতো অস্ট্রেলিয়ার কোনো শহরে অনুষ্ঠিত হয় কমনওয়েলথ গেমস। এর আগে দেশটির সিডনি (১৯৩৮), পার্থ (১৯৬২), ব্রিসবেন (১৯৮২) এবং মেলবোর্নে (২০০৬) অনুষ্ঠিত হয়েছে কমনওয়েলথ গেমস। মাসকটের ডিজাইনার মেরিলিয়ান ক্রোন। ২০২২ সালে ২২ তম কমনওয়েলথ গেমস অনুষ্ঠিত হবে যুক্তরাজ্যের বার্মিংহামে।

68. **Asma Jahangir is a renowned _____ activist.**

a) human rights b) animal rights

c) political rights d) legal rights ***ans.* A**

69. **The year 2019 will mark the 100 years since the peace treaty of**

a) Vienna b) Yalta

c) Versailles d) Helsinki ***ans.* C**

70. **The best picture winning in the 90th Academy Award is**

a) Darkest Hour b) The Shape of Water

c) Dunkirk d) Lady Bird ***ans.* B**

Solution:

যুক্তরাষ্ট্রের লস অ্যাঞ্জেলসের হলিউড অ্যান্ড হাইল্যান্ড সেন্টারের ডলবি থিয়েটারে ৫ মার্চ ২০১৮ অনুষ্ঠিত হয় ৯০তম 'অস্কার পুরস্কার' বা 'একাডেমি অ্যাওয়ার্ড'। গতবারের মতো এবারের আসরও উপস্থাপনা করছেন জিমি কিমেল। বিশ্বের ২২৫টিরও বেশি দেশে এই আয়োজন এবিসি নেটওয়ার্কের মাধ্যমে সরাসরি সম্প্রচার করা হয়। এবার অস্কারে ১৩টি বিভাগে মনোনয়ন পায় 'দ্য শেপ অব ওয়াটার'। কিন্তু পুরস্কার জিতে নেয় সেরা ছবি, সেরা পরিচালক, অরিজিন্যাল স্কোর ও প্রোডাকশন ডিজাইন বিভাগে।

71. **Bangladesh Bank recently announced a new CRR to increase the flow of money by _____ in the money market.**

a) 10,000 crore b) 12,000 crore

c) 15,000 crore d) 16,000 crore ***ans.* A**

www.boighar.com

www.boighar.com

72. **How many full adders are needed to add two 4-bit numbers with a parallel adder?**

a) 8 b) 4

c) 2 d) 16 ***ans.*** **B**

73. **Chip is a common nickname for a (n)**

a) transistor b) testator

c) integrated circuit d) semiconductor ***ans.*** **C**

74. **Software, such as viruses, worms and Trojan horses, that has a malicious intent is known as**

a) spy ware b) ad ware

c) spam d) malware ***ans.*** **D**

75. **____ are used to identify a user who returns to a website.**

a) Cookies b) Plugins

c) Scripts d) ASPs ***ans.*** **A**

76. **The name of the passenger train runs between Kolkata and Khulna is**

a) Shouhardo b) Bandhon

c) Mukti d) Progoti ***ans.*** **B**

77. **A set of step-by-step procedures for accomplishing a task is known as a (n)-**

a) algorithm b) hardware

c) firmware d) application ***ans.*** **A**

Solution:

প্রোগ্রাম রচনা করার পর্যায়ক্রমিক ধাপগুলোর গঠন নির্ধারণ করে নেওয়ার জন্য সিদ্ধান্তক্রম তৈরি করে নিতে হয়। এরূপ সিদ্ধান্তক্রমকেই প্রোগ্রামিংয়ের ভাষায় অ্যালগরিদম (Algorithm) বলা হয়। অ্যালগরিদম হচ্ছে যেকোন সমস্যা সমাধানের জন্য সুনির্দিষ্ট পদ্ধতি।

78. **An electronic path, that sends signals from one part of computer to another is a**

a) Logic Gate b) Modern

c) Bus d) Serial Port ***ans.*** **C**

Solution:

কম্পিউটার বিট বা ডিজিটাল সংকেত (0 বা 1) হিসেবে ডেটাকে প্রসেস এবং সংরক্ষণ করে। এই বিটগুলো কম্পিউটারের অভ্যন্তরে সার্কিটে চলাচল করে। বাস হলো এমন একগুচ্ছ তার যার মধ্যে দিয়ে ডিজিটাল সংকেত (1 বা 0) চলাচল করতে পারে। অর্থাৎ কম্পিউটারের এক অংশ হতে তথ্য অন্য অংশে নিয়ে যাবার জন্য কম্পিউটার বাস ব্যবহৃত হয় বস্তুগত দিক থেকে বাস হচ্ছে ক্যাবল বা তার অথবা সার্কিট বোর্ডের পরিবাহক লাইন।

www.boighar.com

www.boighar.com

79. **QWERTY is used with reference to**

a) Monitor b) Printer

c) Keyboard d) Mouse ***ans.*** **C**

Solution:

Keyboard Layout (কীবোর্ড বিন্যাস)ঃ বিভিন্ন ধরনের কী-বোর্ড লে-আউট আছে। কীবোর্ডের বামপ্রান্তের উপরের প্রথম ৬টি বর্ণের ক্রম দিয়ে এই লেআউটের নামকরণ করা হয়। যথাঃ QWERTY Layout, QWERTZ Layout, AZERTY Layout.

80. **A _____ is a set of rules.**

a) network b) domain

c) hypertext d) protocol ***ans.*** **D**

Solution:

কমিউনিকেশন সিস্টেমে কম্পিউটার এবং বিভিন্ন ডিভাইস বা কম্পিউটারের মধ্যে ডেটা ট্রান্সমিট পদ্ধতি সফটওয়্যারের মাধ্যমে নিয়ন্ত্রণ করা হয়। এই নিয়ন্ত্রণ করার পদ্ধতিই হল প্রোটোকল। এককথায়, কম্পিউটার নেটওয়ার্কের জন্য সুপরিকল্পিত নির্ধারিত রীতিনীতিই হচ্ছে নেটওয়ার্ক প্রোটোকল। বিভিন্ন প্রতিষ্ঠান বিভিন্ন ধরনের প্রোটোকল তৈরি করেছেন। যেমনঃ TCP/IP, FTP (File Transfer Protocol), IPX/SPX, NETBEUI, Appletalk, EtherNET ইত্যাদি। এদের মধ্যে ইন্টারনেটে ব্যবহৃত প্রোটোকল হচ্ছে TCP/IP (Transmission Control Protocol/ Internet Protocol) যার ৭টি স্তর রয়েছে।

www.boighar.com

www.boighar.com

Sonali Bank Ltd.

Recruitment Test for Officer (Cash) – 27.04.2018

Ahsanullah University of Science & Technology (AUST)

Questions (01 – 04): Select the word or phrases that best completes the sentence.

01. **<u>Assertive</u> people are generally more decisive.**

a) Docile
b) Articulate
c) Confident
d) Compliant

ans. **C**

Solution:

Assertive – দৃঢ়প্রত্যয়ী = Confident. Docile – সহজে বশ মানে এমন; বাধ্য। Articulate – স্পষ্টভাবে কথা বলা। Compliant – অন্যের ইচ্ছাপূরণে সম্মত; নমনশীল।

বাক্যের অর্থঃ দৃঢ় প্রত্যয়ী লোক সাধারণত অধিকতর দৃঢ় মন-মানসিকতার হয়ে থাকে।

02. **The supply of food and beverage for the program was <u>abundant</u>.**

a) inadequate
b) substandard
c) excellent
d) plentiful

ans. **D**

Solution:

Abundant – প্রচুর; অঢেল। Inadequate – অপর্যাপ্ত; অপ্রভূত। Substandard – নিম্নমানের। Plentiful – প্রচুর।

বাক্যের অর্থঃ প্রোগ্রামের খাদ্য ও পানিয়ের পর্যাপ্ত যোগান ছিল।

03. **Salt has been used for centuries as a method of <u>processing</u> foods.**

a) displaying
b) cooking
c) conserving
d) seasoning

ans. **C**

Solution:

Conserve – সংরক্ষণ করা; ধ্বংস বা ক্ষয় থেকে রক্ষা করা। Processing – প্রক্রিয়াজাতকরণ করা। Procession – মিছিল; শোভাযাত্রা। Display – প্রদর্শন করা; জাহির করা।

বাক্যের অর্থঃ খাদ্য বিশেষ ব্যবস্থায় সংরক্ষণের জন্য লবণ শতাব্দীকাল ধরে ব্যবহৃত হয়ে আসছে।

04. **The presentation by Dr. Toha was very <u>illuminating</u>.**

a) enlightening
b) bright
c) disheartening
d) boring

ans. **A**

Solution:

Illuminating – (ব্যাখ্যার ক্ষেত্র) অধিকতর পরিষ্কার করা। Enlighten – ভুল বুঝাবুঝি বা ভুল ব্যাখ্যা দূর করা। Dishearten – হতাশ করা; নিরুৎসাহ করা। Boring – বিরক্তিকর; ক্লান্তিকর।

বাক্যের অর্থঃ ড. তোহার উপস্থাপনা ছিল অত্যন্ত সুস্পষ্ট।

www.boighar.com

www.boighar.com

Questions (05 – 09): Choose the correct spelling from the given options.

05. a) pretyier
b) prettyer
c) pretiyer
d) prettier **ans. D**

Solution:

Prettier – অধিকতর সুন্দর।

06. a) ugliest
b) ugliiest
c) ugleest
d) uggliest **ans. A**

Solution:

Ugliest – কুৎসিত।

07. a) Heiritage
b) Heritage
c) Heratage
d) Heretage **ans. B**

Solution:

Heritage – উত্তরাধিকার।

08. a) Leiutenant
b) Luietenent
c) Lieutanent
d) Lieutenant **ans. D**

S: Lieutenant – সেনাবাহিনীর একটি প্রথম শ্রেণীর পদ।

09. a) scurryd
b) scurried
c) scurryied
d) scuried **ans. B**

Solution:

Scurried – দ্রুতপায়ে হাঁটা।

Questions (10 – 14): Fill in the blank with right options.

10. **After _____ suspended for misbehavior, the student requested reconsideration.**
a) having been
b) having
c) have
d) was **ans. A**

Solution:

After এরপর Having থাকায় Be verb এর Past Participle রূপ Been ঠিক আছে। তাই সঠিক উত্তর হবে *a*).

বাক্যের অর্থঃ অশোভন আচরণের জন্য বহিষ্কৃত হওয়ার পর ছাত্রটি তার বহিষ্কার আদেশ পুনর্বিবেচনার জন্য অনুরোধ জানালো।

11. **The oncologist studied the results of the biopsy and decided _____ additional tests.**
a) should order
b) to order
c) he should ordering
d) ordering **ans. B**

www.boighar.com

www.boighar.com

Solution:

Oncologist – ক্যান্সার ও টিউমার বিশেষজ্ঞ। Biopsy – শরীরের কোষ নিয়ে গবেষণা করা।

আরো অধিকতর পরীক্ষায় সিদ্ধান্ত নেয়ার নির্দেশনার অর্থে Decided এর পরে To order হবে।

বাক্যের অর্থঃ ক্যান্সার ও টিউমার বিশেষজ্ঞ Biopsy'র ফলাফল দেখে আরো কিছু পরীক্ষা করতে দেয়ার সিদ্ধান্ত নিল।

12. **One should be careful about _____ duty.**

a) their b) one

c) one's d) the ***ans.* C**

Solution:

One হলো মূল Pronoun. কাজেই One এর Possessive রূপ হিসেবে One's হবে।

বাক্যের অর্থ: একজনকে তার কাজের ব্যাপারে সতর্ক থাকা উচিত।

13. **The environmental damage caused by the oil spill will likely last _____.**

a) to several year b) severally years

c) for several years d) year several ***ans.* C**

Solution:

Be likely last for several years অর্থ আরো কিছু বছর থাকার সম্ভাবনা রয়েছে।

বাক্যের অর্থঃ নদীতে তেল পড়ার কারণে পরিবেশের যে ক্ষতি সাধন হয়েছে তা বেশ কয়েক বছর থাকার সম্ভাবনা রয়েছে।

14. **The man was in _____ health that the family began to consider whether he could continue to live in his home.**

a) so bad b) such worse

c) so badly d) such bad ***ans.* D**

Solution:

Be in such bad health অর্থ ভগ্নস্বাস্থ্য নিয়ে বসবাস। সেই হিসেবে উত্তর হবে অপশন *d*). উল্লেখ্য, Be in bad with অর্থ বিরাগভাজন হওয়া; কুনজরে পড়া। আর Go from bad to worse অর্থ গুরুতর অবনতি হওয়া।

বাক্যের অর্থঃ লোকটির স্বাস্থ্যের অবস্থা এতোটাই খারাপ ছিল যে তার পরিবারের লোকজন চিন্তা করলো যে লোকটি তার বাড়িতে বসবাস করতে পারবে কি না।

Q. (15 – 18): Select the pair of best expresses a relationship similar to that expressed in the pair:

15. **EYES : TEARS**

a) Sea : Water b) Volcano : Lava

c) Heart : Artery d) Hunger : Bread ***ans.* B**

Solution:

Eye – চোখ; চক্ষু; অক্ষি। Tear – চোখের জল; অশ্রু। Volcano – আগ্নেয়গিরি। Lava – আগ্নেয়গিরি থেকে উত্থিত উত্তপ্ত গলিত পদার্থ। Heart – হৃৎপিণ্ড; হৃদযন্ত্র। Artery – ধমনী। Hunger – ক্ষুধা; খিদা; বুভুক্ষা। Bread – পাউরুটি।

Eyes থেকে Tears বের নির্গত হয়। আর Volcano থেকে Lava বের নির্গত হয়।

www.boighar.com

www.boighar.com

16. **INSULT : HUMILIATE**

a) Shoot : Kill
b) Abuse : Disrespect
c) Injury : Pungent
d) None of these
***ans.* B**

Solution:

Insult – অপমান; অমর্যাদা করা। Humiliate – লজ্জিত করা; লজ্জা দেওয়া। Abuse – অমর্যাদা করা। Disrespect – অসম্মান; অশ্রদ্ধা। Injury – ক্ষতি; অনিষ্ট; আহত। Pungent – (গন্ধ বা স্বাদ ইত্যাদি সম্পর্কে) কড়া; তীব্র।

Insult এর মাধ্যমে যেমনি কাউকে Humiliate করা যায় তেমনি Abuse এর মাধ্যমে কাউকে Disrespect করা যায়। যদিও Shoot এবং Kill কে সঠিক মনে হলেও Shoot করেই যে Kill হয় সেটা সর্বক্ষেত্রে ঠিক নয়। তাই উত্তর *b*).

17. **NATURAL : SYNTHETIC**

a) Cotton : Wool
b) Fragrance : Perfume
c) Boast : Humble
d) None of these
***ans.* C**

S: Natural – প্রাকৃতিক; নৈসর্গিক; স্বাভাবিক। Synthetic – সংশ্লেষী; সিনথেটিক কাপড়। Cotton – কার্পাস তুলা। Wool – পশমি সুতা। Boast – দাম্ভিক; দম্ভ। Humble – বিনয়ী; নম্র; বিনম্র।

Natural এর বিপরীত হলো Synthetic. তেমনি Boast এর বিপরীত হলো Humble.

18. **MONEY : PECULATION**

a) Radiation : Bomb
b) Bank : Cashier
c) Comment : Insult
d) Writing : Plagiarism
***ans.* D**

Solution:

Peculation – অবৈধভাবে আত্মসাৎ। Radiation – তাপ বিকিরণ, রশ্মি বিচ্ছুরণ ইত্যাদি। Comment – মন্তব্য; টীকা; সমালোচনা। Plagiarism – কুম্ভিলতা; অন্যের সৃষ্টিশীল কাজকে নিজের সাথে চালানো।

অবৈধভাবে Money আত্মসাৎ করাকে Peculation বলে। আর অবৈধভাবে অন্যের Writing নিজের নামে চালানোকে Plagiarism বলে।

19. **'কব্জে পাওয়া' এর সঠিক অর্থ কোনটি?**

a) পাত্তা পাওয়া
b) প্রভাবিত হওয়া
c) শাস্তি পাওয়া
d) সাধু সাজা
***ans.* A**

S: 'কব্জে পাওয়া' হলো একটি বাগধারা। যার অর্থ হলো সম্মান পাওয়া, মর্যাদা পাওয়া, বিশেষ খাতির-যত্ন পাওয়া, উষ্ণ-অভ্যর্থনা পাওয়া, অধিক গুরুত্ব পাওয়া, পাত্তা পাওয়া ইত্যাদি অর্থে বাগভঙ্গিটি ব্যবহার করা হয়।

20. **'নেই আঁকড়া' এর সঠিক অর্থ কোনটি?**

a) দ্বন্দ
b) সখ্যতা
c) একগুঁয়ে
d) রগচটা
***ans.* C**

21. **'অধর পল্লব' কোন সমাসের উদাহরণ?**

a) কর্ম ধারায়
b) বহুব্রীহি
c) তৎ পুরুষ
d) দ্বন্দ্ব
***ans.* A**

www.boighar.com

www.boighar.com

Solution:

উপমিত কর্মধারয়ঃ সাধারণ গুণের উল্লেখ না করে উপমেয় পদের সাথে উপমানের যে সমাস হয়, তাকে উপমিত কর্মধারয় সমাস বলে (এক্ষেত্রে সাধারণ গুণটিকে অনুমান করে নেওয়া হয়)। এ সমাসে উপমেয় পদটি পূর্বে বসে। যেমনঃ মুখ চন্দ্রের ন্যায় = মুখচন্দ্র; পুরুষ সিংহের ন্যায় = পুরুষসিংহ; চরণকমল = চরণ কমলের ন্যায়; অধরপল্লব = অধর পল্লবের ন্যায়; চরণপদ্ম = চরণ পদ্মের ন্যায়।

22. যে ব্যক্তি এক ঘর থেকে অন্য ঘরে ভিক্ষা করে বেড়ায় তাকে এক কথায় বলা হয়

a) মাধুকর
b) পরিব্রজা
c) মধুকর
d) পরগাছা

***ans.* A**

23. স্বর সংগতির উদাহরণ কোনটি?

a) হইবে > হবে
b) রাত্রি > রাইত
c) দেশী > দিশী
d) কোনটিই নয়

***ans.* C**

Solution:

স্বরসঙ্গতিঃ একটি স্বরধ্বনির প্রভাবে শব্দে অপর স্বরের পরিবর্তন ঘটলে তাকে স্বরসঙ্গতি বলে। যেমনঃ দেশী > দিশি, বিলাতি > বিলিতি, মুলা > মুলো ইত্যাদি।

24. নিচের কোনটি রবীন্দ্রনাথ ঠাকুরের রচিত নয়?

a) মৃত্যুক্ষুধা
b) রাজা
c) কল্পনা
d) ডাকঘর

***ans.* A**

Solution:

'কল্পনা' রবীন্দ্রনাথ ঠাকুরের একটি বিখ্যাত কাব্যগ্রন্থ। 'রাজা', 'ডাকঘর', 'বিসর্জন', 'অচলায়ন' ইত্যাদি তাঁর রচিত নাটক। কিন্তু 'মৃত্যুক্ষুধা', 'বাঁধনহারা', 'কুহেলিকা' হলো বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলামের উপন্যাস।

25. 'পঞ্চভূত' কার লেখা?

a) রবীন্দ্রনাথ ঠাকুর
b) কাজী নজরুল ইসলাম
c) জহির রায়হান
d) কোনটিই নয়

***ans.* A**

Solution:

'পঞ্চভূত' (১৮৯৭) রবীন্দ্রনাথ ঠাকুর রচিত প্রবন্ধগ্রন্থ। এই প্রবন্ধগুলি সাধনা পত্রিকায় 'পঞ্চভূতের ডায়রি' নামে ছাপা হয়। ক্ষিতি, স্রোতস্বিনী, দীপ্তি, সমীর ও গগণ এই পাঁচটি চরিত্রের মধ্যে আলোচনা রীতিতে মূলত তত্ত্ব বিষয়ক সমস্যার সরস ও গভীর বিশ্লেষণ। রবীন্দ্র গদ্যরচনায় এই গ্রন্থটি বিশিষ্ট স্থান দাবি করে।

26. কোনটি মুক্তিযুদ্ধভিত্তিক উপন্যাস?

a) একাত্তরের দিনগুলি
b) চিলেকোঠার সেপাই
c) আগুনের পরশমনি
d) কোনটিই নয়

***ans.* C**

Solution:

'একাত্তরের দিনগুলি' জাহানারা ইমাম রচিত একটি দিনলিপি। উনসত্তরের (১৯৬৯) গণঅভ্যুত্থানের প্রেক্ষাপটে রচিত আখতারুজ্জামান ইলিয়াসের মহাকাব্যিক উপন্যাস 'চিলেকোঠার সেপাই'। কিন্তু 'আগুনের পরশমনি' হুমায়ূন আহমেদ রচিত একটি মুক্তিযুদ্ধভিত্তিক উপন্যাস।

www.boighar.com

www.boighar.com

27. **'কাক নিদ্রা' এর সঠিক অর্থ কোনটি?**

a) কপট চিন্তা
b) অগভীর নিদ্রা
c) পরের অনিষ্ট চিন্তা
d) নিদ্রার ভান করা

ans. B

28. **পাশাপাশি দুটি বর্ণ বা ধ্বনির মিলনকে কি বলে?**

a) সমাস
b) সন্ধি
c) ধ্বনি বিপর্যয়
d) অপিনিহিত

ans. B

29. **শুদ্ধ বানান কোনটি?**

a) স্বায়ত্বশাসন
b) সায়ত্ত্বশাস
c) স্বায়ত্ত্বশাষন
d) স্বায়ত্তশাসন

ans. D

30. **কোনটি সঠিক সন্ধি বিচ্ছেদ?**

a) উৎ + শাস = উচ্ছ্বাস
b) উৎ + ভীণ = উদ্ভীণ
c) বৃহৎ + ঢক্কা = বৃহদ্ঢক্কা
d) লভ্ + ধ = লব্ধ

ans. C

Solution:

উৎ + *শ্বাস* = উচ্ছ্বাস	উৎ + *ভীন* = উদ্ভীণ	*লভ্* + *ত* = লব্ধ

এখানে 'ত্' অথবা 'দ্' এরপর 'ড্' অথবা 'ঢ্' থাকলে 'ত্' এবং 'দ্' এর পরিবর্তে 'ড্' ব্যবহৃত হয়।

31. **যে বহু বিষয় জানে তাকে এক কথায় বলা হয়**

a) সর্বজ্ঞ
b) সবজান্তা
c) বহুজ্ঞ
d) কোনটিই নয়

ans. C

Solution:

বাংলা একাডেমী ব্যবহারিক বাংলা অভিধান অনুযায়ী 'বহুজ্ঞ' হলো 'বহুবিষয়বিদ; অনেক বিষয় জানে এমন লোক'। সর্বজ্ঞ ও সবজান্তাকে বাংলা একাডেমি ব্যবহারিক বাংলা অভিধানে সমার্থক শব্দ হিসেবে ধরা হয়েছে। এখানে সর্বজ্ঞ বা সবজান্তার অর্থ দেয়া হয়েছে যে কিছু জানে না তবু জানার ভান করে এমন। কাজেই সঠিক উত্তর হবে অপশন *c*).

32. **'সূর্য' এর প্রতিশব্দ কোনটি?**

a) সুধাংশু
b) শশাংক
c) বিধু
d) আদিত্য

ans. D

33. **'ক্ষীয়মান' এর বিপরীত শব্দ কোনটি?**

a) বর্ধমান
b) বৃহৎ
c) বৃদ্ধিপ্রাপ্ত
d) বর্ধিষ্ণু

ans. A

34. **'গোঁপ খেজুরে' কোন সমাস?**

a) ব্যতিহার বহুব্রীহি
b) ব্যাধিকরণ বহুব্রীহি
c) দ্বিগু
d) মধ্যপদলোপী বহুব্রীহি

ans. D

www.boighar.com

35. **Karim has 40% more stamps than Rahim, if he gives 45 of his stamps to Rahim, then Rahim will have 10% more stamps than Karim. How many stamps did Karim begin with?**

a) 175 b) 200

c) 220 d) 245 ***ans.* D**

Solution:

প্রশ্নে বলা হচ্ছে যে, রহিমের চেয়ে করিমের 40% বেশি স্ট্যাম্প রয়েছে। করিম যদি রহিমকে 45 টি স্ট্যাম্প দিয়ে দেয় তবে রহিমের নিকট করিম অপেক্ষা 10% বেশি স্ট্যাম্প থাকবে। শুরুতে করিমের নিকট কতটি স্ট্যাম্প ছিল?

ধরি, রহিমের কাছে x টি স্ট্যাম্প আছে।

করিমের কাছে আছে = (x + x এর 40%) = $\left(x+\frac{40x}{100}\right)=\frac{140x}{100}=\frac{7x}{5}$ টি

প্রশ্নমতে, $x+45=\left(\frac{7x}{5}-45\right)+\left(\frac{7x}{5}-45\right)$ এর 10%

$\Rightarrow x+45=\frac{7x}{5}-45+\left(\frac{7x}{5}-45\right)\times\frac{10}{100}$

$\Rightarrow x+45=\frac{7x}{5}-45+\left(\frac{7x}{5}-45\right)\times\frac{1}{10}$

$\Rightarrow x+45+45=\frac{7x}{5}+\left(\frac{7x}{5}-45\right)\times\frac{1}{10}$

$\Rightarrow x+90=\frac{7x}{5}+\frac{7x}{50}-\frac{9}{2}$

$\Rightarrow \frac{7x}{5}+\frac{7x}{50}-x=90+\frac{9}{2}$

$\Rightarrow \frac{70x+7x-50x}{50}=\frac{180+9}{2}$

$\rightarrow \frac{77x-50x}{25}=189$ [উভয় পক্ষকে 2 দ্বারা গুণ করে]

$\Rightarrow 27x=189\times25$

$\Rightarrow x=\frac{189\times25}{27}$

$x=175$

অতএব, করিমের নিকট শুরুতে ছিল $=\frac{7\times175}{5}=245$ টি স্ট্যাম্প।

36. **P and Q start a business with initial investments in the ratio of 13 : 8. Their corresponding profits are in the ratio of 7 : 5. If P invested his money for 7 months, find the time period for which Q invested his money.**

a) 8 months b) 9 months

c) 10 months d) 11 months ***ans.* A**

Solution:

প্রশ্নে বলা হচ্ছে যে, 13 8 অনুপাতে মূলধন বিনিয়োগ করে P এবং Q একটি ব্যবসায় শুরু করলো। তাদের লাভের অনুপাত হলো 7 5. এখন প্রশ্ন হলো P যদি 7 মাসের জন্য তার মূলধন বিনিয়োগ করে তবে Q কত মাসের জন্য তার মূলধন বিনিয়োগ করেছিল?

www.boighar.com

ধরি, Q ঐ ব্যবসায় x মাসের জন্য বিনিয়োগ করে।

প্রশ্নমতে, $\frac{13\times 7}{8\times x}=\frac{7}{5}$

$\Rightarrow \quad 8x=\frac{13\times 7\times 5}{7}$

$\Rightarrow \quad x=\frac{13\times 5}{8}$

$x=8.125\approx 8$

37. **Compound interest on a certain sum for 2 years at 10% per annum is Tk. 420. What would be the simple interest at the same rate and for the same time?**

a) Tk. 100 b) Tk. 200

c) Tk. 300 d) Tk. 400 ***ans.* D**

Solution:

প্রশ্নে বলা হচ্ছে যে, একটি নির্দিষ্ট আসলের 10% হার সুদে 2 বছরের চক্রবৃদ্ধি সুদ 420 টাকা হলে ঐ একই হার সুদের একই সময়ের জন্য ঐ আসলের সরল মুনাফা কত হবে?

Let, the principal $= x$

$C=p(1+r)^n$

$\Rightarrow \quad x+420=x\left(1+\frac{10}{100}\right)^2$

$\Rightarrow \quad x+420=1.21x$

$\Rightarrow \quad 0.21x=420$

$\Rightarrow \quad x=\frac{420}{0.21} \qquad \therefore x=2{,}000$

Simple interest, when time and rate will be same i.e

Time, $t=2$ years; Rate, $r=10\%$

We know, $I=pnr=2{,}000\times 2\times\frac{10}{100}=400$

38. **Ravi leaves home for stadium which is 12*km* from his house. After the stadium, he goes to his club which is 7*km* from his stadium. If his house, stadium and club all fall in a line, then what is the minimum distance he has to travel to get back home?**

a) 19*km* b) 7*km*

c) 5*km* d) 12*km* ***ans.* C**

Solution:

প্রশ্নে বলা হচ্ছে, রবি তার বাড়ি হতে 12 কিমি দূরে অবস্থিত খেলার মাঠের দিকে রওনা দিল। মাঠে যাবার পর সে মাঠ হতে 7 কিমি দূরে অবস্থিত ক্লাবে গেল। এখন প্রশ্ন হলো ক্লাব হতে বাড়িতে পৌছাতে তাকে সর্বনিম্ন কত দূরত্ব অতিক্রম করতে হবে?

বাড়ি থেকে স্টেডিয়ামের দূরত্ব = 12*km* এবং স্টেডিয়াম থেকে ক্লাবের দূরত্ব = 7*km*

উল্লখ্য, সর্বনিম্ন দূরত্ব বের করার জন্য ধরে নিতে হবে স্টেডিয়াম থেকে বাড়িতে ফিরে আসার পথেই ক্লাব অবস্থিত, তাই

Minimum দূরত্ব হবে = 12 – 7 = 5*km*

www.boighar.com

www.boighar.com

39. **If a man cycles at 10 *km/hr*, then he arrives at a certain place at 1 pm. If he cycles at 15 *km/hr*, arrive at the same place at 11 am. At what speed must he cycles to get there at noon?**

a) 11 *km/hr* b) 12 *km/hr*

c) 13 *km/hr* d) 14 *km/hr* **ans. B**

Solution:

প্রশ্নে বলা হচ্ছে যে, 10 *km/hr* বেগে সাইকেল চালিয়ে গেলে এক ব্যক্তি 1 pm এ একটি নির্দিষ্ট স্থানে পৌঁছে। কিন্তু 15 *km/hr* বেগে সাইকেল চালিয়ে গেলে এক ব্যক্তি 11 am এ ঐ নির্দিষ্ট স্থানে পৌঁছে। এখন প্রশ্ন হলো 12 টায় (At noon মানে ঠিক 12 টায়) ঐ স্থানে পৌঁছাতে হলে তাকে কত *km/hr* বেগে সাইকেল চালাতে হবে?

ধরি, স্থানটির দূরত্ব x মিটার

আমরা জানি, সময় $= \frac{\text{দূরত্ব}}{\text{গতিবেগ}}$

আর সময়ের পার্থক্য হলো $= (1PM - 11AM) = 2$ ঘণ্টা

প্রশ্নমতে, $\frac{x}{10} - \frac{x}{15} = 2$

$\Rightarrow \frac{3x - 2x}{30} = 2$

$x = 60$ কিলোমিটার

অর্থাৎ স্থানটি 60 *km* পথ দূরে অবস্থিত। এখন 10 *kmph* বেগে ঐ স্থানে পৌঁছাতে সময় লাগবে $= \frac{60}{10} = 6$ ঘণ্টা এবং এই 6 ঘণ্টা সময় ব্যয় করে সে 1PM এ পৌঁছায়। তাহলে 12 PM এ পৌঁছাতে হলে তাকে $= 6 - 1 = 5$ ঘণ্টায় ঐ দূরত্ব অতিক্রম করতে হবে।

গতিবেগ হবে $= \frac{60}{5} = 12$ *kmph.*

40. **Which of the following equals $-(\sqrt{2} - \sqrt{8})(2\sqrt{2} + \sqrt{8})$?**

a) $-8\sqrt{2}$ b) -4

c) $4\sqrt{2}$ d) 8 **ans. D**

Solution:

$$-(\sqrt{2} - \sqrt{8})(2\sqrt{2} + \sqrt{8})$$
$$= (-\sqrt{2} + \sqrt{8})(2\sqrt{2} + \sqrt{8})$$
$$= (\sqrt{8} - \sqrt{2})(2\sqrt{2} + \sqrt{8})$$
$$= 2 \times \sqrt{8} \times \sqrt{2} + (\sqrt{8})^2 - 2(\sqrt{2})^2 - \sqrt{2} \times \sqrt{8}$$
$$= 2 \times \sqrt{16} + 8 - (2 \times 2) - \sqrt{16}$$
$$= (2 \times 4) + 8 - 4 - 4$$
$$= (8 + 8) - 8$$
$$= 8$$

41. **Three measuring rods are 64*cm*, 80*cm* and 96*cm* in length. What is the least length of cloth that can be measured exact number of times using any one of these rods?**

a) 9.60*m* b) 8.0*m*

c) 9.60*cm* d) 96*m* ***ans.* A**

Solution:

প্রশ্নে বলা হচ্ছে যে, 64*cm*, 80*cm* এবং 96*cm* দৈর্ঘ্যের 3 টি রড রয়েছে। সর্বনিম্ন কত দৈর্ঘ্যের কাপড় দ্বারা ঐ 3 টি দৈর্ঘ্যের রডকে পরিমাপ করা যাবে?

সর্বনিম্ন দৈর্ঘ্য বের করার জন্য তিনটি রডের দৈর্ঘ্যের ল.সা.গু. বের করতে হবে।

2|64, 80, 96
2|32, 40, 48
2|16, 20, 24
2|8, 10, 12
2|4, 5, 6
2, 5, 3

নির্ণেয় ল.সা.গু. $= 2 \times 2 \times 2 \times 2 \times 2 \times 2 \times 5 \times 3 = 960cm = 9.6$ মিটার।

42. **A tank can be filled by a tap in 20 minutes and by another tap in 60 minutes. Both the taps are kept open for 10 minutes and then the first tap is shut off. After this, the tank will be completely filled in what time?**

a) 10 min b) 15 min

c) 20 min d) 25 min ***ans.* C**

Solution:

প্রশ্নে বলা হচ্ছে যে, একটি নল দ্বারা 20 মিনিটে এবং অপরটি দ্বারা 60 মিনিটে একটি ট্যাংক পূর্ণ করা যায়। উভয় নল একত্রে 10 মিনিট চলার পর প্রথম নলটি বন্ধ করে দেয়া হলো। এখন প্রশ্ন হলো কত সময়ে ট্যাংকটি পূর্ণ হবে?

দুটি পাইপ দ্বারা 10 মিনিটে পূর্ণ হয় $= 10\left(\frac{1}{20}+\frac{1}{60}\right) = \frac{1}{2}+\frac{1}{6} = \left(\frac{3+1}{6}\right) = \frac{4}{6} = \frac{2}{3}$ অংশ,

এখন ট্যাংকটির বাকি অংশ $= 1 - \frac{2}{3} = \frac{3-2}{3} = \frac{1}{3}$

এখন, দ্বিতীয় পাইপ দ্বারা $\frac{1}{60}$ অংশ পূর্ণ হয় = 1মিনিটে

দ্বিতীয় পাইপ দ্বারা 1 বা সম্পূর্ণ অংশ পূর্ণ হয় $= \frac{60 \times 1}{1}$ মিনিটে

দ্বিতীয় পাইপ দ্বারা $\frac{1}{3}$ অংশ পূর্ণ হয় $= \frac{60}{3} = 20$ মিনিটে

43. **A box contains 20 electric bnlbs, out of which 4 are defective. Two bulbs are chosen at random from this box. The probability that at least one of these is defective is**

a) $\frac{7}{19}$ b) $\frac{6}{19}$

c) $\frac{5}{19}$ d) $\frac{3}{19}$ ***ans.* A**

www.boighar.com

Solution:

প্রশ্নে বলা হচ্ছে, মোট বাল্ব আছে 20 টি; ত্রুটিযুক্ত বাল্ব আছে 4 টি এবং তাহলে ভালো বাল্ব আছে = 20 – 4 = 16 টি এদের মধ্যে 2 টি বাল্ব Randomly উত্তোলন করা হলে তা ত্রুটিযুক্ত না হবার সম্ভাবনা $= \frac{16_{c_2}}{20_{c_2}} = \left(\frac{16\times 15}{2\times 1}\times\frac{2\times 1}{20\times 19}\right) = \frac{12}{19}$

অতএব, কমপক্ষে 1টি বাল্ব ত্রুটিযুক্ত হবার সম্ভাবনা $= \left(1 - \frac{12}{19}\right) = \left(\frac{19-12}{19}\right) = \frac{7}{19}$

Intelligent Solution: P (কমপক্ষে 1 টি Defective) = 1 – P(None defective) $= 1 - \frac{16_{c_2}}{20_{c_2}} = 1 - \frac{12}{19} = \frac{7}{19}$

44. **There is a rectangular parking lot with a length of $2x$ and a width of x. What is the ratio of the perimeter of the parking lot to the area of the parking lot, in terms of x?**

a) $\frac{2}{x}$ b) $\frac{3}{x}$

c) $\frac{4}{x}$ d) $\frac{5}{x}$ ***ans.* B**

Solution:

প্রশ্নে বলা হচ্ছে, $2x$ একক দৈর্ঘ্য এবং x একক প্রস্থের আয়তাকৃতির একটি পার্কিং করার স্থান রয়েছে। এখন প্রশ্ন হলো x এর সাপেক্ষে ঐ স্থানের পরিসীমা ও ক্ষেত্রফলের অনুপাত কত?

আয়তাকৃতির পার্কিং স্থানের পরিসীমা = 2(দৈর্ঘ্য + প্রস্থ) একক

$= 2(2x + x) = 2 \times 3x = 6x$ একক

আবার, ঐ পার্কিং স্থানের ক্ষেত্রফল $= (2x \times x) = 2x^2$ বর্গ একক

পরিসীমা ঃ ক্ষেত্রফল $= \frac{6x}{2x^2} = \frac{3}{x}$

45. **The ratio of income of A to that of B is 7 : 5 and the expenditure of A to that of B is 3 : 2. If, at the end of the year, each saves Tk. 500, find the income of A.**

a) Tk. 2,500 b) Tk. 3,000

c) Tk. 3,200 d) Tk. 3,500 ***ans.* D**

Solution:

প্রশ্নে বলা হচ্ছে যে, A এবং B এর আয় এবং ব্যয়ের অনুপাত যথাক্রমে 7 5 এবং 3 2. যদি বছর শেষে প্রত্যেকে 500 টাকা করে সঞ্চয় করে, তবে A এর আয় কত?

ধরি, A'র আয় $7x$ টাকা এবং B'র আয় $5x$ টাকা

এবং A'র ব্যয় $7y$ টাকা এবং B'র ব্যয় $5y$ টাকা

প্রশ্নমতে, $7x - 3y = 500$ (i)

এবং $5x - 2y = 500$ (ii)

এখন, (i) নং কে 2 এবং (ii) নং কে 3 নং সমীকরণ দ্বারা গুণ করে (i) নং থেকে (ii) নং সমীকরণ বিয়োগ করে পাই

$14x - 6y = 1,000$

$15x - 6y = 1,500$

$x = -500$

$x = 500$

অতএব, A'র আয় $7x = 7 \times 500 = 3,500$ টাকা

www.boighar.com

www.boighar.com

46. **An empty bucket being filled with paint at a constant rate takes 6 min to be filled to $\frac{7}{10}$ of its capacity. How much more time will it take to fill the bucket to full capacity?**

a) $\frac{18}{7}$ b) $\frac{20}{7}$

c) $\frac{20}{14}$ d) $\frac{18}{14}$ ***ans.* A**

Solution:

প্রশ্নে বলা হচ্ছে, 6 মিনিটে একটি খালি পাত্রের $\frac{7}{10}$ অংশ পূর্ণ হয়। পাত্রটির সম্পূর্ণ অংশ পূর্ণ হতে আরো কত সময় লাগবে?

দেয়া আছে, খালি একটি Bucket এর $\frac{7}{10}$ অংশ পূর্ণ করতে সময় লাগে 6 মিনিট।

তাহলে সম্পূর্ণ অংশ পূর্ণ করতে লাগবে $= \left(\frac{10}{7} \times 6\right) = \frac{60}{7}$ মিনিট।

সম্পূর্ণ অংশ পূর্ণ করতে অতিরিক্ত সময় লাগবে $= \left(\frac{60}{7} - 6\right) = \frac{18}{7}$ minutes.

47. **In distributing milk at a summer camp it is found that a quart of milk will fill either 3 large glass tumblers or 5 small glass tumblers. How many small glass tumblers can be filled with one larger glass tumbler?**

a) $\frac{11}{5}$ b) $\frac{7}{5}$

c) $\frac{5}{3}$ d) $\frac{7}{3}$ ***ans.* C**

Solution:

প্রশ্নে বলা হচ্ছে, একটি Summer camp এ দুধ বিতরণের সময় দেখা গেল যে 1 quart (প্রায় 1.14 লিটারের সম পরিমাণ) দুধ দিয়ে বড় আকৃতির 3 টি গ্লাস বা ছোট আকৃতির 5টি গ্লাসকে পূর্ণ কর' যায়। এখন প্রশ্ন হলো বড় গ্লাসের দুধ দিয়ে ছোট আকৃতির কয়টি গ্লাস পূর্ণ করা যাবে?

বড় আকৃতির গ্লাস দিয়ে ছোট আকৃতির গ্লাস পূর্ণ করা যাবেঃ $5 \div 3 = 1\frac{2}{3}$

48. **A bank offers 5% interest compounded half yearly. A customer deposits Tk. 1,600 each on 1st January and 1st July of a year. At the end of the year, the amount he would have gained by the way of interest is**

a) Tk. 121 b) Tk. 122

c) Tk. 123 d) Tk. 124 ***ans.* A**

Solution:

প্রশ্নে বলা হচ্ছে, প্রতি বছরে দু'বার সুদ হিসেব করা হবে এই শর্তে একটি ব্যাংক 5% হার সুদ নির্ধারণ করলো। একজন Customer জানুয়ারি মাসের 1 তারিখে এবং জুলাই মাসের 1 তারিখে 1,600 টাকা করে জমা রাখলো। বছর শেষে সে কত টাকা সুদ পাবে?

Customer জানুয়ারি মাসে যে 1,600 টাকা ব্যাংকে রাখলো, তা 1 বছর ব্যাংকে থাকবে। ফলে ঐ 1,600 টাকার বিপরীতে 5% হার সুদে 2 বার Interest ঢুকবে। কিন্তু July মাসে যে 1,600 টাকা Deposit করবে, তাতে কেবল বার Interest ঢুকবে। আসুন এবার আমরা অঙ্কের ভেতরে যাই।

www.boighar.com

www.boighar.com

পাঠক, Compound interest বা চক্রবৃদ্ধি হারের অঙ্ক সমাধানের ক্ষেত্রে নিম্নোক্ত সূত্রটি মনে রাখলে পরীক্ষার খাতায় সহজেই অঙ্কের Result বের করতে পারবেন ঃ $C = P\left(1 + \frac{r}{100 \times m}\right)^{m \times n}$

প্রথম ক্ষেত্রে, $C = 1{,}600\left(1 + \frac{5}{100 \times 2}\right)^{2 \times 1}$

$\Rightarrow C = 1{,}600\left(1 + \frac{1}{40}\right)^2$

$\Rightarrow C = 1{,}600\left(\frac{41}{40}\right)^2$

$\Rightarrow C = 1{,}600 \times \frac{1681}{1600}$

$C = 1{,}681$

এখানে C = চক্রবৃদ্ধি সুদাসল
P = আসল (Principal)
r = সুদের হার
n = বছরের সংখ্যা
m = বছরের কত বার চক্রবৃদ্ধি হবে, তার সংখ্যা

প্রথম 1,600 টাকায় 1 বছরে চক্রবৃদ্ধি সুদ হয় = 1,681 – 1,600 = 81 টাকা

আবার, পরের 1,600 টাকায় যেহেতু 1 বার Interest ঢুকবে, তাই এক্ষেত্রে

$C = 1{,}600\left(1 + \frac{5}{100 \times 2}\right)^{1 \times \frac{1}{2}}$

$\Rightarrow C = 1{,}600\left(1 + \frac{1}{20 \times 2}\right)^{\frac{1}{2}}$

$\Rightarrow C = 1{,}600\left(1 + \frac{1}{40}\right)^{\frac{1}{2}}$

$\Rightarrow C = 1{,}600 \times \left(\frac{41}{40}\right)^{\frac{1}{2}}$

$\Rightarrow C = 1{,}600 \times \sqrt{1.05}$

$\Rightarrow C = 1{,}600 \times 1.024695$

$\Rightarrow C = 1{,}639.51$

$C \approx 1{,}640$ টাকা

এক্ষেত্রে 1,600 টাকায় 6 মাসে চক্রবৃদ্ধি সুদ হয় = 1,640 – 1,600 = 40 টাকা

অতএব, মোট সুদ হয় = 81 + 40 = 121 টাকা

49. **A box is make in the form of a cube. If a second cubical box has inside dimensions three times those of the box, how many times as much does the second box contain?**

a) 6 b) 9

c) 12 d) 27 ***ans.*** **D**

Solution:

প্রশ্নে বলা হচ্ছে যে, ঘনক আকৃতিতে একটি বক্স তৈরী করা হলো। যদি দ্বিতীয় একটি ঘনক আকৃতির বক্স যার Dimensions গুলো প্রথম বক্সের Dimensions গুলোর চাইতে 3 গুণ, তবে দ্বিতীয় বক্সটি প্রথম বক্সের মতো কয়টি ঘনক আকৃতির বক্স ধারণ করতে পারবে?

ধরি, প্রথম ঘনকের এক বাহুর দৈর্ঘ্য = a একক

প্রথম ঘনকের আয়তন = a^2 ঘন একক

দ্বিতীয় ঘনকটির বাহুগুলোর দৈর্ঘ্য প্রথমটির দৈর্ঘ্য অপেক্ষা 3 গুণ

www.boighar.com

www.boighar.com

তাই দ্বিতীয় ঘনকের দৈর্ঘ্য হবে = $3a$

দ্বিতীয়টির আয়তন = $(3a)^3$ ঘন একক

= $27a^3$ ঘন একক

অতএব, দ্বিতীয় ঘনকটি ধারণ করবে = $\frac{27a^3}{a^3} = 27$ টি ঘনক

Note: ধারণক্ষমতা সমগ্রপৃষ্ঠের ক্ষেত্রফলের উপর নয়; আয়তনের উপর নির্ভরশীল।

50. **A can do a job in 24 days, B in 9 days and C in 12 days. B and C together start the work but leave after 3 days. How much time was taken by A to complete the remaining work?**

a) 7 days b) 9 days

c) 10 days d) 12 days ***ans.* C**

Solution:

প্রশ্নে বলা হচ্ছে যে, A একটি কাজ 24 দিনে, B একটি কাজ 9 দিনে এবং C একটি কাজ 12 দিনে করতে পারে। B এবং C একত্রে 3 দিনে কাজটি করে চলে গেল। বাকি কাজ A একা কত দিনে শেষ করবে?

(B + C) এর 3 দিনের কাজ = $3\left(\frac{1}{9}+\frac{1}{12}\right) = 3\left(\frac{4+3}{36}\right) = \frac{7}{12}$ অংশ

বাকি থাকে = $\left(1 - \frac{7}{12}\right) = \left(\frac{12-7}{12}\right) = \frac{5}{12}$ অংশ

এখন, এই $\frac{5}{12}$ অংশ কাজ করবে A

A একা $\frac{1}{24}$ অংশ কাজ করে = 1 দিনে

A একা 1 অংশ কাজ করে = $\frac{24 \times 1}{1}$ দিনে

A একা $\frac{5}{12}$ অংশ কাজ করে = $\frac{24 \times 5}{12} = 10$ দিনে

51. **In a group of 15, 7 can speak Spanish, 8 can speak French and 3 can speak neither. What fraction of the group can speak both French and Spanish?**

a) $\frac{1}{5}$ b) $\frac{4}{15}$

c) $\frac{1}{3}$ d) $\frac{7}{15}$ ***ans.* A**

Solution:

প্রশ্নে বলা হচ্ছে, 15 জন সদস্যের একটি গ্রুপে 7 জন স্প্যানিশ ভাষায়, 8 জন ফ্রেঞ্চ ভাষায় কথা বলতে পারে। কিন্তু 3 জন এই দুই ভাষার কোনোটিই বলতে পারে না। গ্রুপটির কত অংশ সদস্য স্প্যানিশ ও ফ্রেঞ্চ ভাষায় কথা বলতে পারে?

Total = 15; Spanish = S = 7; French = F = 8; Neither F nor S = 3

Intelligent Solution: Neither F nor S = Total – [F + S – Both]

$\Rightarrow$ 3 = 15 – [8 + 7 – Both]

Both = 3

$\frac{\text{Both}}{\text{Total}} = \frac{3}{15} = \frac{1}{5}$

www.boighar.com

52. A, B and C enter into partnership by making investments in the ratio 3 : 5 : 7. After a year, C invests another Tk. 3,37,600 while A withdraws Tk. 45,600. The ratio of investments then changes to 24 : 59 : 67. How much does A invest initially?

a) Tk. 1,40,600 b) Tk. 1,41,600

c) Tk. 1,31,600 d) Tk. 1,40,500 ***ans.* B**

Solution:

অঙ্কটিতে সামান্য ভুল আছে। 24 59 : 67 এর স্থলে 24 59 167 হলে অঙ্কটির উত্তর হবে 1,41,600 টাকা। তাই আসুন 24 : 59 167 ধরে অঙ্কটির সমাধান করি।

A, B এবং C এর প্রাথমিক বিনিয়োগ যথাক্রমে $3x$, $5x$ এবং $7x$ টাকা।

প্রশ্নমতে, $(3x - 45,600) : 5x : (7x + 3,37,600) = 24 \quad 59 \quad 167$

এখন, প্রথম দুই রাশি নিয়ে আমরা পাই, $\frac{3x - 45600}{5x} = \frac{24}{59}$

$\Rightarrow 177x - 2690400 = 120x$

$\Rightarrow 177x - 120x = 2690400$

$\Rightarrow 57x = 2690400$

$x = \frac{2690400}{57} = 47,200$

অতএব, A এর প্রাথমিক বিনিয়োগ $3x = 3 \times 47,200 = 1,41,600$ টাকা।

53. A rectangular fish tank $25m$ by $9m$ has water in it to a level of $2m$. This water is carefully poured into a cylindrical container with a diameter of $10m$. How high will the water reach in the cylindrical container?

a) $\frac{18}{\pi}$ b) 18π

c) $\frac{\pi}{18}$ d) $\frac{9}{2\pi}$ ***ans.* A**

Solution:

প্রশ্নে বলা হচ্ছে, $25m$ দৈর্ঘ্য ও $9m$ প্রস্থের একটি আয়তাকার মাছ রাখার পাত্রে $2m$ উঁচু পর্যন্ত পানি আছে। $10m$ ব্যাসের একটি সিলিন্ডার আকৃতির পাত্রে এই পানি সতর্কতার সহিত ঢালা হলো। এখন প্রশ্ন হলো, সিলিন্ডার আকৃতির ঐ পাত্রে পানি কত উঁচু পর্যন্ত উঠবে?

আয়তাকার ক্ষেত্রের আয়তন $= abc = (25 \times 9 \times 2)$ ঘন মিটার

সিলিন্ডার পাত্রের আয়তন $= \pi r^2 h = \pi \times \left(\frac{10}{2}\right)^2 \times h = \pi \times 5 \times 5 \times h$

প্রশ্নমতে, $\pi \times 5 \times 5 \times h = 25 \times 9 \times 2$

$\Rightarrow h = \frac{25 \times 9 \times 2}{\pi \times 5 \times 5}$

$h = \frac{18}{\pi}$

www.boighar.com

54. **At a symposium, 20% of the professors are psychologists, 60% are biologists and the remaining 12 professors are economists. If 20 of the professors wear glasses, what percent of the professors do not wear glasses?**

a) 20%　　b) $33\frac{1}{2}\%$

c) 50%　　d) $66\frac{2}{3}\%$　　***ans.* D**

Solution:

প্রশ্নে বলা হচ্ছে যে, একটি সেমিনারের 20% অধ্যাপক হলেন মনোবিজ্ঞানী, 60% হলেন জীববিজ্ঞানী এবং অবশিষ্ট 12 জন হলেন অর্থনীতিবিদ। যদি 20 জন অধ্যাপক চশমা পড়েন তবে কত শতাংশ অধ্যাপক চশমা পড়েন না?

ধরি, মোট অধ্যাপক আছে x জন

মনোবিজ্ঞানী আছেন = (x এর 20%) $= \frac{20x}{100} = \frac{x}{5}$ জন

জীববিজ্ঞানী আছেন = (x এর 60%) $= \frac{60x}{100} = \frac{3x}{5}$ জন

প্রশ্নমতে, $x - \left(\frac{x}{5} + \frac{3x}{5}\right) = 12$

$\Rightarrow x - \left(\frac{x+3x}{5}\right) = 12$

$\Rightarrow x - \frac{4x}{5} = 12$

$\Rightarrow \frac{5x - 4x}{5} = 12$

$x = 60$

অতএব, চশমা পড়েন না এমন অধ্যাপকের সংখ্যা = 60 – 20 = 40 জন

শতকরা পরিমাণ $= \left(\frac{40}{60} \times 100\right)\% = 66\frac{2}{3}\%$

Intelligent Solution:

মোট 100% হলে 100% – (20 + 60)% = 20% এর মাত্র 12.

তাহলে 100% এর মাত্র $= \frac{12}{20} \times 100 = 60$

এই 60 জনের মধ্যে 20 জন চশমা পড়লে চশমা পড়ে না $= \frac{60 - 20}{60} \times 100\% = 66\frac{2}{3}\%$

55. **In a department, $\frac{3}{5}$ of the workers are men and the rest are women. If $\frac{1}{2}$ of men and $\frac{3}{7}$ of the women in the department are over 35, what fraction of all the workers in the department are over 35?**

a) $\frac{33}{70}$　　b) $\frac{66}{70}$

c) $\frac{33}{140}$　　d) $\frac{35}{140}$　　***ans.* A**

Solution:

প্রশ্নে বলা হচ্ছে, একটি বিভাগের মোট $\frac{3}{5}$ অংশ কর্মচারী হলেন পুরুষ এবং বাকি অংশ নারী। যদি ঐ বিভাগের কর্মচারীর $\frac{1}{2}$ অংশ পুরুষ এবং $\frac{3}{7}$ অংশ নারীর বয়স 35 এর উপরে হয় তবে ঐ বিভাগের কত অংশ কর্মচারীর বয়স 35 বছরের উপরে?

35 বছরের উপরের পুরুষ কর্মী আছেন $= \left(\frac{3}{5} \text{ এর } \frac{1}{2}\right) = \frac{3}{10}$ অংশ

www.boighar.com

বিভাগে নারী আছেন = $\left(1 - \frac{3}{5}\right) = \frac{5-3}{5} = \frac{2}{5}$ = অংশ

35 বছরের উপরের নারী কর্মী আছেন = $\left(\frac{2}{5} \text{ এর } \frac{3}{7}\right) = \frac{6}{35}$ অংশ

35 বছরের উপরের পুরুষ ও নারী কর্মী আছেন = $\left(\frac{3}{10} + \frac{6}{35}\right) = \frac{21+12}{70} = \frac{33}{70}$ অংশ

56. **The ratio of investments of two partners P and Q is 7 : 5 and the ratio of their profits is 7 : 10. If P invested the money for months, find for how much time did Q invest the money.**

a) 7 months b) 10 months

c) 9 months d) 11 months ***ans.* Note**

Solution:

পাঠক প্রশ্নটিতে Typing mistake হয়েছে।

প্রশ্নে বলা হচ্ছে যে, P এবং Q দুজন অংশীদারী ব্যবসায়ী 7 5 অনুপাতে বিনিয়োগ করে 7 10 অনুপাতে মুনাফা পেল। P যদি --- মাসের জন্য বিনিয়োগ করে তবে Q কত মাসের জন্য বিনিয়োগ করেছিলো?

এই প্রশ্নটিতেও ভুল রয়েছে। ভুলবশত P কত মাসের জন্য বিনিয়োগ করেছিল তা উল্লেখ করা হয়নি। তবে P যদি 5 মাসের জন্য তার টাকা বিনিয়োগ করে থাকে, এই অঙ্কের সমাধান নিচের মতো করে করা যেতে পারেঃ

ধরি, Q তার টাকা x মাসের জন্য বিনিয়োগ করেছিল।

প্রশ্নমতে, $\frac{7 \times 5}{5 \times x} = \frac{7}{10}$ [কারণ, বিনিয়োগের পরিমাণের সাথে মাস গুণ করলে লাভের অনুপাত পাওয়া যায়]

$x = 10$

অর্থাৎ Q তার টাকা 10 মাসের জন্য বিনিয়োগ করেছিল।

57. **A clock strikes once at 1 o'clock, twice at 2 o'clock, thrice at 3 o'clock and so on. How many times will it strike in 24 hours?**

a) 78 b) 136

c) 156 d) 196 ***ans.* C**

Solution:

প্রশ্নে বলা হচ্ছে যে, একটি ঘড়ি 1 টার সময় 1 বার বাজে, 2 টার সময় 2 বার বাজে এবং 3 টার সময়ও 3 বার বাজে। এভাবে 24 ঘণ্টায় ঘড়িটি কতবার বাজবে?

24 ঘণ্টায় ঘড়ির কাঁটা 2 বার Round করবে। এক্ষেত্রে প্রথম 12 টায় এসে কয়বার বাঁজবে তা বের করতে পারলেই তার সাথে 2 গুণ করলে উত্তর বের হবে।

এক্ষেত্রে ধারাটি হবে 1 + 2 + 3 + ... + 12

সমান্তর ধারার সমষ্টি বের করার সূত্র হলো = $\frac{\text{১ম পদ + শেষ পদ}}{২} \times \text{পদসংখ্যা}$

$$= \left(\frac{1+12}{2} \times 12\right) = 13 \times 6 = 78$$

অর্থাৎ প্রথম 12 টার ঘরে এসে ঘণ্টাটি মোট 78 বার বাঁজবে।

24 ঘণ্টায় বাঁজবে = $78 \times 2 = 156$ বার।

58. **The perimeter of rectangle is 26*cm*. The rectangle is converted to a square by tripling the width and taking a quarter of the length. What is the perimeter of the resulting square?**

a) 9 *cm* b) 12 *cm*

c) 20 *cm* d) 26 *cm* **ans. B**

Solution:

প্রশ্নে বলা হচ্ছে যে, একটি আয়তাকৃতি জমির পরিসীমা 26 মিটার। এই আয়তাকৃতির জমিটিকে বর্গাকৃতি জমিতে পরিণত করতে হলে জমিব প্রস্থ 3 গুণ বাড়াতে হবে এবং দৈর্ঘ্যকে এক চতুর্থাংশ করতে হবে। এখন, প্রশ্ন হলো বর্গাকৃতি জমির পরিসীমা কত?

ধরি, আয়তক্ষেত্রের দৈর্ঘ্য = l cm এবং প্রস্থ = b cm

প্রশ্নমতে, $2(l + b) = 26$ (i)

এখন, প্রস্থ 3 গুণ করা হলে প্রস্থ হবে = $3b$ cm.

এবং দৈর্ঘ্যকে এক চতুর্থাংশ করা হলে দৈর্ঘ্য হবে = $\frac{l}{4}$ cm.

যেহেতু, বর্গ তাই $3b = \frac{l}{4}$

$\Rightarrow 12b = l$

$l = 12b$ (ii)

এখন, l এর মন (i) নং সমীকরণে বসিয়ে পাই,

$2(12b + b) = 26$

$\Rightarrow 13b = 2b$

$\Rightarrow 13b = \frac{26}{2}$

$b = \frac{13}{13} = 1$

b এর মান (ii) নং সমীকরণে বসিয়ে পাই,

$l = 12 \times 1 = 12$

অতএব, নতুন বর্গক্ষেত্রের দৈর্ঘ্য হবে = $\frac{12}{4} = 3\ cm$ এবং প্রস্থ হবে = $(3 \times 1)\ cm = 3\ cm$

অতএব, পরিসীমা = (4 × একবাহুর দৈর্ঘ্য) = $4 \times 3 = 12\ cm$

59. **In an examination, 34% of the students failed in mathematics and 42% failed in English. If 20% of the students failed in both the subjects, then find the percentage of students who passed in both the subjects.**

a) 22% b) 32%

c) 44% d) 54% **ans. C**

Solution:

অনুবাদঃ 34% গণিতে, 42% ইংরেজীতে, 20% উভয় বিষয়ে ফেল করলে উভয় বিষয়ে শতকরা কত জন পাস করল।

Common sense এর সাহায্যে চিন্তা করুন। 100 জন থেকে যদি উভয় বিষয়ে পাস বিয়োগ করেন তবে কত জন গণিত, ইংরেজী এবং উভয় বিষয়ে ফেল করে। তার সংখ্যা পাবেন

উভয় বিষয়ে ফেল = 34 + 42 – 20 = 56%

উভয় বিষয়ে পাস = (100 – 56)% = 44%.

www.boighar.com

60. **125 gallons of a mixture contains 20% water. What amount of additional water should be added such that water content is raised to 25%?**

a) $\frac{15}{2}$ gallons b) $\frac{17}{2}$ gallons

c) $\frac{19}{2}$ gallons d) $\frac{25}{3}$ gallons ***ans.*** **D**

Solution:

প্রশ্নে বলা হচ্ছে যে, 125 গ্যালনের একটি মিশ্রণে 20% পানি আছে। ঐ মিশ্রণে আর কত গ্যালন পানি মেশালে মিশ্রণে পানির পরিমাণ 25% হবে?

125 gallons mixture এ Water এর পরিমাণ $= \left(125 \times \frac{20}{100}\right) = 25$ gallon.

Others, $125 - 25 = 100$ gallon.

Let, x gallon water এ মিশ্রণে এমনভাবে Add করতে হবে যাতে Mixture containing 25% water হয়।

প্রশ্নমতে, $\frac{25+x}{125+x} = 25\%$

$\Rightarrow \frac{25+x}{125+x} = \frac{25}{100}$

$\Rightarrow \frac{25+x}{125+x} = \frac{1}{4}$

a) Smart Phone b) Camcorder
c) Processor d) DSL ***ans.* D**

Solution:

Data Transfer এর জন্য OTG-cable যে কোনো USB device কে (Smart phone, tablet, internet) এর সাথে যুক্ত করতে পারে। অর্থাৎ এটি Processor এর সাথে সংশ্লিষ্ট নয়।

www.boighar.com

Probashi Kallyan Bank Ltd.

Recruitment Test for Senior Executive Officer – 19.03.2018

Ahsanullah University of Science & Technology (AUST)

01. **নিচের কোনটি প্রবন্ধের বই?**

a) পল্লী-সমাজ
b) দিবারাত্রির কাব্য
c) কালান্তর
d) মৃত্যুক্ষুধা

ans. **C**

Solution:

'কালান্তর' (১৯৩৭) রবীন্দ্রনাথের ভারতবর্ষীয় রাজনৈতিক সমস্যা বিষয়ক বিভিন্ন প্রবন্ধের সংকলন। তাঁর উল্লেখযোগ্য কিছু প্রবন্ধগ্রন্থ হলো 'পঞ্চভূত', 'বিচিত্রপ্রবন্ধ', 'মানুষের ধর্ম', 'সভ্যতার সংকট' ইত্যাদি। উল্লেখ্য, 'মৃত্যুক্ষুধা' কাজী নজরুল ইসলামের একটি উপন্যাস। 'পল্লী সমাজ' শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের একটি উপন্যাস এবং 'দিবারাত্রির কাব্য' মানিক বন্দোপাধ্যায়ের উপন্যাস।

02. **'সৌম্য' এর বিপরীত শব্দ কি?**

a) অসুন্দর
b) কুৎসিত
c) কাপুরুষ
d) কোনোটিই নয়

ans. **D**

03. **কোনটি সঠিক?**

a) ভদ্রতাচিত
b) ভদ্রতচিত
c) ভদ্রচিত
d) ভদ্রাচিত

ans. **Note**

Solution:

সঠিক বানান হবে 'ভদ্রোচিত' যা প্রশ্নের অপশনগুলোতে নেই।

04. **'বকলম' শব্দটি বাংলা ভাষায় এসেছে**

a) ফরাসি ভাষা থেকে
b) আরবি ভাষা থেকে
c) হিন্দি ভাষা থেকে
d) বর্মি ভাষা থেকে

ans. **A**

05. **'এপিটাফ' শব্দের অর্থ**

a) শোক কবিতা
b) গীতিকা
c) সমাধি-লিপি
d) মানপত্র

ans. **C**

06. **অকালে যাকে জাগরণ করা হয় তাকে এক কথায় কি বলে?**

a) সব্যসাচী
b) প্রত্যুদগমন
c) কিংকর্তব্যবিমূঢ়
d) অকালবোধন

ans. **D**

07. **জাতি + অভিমান =**

a) জাত্যাভিমান
b) জাত্যভিমান
c) জাতিভিমান
d) জাতভিমান

ans. **B**

Solution:

জাতি + অভিমান = জাত্যভিমান। জাত্যভিমান শব্দের অর্থ হলো উচ্চবংশে জন্মের অহংকার, বংশগৌরব।

www.boighar.com

www.boighar.com

08. **'সংশয়' এর বিপরীতার্থক শব্দ কোনটি?**

a) দ্বিধা
b) নির্ভয়
c) প্রত্যয়
d) বিস্ময়

ans. **C**

09. **'একাদশে বৃহস্পতি' অর্থ**

a) সুসময়
b) দুঃসময়
c) অলীক বস্তু
d) শেষ রক্ষা

ans. **A**

10. **'যার কোন মূল্য নেই' এর সমার্থক বাগধারা কোনটি?**

a) ডাকা বুকো
b) তুলসী বনের বাঘ
c) কাঠের পুতুল
d) ঢাকের বায়া

ans. **D**

11. **নিচের কোন বানানটি শুদ্ধ?**

a) নিঃশোষিত
b) নীরস
c) মাধুরিয়া
d) অধীনী

ans. **B**

12. **'বিড়ালের আড়াই পা' বাগধারাটির অর্থ কি?**

a) লাফালাফি
b) লাফঝাপ
c) বেহায়াপনা
d) লজ্জা

ans. **C**

Solution:

উল্লেখ্য, 'বিড়ালের আড়াই পা' এর আরেকটি অর্থ ক্ষণস্থায়ী রাগ।

13. **সমাস নিষ্পন্ন পদটিকে কি বলে?**

a) সমস্যামান পদ
b) ব্যাসবাক্য
c) সমস্ত পদ
d) উত্তর পদ

ans. **C**

Solution:

সমস্যমান পদঃ সমস্থ পদ বা সমাসবদ্ধ পদটির অন্তর্গত পদগুলোকে সমস্যমান পদ বলে।

ব্যাসবাক্যঃ সমস্ত পদকে ভেঙে যে বাক্যাংশ পাওয়া যায় তাকে ব্যাসবাক্য বলে।

উত্তর পদঃ সমাসযুক্ত পদের পরবর্তী অংশকে উত্তরপদ বলে।

14. **নিচের কোন স্ত্রীবাচক শব্দের দুটি পুরুষবাচক শব্দ রয়েছে?**

a) কবিরাজ
b) ননদ
c) কুলটা
d) ইবীন

ans. **B**

Solution:

বাংলায় পুরুষ ও স্ত্রীবাচক শব্দ মূলত দুইভাবে গঠিত হয়ে থাকে। স্বামী ও পত্নীবাচক অর্থে এবং সাধারণ পুরুষ বা স্ত্রী জাতীয় অর্থে 'ননদ' শব্দটির স্বামী ও পত্নীবাচক অর্থে পুরুষবাচক শব্দ নন্দাই। আর সাধারণ পুরুষ ও স্ত্রীজাতীয় অর্থে দেওর।

15. **কোনটি সঠিক সন্ধি বিচ্ছেদ?**

a) সম্ + চয় = সঞ্চয়
b) রাজ + ঞ্জী = রাজ্ঞী
c) শ + অন = শয়ন
d) মনো + কষ্ট = মনঃকষ্ট

ans. **A**

www.boighar.com

www.boighar.com

16. **'গোঁফ খেজুরে' কোন সমাস?**

a) ব্যতিহার বহুব্রীহি
b) ব্যাধিকরণ বহুব্রীহি
c) দ্বিগু
d) মধ্যপদলোপী বহুব্রীহি **ans. B**

Solution:

বাংলা একাডেমীর ব্যবহারিক বাংলা অভিধান অনুসারে নিচের শব্দগুলোর বানান এবং অর্থগুলো লক্ষ্য করুন ঃ

গোঁপ, গোঁফ	ওষ্ঠদেশের লোমসমূহ; মোচ; Moustache
গোঁপ খেজুরে, গোঁফ খেজুরে	অতিশয় অলস; অত্যন্ত কুঁড়ে
গোঁফে তা দেওয়া	ভবিষ্যৎ লাভের আশায় উৎফুল্ল হওয়া; বিনা কাজে কেবল শৌখিনতা করে কাটানো

'গোঁপ খেজুরে' শব্দটি হলো মধ্যপদলোপী বহুব্রীহি সমাস। আর মধ্যপদলোপী বহুব্রীহি সমাসের আর দুটো নাম হলোঃ উপমাত্মক বহুব্রীহি এবং ব্যাখ্যাত্মক বহুব্রীহি। আপনি নিশ্চয়ই জানেন, যে বহুব্রীহি সমাস ব্যাসবাক্যের মধ্যস্থিত কোনো পদকে লোপ করে বা গ্রহণ না করেই তৈরি হয় তাকেই মধ্যপদলোপী বহুব্রীহি সমাস বলে। যেমনঃ

দশবছুরে = দশ বছর বয়স যার	কমলাক্ষ = কমলের মতো অক্ষি যার
বিড়ালচোখী = বিড়ালের চোখের ন্যায় চোখ যে নারীর	কাঞ্চনপ্রভ = কাঞ্চন বা সোনার মতো প্রভাব যার

Q. (17 – 20): Choose the word that conveys the same meaning as the given word.

17. **Impute**

a) blame
b) attribute
c) apply
d) expert **ans. B**

Solution:

Attribute – আরোপ করা; গুণ; ধর্ম।

ব্যাখ্যাঃ Impute মানে আরোপ করা। তবে Verb হিসেবে এর অর্থ Blame হতে পারে।

18. **Exigency**

a) dilemma
b) constraint
c) demand
d) occasion **ans. C**

Solution:

Dilemma – উভয়সংকট।

ব্যাখ্যাঃ Exigency মানে জরুরী প্রয়োজন, জরুরী অবস্থা, সংকট। তাই Demand হতে পারে যার অর্থ জোর করে দাবি করা।

19. **Anxiety**

a) worry
b) comfort
c) faith
d) None of them **ans. A**

20. **Ruthless**

a) Mindful
b) Cruel
c) Merciful
d) None of them **ans. B**

www.boighar.com

www.boighar.com

Q. (21 – 23): Select the word or phrase that best completes the sentence.

21. **Employers look for <u>agility</u> in workers in small-part production plants.**

a) flexibility b) dexterity
c) alertness d) liveliness ***ans.*** **C**

Solution:

Alertness – সতর্কতা; ক্ষিপ্রতা।

বাক্যের অর্থঃ স্বল্প পরিসরের উৎপাদন প্লান্টে নিয়োগকর্তাগণ কর্মীদের মধ্যে কাজ করার ক্ষেত্রে ক্ষিপ্রতা/ সতর্কতার গুণটি দেখছেন।

22. **You can reach your goal only when you <u>aspire</u>.**

a) aim high b) attempt it
c) try d) dream ***ans.*** **A**

Solution:

Aspire – উচ্চাকাঙ্ক্ষা-তাড়িত হওয়া। Aim high = Aspire কোন কিছুর প্রতি উচ্চ আকাঙ্ক্ষা পোষণ করা।

বাক্যের অর্থঃ লক্ষ্য অর্জনে উচ্চ আশা পোষণ করলে তুমি তোমার লক্ষ্যে পৌঁছাতে পারবে।

23. **Writing a beautiful sonnet is as much an achievement as <u>to finish</u> a 400 page novel.**

a) finishing b) it is to finish
c) to have finished d) if to finish ***ans.*** **A**

Q. (24 – 27): There are blank spaces in the following passage which have been numbered. These numbers are printed below the passage and against each some words are suggested. Find out the word that best fit the blank spaces.

Global strategies to control infective disease have historically inclnded the erection of barriers to international travel and _____ (24) _____. Keeping people with such deadly disease outside national borders has_____ (25) _____ as an important public health policy in the human immunodeficiency virus (HIV) epidemic. Between 29 and 50 countries _____ (26) _____ to have introduced border restrictions on HIV-positive foreigners, usually those planning an _____ (27) _____ stay in the country, such as students, workers or seamen.

প্রথমে Passage টির শব্দগুলোর অর্থ বের করিঃ

Strategy – কৌশল	Infective – সংক্রামক	Border – সীমানা	Erection – উত্তোলন
Deadly – মারাত্মক	Epidemic – মহামারী	Immune – নিরাপদ	Restriction – সীমাবদ্ধতা
Deficiency – অভাব	Policy – নীতি	Foreigner – বিদেশী	Seamen – নাবিকগণ

সারাংশঃ প্রথম বাক্যে সংক্রামক রোগ নিয়ন্ত্রণ করতে আন্তর্জাতিক ভ্রমণ এবং অভিবাসন এর ক্ষেত্রে Erection of barriers অন্তর্ভূক্ত করা হয়েছে। পরের বাক্যে এই মরণ ব্যাধি দূর করতে জাতীয় সীমানা পর্যবেক্ষণের কথা বলা হয়েছে। এর পর বলা হয়েছে, ২৯ থেকে ৫০ টির মতো দেশ HIV positive বিদেশীদের ক্ষেত্রে বিশেষ করে যারা দীর্ঘ সময়ের জন্য আসতে চায় তাদের ক্ষেত্রে সীমানা সীমাবদ্ধতা প্রবর্তন করা হয়েছে।

www.boighar.com

www.boighar.com

24. a) migration b) immigrate
c) emigration d) immigration ***ans.* D**

25. a) reemerged b) returned
c) merged d) restrained ***ans.* A**

26. a) is reported b) are
c) are reported d) reports ***ans.* C**

27. a) extended b) intended
c) unplanned d) interested ***ans.* A**

Q. (28 – 32): Read the following passage and select the most appropriate answer.

Nine books are to be arranged from the left to right on a shelf. Of these, four books are leather-bounds, three are cloth-bounds and remaining books are paperbacks. The leather bound books must be together. The paperback books must also be together. The clothbound books need not to be together.

প্রশ্নে বলা হচ্ছে যে, একটি বুক শেলফের বাম দিক থেকে ডান দিকে 9 টি বই সাজাতে হবে। বইগুলোর মধ্যে 4 টি বই চামড়া দ্বারা বাঁধানো, 3 টি বই কাপড় বাঁধানো এবং বাকি 2 টি বই পেপার দ্বারা বাঁধানো। চামড়া দ্বারা বাঁধানো বইগুলোকে একত্রে রাখতে হবে। পেপার দ্বারা বাঁধানো বইগুলোকেও একত্রে রাখতে হবে। কিন্তু কাপড় দ্বারা বাঁধানো বই ৩টিকে একত্রে না রাখলেও চলবে। আসুন এবার আমরা প্রশ্নের সমাধানে চলে যাইঃ

28. **The cloth-bound books must be next to each other, if a paperback book is in which of the following position?**

a) the ninth b) the first
c) the fifth d) the seventh ***ans.* C**

Solution:

প্রশ্নে বলা হচ্ছে যে, একটি Paper-bound বই কোথায় রাখলে Cloth-bound বইগুলো পরস্পর পাশাপাশি থাকবে। এখানে Leather-bound বইকে L দ্বারা, Cloth-bound বইকে C দ্বারা এবং Paper-bound বইকে P দ্বারা সূচিত করা হয়েছে।



এখানে, অপশন *a*) এর 9 নং অবস্থানে একটি P বই রাখলে বাকি আর একটি P অবশ্যই 8 নং এ রাখবে। কিন্তু 6 এবং 7 নং অবস্থানে দুটি C কে রেখে পরবর্তী 4 টি অবস্থানে L বইগুলোকে রাখা যেতে পারে। এভাবে 1 নং অবস্থানকে বাকি C দ্বারা পূরণ করা যায়। তাই C গুলো এক্ষেত্রে একত্রে থাকবে না। তাই অপশন *a*) বাদ।

আবার, অপশন *b*) এর 1 এবং 2 নং P দ্বারা পূরণ করলে বাকি স্থানগুলোতে C বইগুলোকে একত্রে না রেখেও সাজানো যায়। কাজেই অপশন এটিও বাদ। আর অপশন *d*) এর 7 এবং 8 নং এর স্থানে P রেখে বাকি 4 টি স্থানে পাশাপাশি 2 কে রেখেও C বইগুলোকে আলাদা করে রাখা যায়। কিন্তু P কে 5 নং এ রাখলে অপরটি 6 অথবা 4 যেখানেই রাখেন না কেন বামে বা ডানে 3 টি বা 4 টি স্থান খালি থাকে যা L এবং C দ্বারা পূরণ করতেই হবে। তাই সঠিক উত্তর হবে অপশন *c*).

www.boighar.com

www.boighar.com

29. **If the second book is a clothbound and the third book is a paperback, which of the following can be a clothbound book?**

a) the second
b) the ninth
c) the seventh
d) none of these

***ans.* B**

Solution:

প্রশ্নে বলা হচ্ছে যে, এখানে দ্বিতীয় বইটি Cloth-bound এবং তৃতীয় বইটি Paper-bound হলে একটি Cloth-bound বইটি অবশ্যই কোথায় থাকবে?



যেহেতু P. এবং L বইগুলোকে পাশাপাশি থাকবে, কাজেই 3 ও 4 নং স্থানে P দ্বারা এবং 5, 6, 7 এবং 8 নং স্থানগুলোকে অবশ্যই L দ্বারা পূর্ণ করতে হবে। ফলে বাকি থাকে 1 ও 9 নং স্থানগুলো অবশ্যই C দ্বারা পূর্ণ হবে। তাই উত্তর হবে অপশন *b*).

30. **If no clothbound book is next to another clothbound book, which one can be a paperback book?**

a) the fifth
b) the ninth
c) the third
d) the sixth

***ans.* C**

Solution:

প্রশ্নে বলা হচ্ছে যে, Cloth-bound বইগুলো পাশাপাশি না থাকলে একটি Paper-bound বই কোথায় থাকতে পারে?



P কে 2 ও 3 নং স্থানে রেখে 1 ও 4 নং এ C কে রাখা হলে 5, 6, 7 এবং 8 নং স্থানগুলো L দ্বারা পূরণ করা হলো। ফলে বাকি থাকে 1, 4 এবং 9 নং স্থান। এই স্থানগুলোতে C বইগুলোকে রাখা হলে বইগুলো পাশাপাশি থাকে না। তাই উত্তর অপশন *c*).

31. **If the first and seventh books have the same kinds of binding, which of the following must be a leather-bound books?**

a) the second
b) the fourth
c) the first
d) the sixth

***ans.* B**

Solution:

প্রশ্নে বলা হচ্ছে, যদি প্রথম এবং সপ্তম স্থানের বইটি একই Binding এর হয় তবে নিচের কোনটিতে অবশ্যই একটি Leather-bound বই থাকবে?



1 ও 7 নং স্থানে P অথবা L বইগুলোকে রাখা যাচ্ছে না। কারণ সেক্ষেত্রে তাদের Order বা ক্রম বজায় থাকছে না। তাই 1 ও 7 নং স্থানে C কেই রাখতে হবে। এখন 2, 3, 4 এবং 5 নং স্থানে L কে রেখে 8 ও 9 নং স্থানে P কে রাখি। বাকি থাকে 6 নং। এখন 6 নং এ C কে রাখি। আবার,



www.boighar.com

উপরের চিত্রানুযায়ী P কে 8 ও 9 নং স্থান ছাড়া কোথাও রাখা যাচ্ছে না। তাই L কে 3, 4, 5 ও 6 নং এ রাখতে হবে। তাই উভয় চিত্র থেকে দেখা যাচ্ছে যে, L কে 3, 4 এবং 5 নং এর মধ্যে অবশ্যই থাকবে। সেই হিসেবে অপশন অনুযায়ী উত্তর হবে অপশন *b*).

32. **If the sixth book is a leather-bound and eighth book is a cloth-bound, which of the following must be a paperback?**

a) the second b) the first

c) the third d) the fourth ***ans.* A**

Solution:

প্রশ্নে বলা হচ্ছে যে, ষষ্ঠ বইটি যদি Leather-bound বই হয় এবং অষ্টম বইটি Cloth-bound বই হয় তবে নিচের কোনটি অবশ্যই Paperback বই হবে?



চিত্রানুযায়ী L বইগুলোকে 8 নং হতে বামদিকেই 3 নং ঘর পর্যন্ত সাজাতে হবে। অন্যদিকে C কে 8 নং এ রাখলে 7 এবং 9 নং এ P কে 1 এবং 2 নং স্থানেই রাখতে হবে। আবার,



এখন চিত্রানুযায়ী দেখা যাচ্ছে, 1 এবং 9 নং স্থানে C রাখলে একটি P 3 নং এ চলে যাচ্ছে, কিন্তু উভয় চিত্রেই 2 নং এবং 1 টি P বই রাখতেই হবে। তাই উত্তর হবে অপশন *a*).

33. **Triangle ABC has the following vertices: A(1, 0), B(5, 0) and C(3, 4). Which of the following is true?**

a) CA = CB b) AB = AC

c) AC < BC d) AB = BC ***ans.* A**

Solution:

প্রশ্নে বলা হচ্ছে যে, ABC ত্রিভুজের তিনটি স্থানাঙ্ক A(1, 0), B(5, 0) এবং C(3, 4) হলে নিচের কোনটি সত্য হবে?

মূল সূত্র হলোঃ $A(x_1, y_1)$ এবং $B(x_2, y_2)$ এর মধ্যবর্তী দূরত্ব $AB = \sqrt{(x_1 - x_2)^2 + (y_1 - y_2)^2}$

A(1, 0) এবং C(3, 4) এর মধ্যবর্তী দূরত্ব $AC = \sqrt{(1 - 3)^2 + (0 - 4)^2} = \sqrt{20}$

B(5, 0) এবং C(3, 4) এর মধ্যবর্তী দূরত্ব $BC = \sqrt{(5 - 3)^2 + (0 - 4)^2} = \sqrt{20}$

তাই, AC = BC বা CA = CB [কারণ ত্রিভুজের AC এবং CA একই বাহু বোঝায়]

34. **Increasing the original price of an item by 10%, then decreasing by 20% and then again increasing the price by 10% is equivalent:**

a) 4.4% increase b) 3.2% decrease

c) 3.5% decrease d) None of these ***ans.* B**

Solution:

প্রশ্নে বলা হচ্ছে যে, একটি দ্রব্যের মূল্য প্রথমে 10% বাড়িয়ে আবার 20% কমানো হলো এবং পরে তা আবার 10% বাড়ানো হলো তা নিচের কোনটির সমান হবে?

www.boighar.com

ধরি, দ্রব্যটির দাম ছিল 100 টাকা

10% বৃদ্ধিতে বর্তমান দাম = 100 + 10 = 110 টাকা

20% হ্রাসে দাম হবে = $110 - 110 \times 20\%$

$= 110 - \frac{110 \times 20}{100} = 88$ টাকা

আবার, 10% বৃদ্ধিতে দাম হবে = $88 + \frac{88 \times 10}{100}$

$= 88 + 8.8 = 96.8$ টাকা

পরিবর্তন হলো = $100 - 96.8 = 3.2$ টাকা

35. $(2\sqrt{27} - \sqrt{75} + \sqrt{12})$ **is equal to**

a) $4\sqrt{3}$ b) $\sqrt{3}$

c) $2\sqrt{3}$ d) $3\sqrt{3}$ ***ans.*** **D**

Solution.

$2\sqrt{27} - \sqrt{75} + \sqrt{12}$

$= 2\sqrt{3 \times 9} - \sqrt{3 \times 25} + \sqrt{3 \times 4}$

$= 2\sqrt{3 \times 3^2} - \sqrt{3 \times 5^2} + \sqrt{3 \times 2^2}$

$= 2 \times 3\sqrt{3} - 5\sqrt{3} + 2\sqrt{3}$

$= 6\sqrt{3} - 5\sqrt{3} + 2\sqrt{3}$

$= 8\sqrt{3} - 5\sqrt{3}$

$= 3\sqrt{3}$

36. A two-digit number has 3 in its unit digit. The sum of its digits is one seventh of the number itself. What is the number?

a) 73 b) 53

c) 63 d) 83 ***ans.*** **C**

Solution.

অনুবাদঃ ২ অঙ্ক বিশিষ্ট একটি সংখ্যার একক স্থানীয় অঙ্ক ৩। সংখ্যাগুলোর যোগফল সংখ্যাটির $\frac{১}{৭}$ অংশ। সংখ্যাটি কত?

যেহেতু, এককের অংকটি 3,

তাই ধরি, দশকের অংক x

এবং সেক্ষেত্রে সংখ্যাটি = $10x + 3$

প্রশ্নমতে, $x + 3 = \frac{1}{7}(10x + 3)$

$\Rightarrow 10x + 3 = 7x + 21$

$\Rightarrow 3x = 18$

$x = 6$

সংখ্যাটি = $(10 \times 6) + 3 = 60 + 3 = 63$

www.boighar.com

www.boighar.com

37. **A student loses 1 mark for every wrong answer and scores 2 marks for every correct answer. If he answers all the 60 questions in an exam and scores 39 marks, how many of them were correct?**

a) 33 b) 31

c) 27 d) 37 **ans. A**

Solution:

অনুবাদঃ একজন ছাত্র ভুলের জন্য 1 Mark lose করে এবং সঠিক উত্তরের জন্য 2 Mark পায়। 60 টি প্রশ্নের প্রত্যেকটির উত্তর দিয়ে একজন ছাত্র 39 নম্বর পেল। কতগুলোর সঠিক উত্তর দিয়েছিল?

ধরি, সঠিক উত্তরের সংখ্যা xটি

ভুল উত্তরের সংখ্যা $(60 - x)$ টি

প্রশ্নমতে, $(x \times 2) - (60 - x) = 39$

$\Rightarrow 2x - 60 + x = 39$

$\Rightarrow 3x = 60 + 39$

$\Rightarrow 3x = 99$

$\Rightarrow x = \frac{99}{3}$

$x = 33.$

38. **The triangular base of a prism is a right triangle of sides a and $b = 2a$. The height h of the prism is equal to 10 mm and its volume is equal to 40 mm^3, what will be the lengths of the sides a and b of the triangle?**

a) 2 mm and 3 mm b) 1 mm and 4 mm

c) 2 mm and 2 mm d) 2 mm and 4 mm **ans. D**

Solution:

প্রশ্নে বলা হচ্ছে যে, সমকোণী ত্রিভুজাকৃতির একটি প্রিজমের বাহুগুলো হলো a এবং $b = 2a$. প্রিজমটির উচ্চতা 10 মিলিমিটার এবং আয়তন 40 ঘনমিলিমিটার। প্রিজমটিতে a এবং b এর মান কত?

দেয়া আছে, ত্রিভুজাকৃতির প্রিজমটির আয়তন $= \frac{1}{2} a \times b \times h = 40\ mm^3$

এখানে, $b = 2a$ এবং উচ্চতা $h = 10$ মিলিমিটার হলে

প্রিজমটির আয়তন $\frac{1}{2} a \times b \times h = 40$

$\Rightarrow \frac{1}{2} \times a \times 2a \times 10 = 40$

$\Rightarrow a^2 = \frac{40}{10} = 4$

$\Rightarrow a = \sqrt{4} = \sqrt{2^2} = 2$

$a = 2mm$

অতএব, $b = 2a$

$\Rightarrow b = 2 \times 2 = 4mm$



www.boighar.com

39. **The sum of principal and simple interest of a certain amount of money would be Tk. 460 after 3 years from now and Tk. 500 after 5 years form now. What is the total interest rate?**

a) 5% b) 12%

c) 15% d) 20% ***ans.* A**

Solution:

প্রশ্নে বলা হচ্ছে, কোনো আসল 3 বছরে সুদে আসলে 460 টাকা এবং 5 বছরে সুদে আসলে 500 টাকা হলে শতকরা সুদের হার কত হবে?

5 বছরের সুদ + আসল = 500 টাকা

3 বছরের সুদ + আসল = 460 টাকা

2 বছরের সুদ = 40 টাকা

3 বছরের সুদ $= \frac{40 \times 3}{2} = 60$ টাকা

আসল = (460 – 60) টাকা = 400 টাকা

400 টাকায় 3 বছরের সুদ = 60 টাকা

1 টাকায় 1 বছরের সুদ $= \frac{60}{400 \times 3}$ টাকা

100 টাকায় 1 বছরের সুদ $= \frac{60 \times 100}{400 \times 3} = 5$ টাকা

Intelligent Solution:

Step-1: বড় সময়ের সুদ $= \frac{500 - 460}{5 - 3} \times 5 = 100$

Step-2: আসল, P = 500 – 100 = 400

Step-3: $100 = \frac{400 \times r \times 5}{100}$ $r = 5$

40. **A wheel rotates 10 times per minutes and moves 20*m* during each rotation. How many feet does the wheel move in 1 hour?**

a) 10,000 b) 12,000

c) 18,000 d) 20,000 ***ans.* B**

Solution:

প্রশ্নে বলা হচ্ছে যে, একটি চাকা প্রতি মিনিটে 10 বার ঘুরে এবং প্রতি ঘূর্ণনে 20 মিটার পথ অতিক্রম করে। 1 ঘণ্টায় চাকাটি কত পথ অতিক্রম করবে?

1 মিনিটে চাকাটি অতিক্রম করে = $10 \times 20 = 200$ মিটার

60 মিনিটে চাকাটি অতিক্রম করে = $200 \times 60 = 12{,}000$ মিটার

41. **If *x* and *y* are consecutive positive integers, which of the following must be an even integer?**

a) x b) y

c) $\frac{xy}{2}$ d) xy ***ans.* D**

Solution:

Repeat: *PKBL (SO) 12.01.2018 & Question: 55.*

42. **There are *n* students in a school. If *r*% among the students are 12 years or younger, which of the following expressions represents the number of students who are older than 12?**

a) $n(1 - r)$ b) $100(1 - r)n$

c) $\frac{n(1 - r)}{100}$ d) $\frac{n(100 - r)}{100}$ ***ans.* D**

www.boighar.com

Solution:

প্রশ্নে বলা হচ্ছে, একটি বিদ্যালয়ে n সংখ্যক ছাত্র রয়েছে। $r\%$ ছাত্রের 12 বছর কিংবা তার কম হলে উত্তরের কোন অপশনটি 12 বছরের চেয়ে বড় ছাত্রদের সংখ্যা প্রকাশ করবে?

$r\%$ ছাত্রের বয়স 12 বছর কিংবা তার কম।

অর্থাৎ 100 জন ছাত্রের মধ্যে 12 কিংবা তার কম বয়সী ছাত্র আছে $= r$ জন

1 জন ছাত্রের মধ্যে 12 কিংবা তার কম বয়সী ছাত্র আছে $= \frac{r}{100}$ জন

n জন ছাত্রের মধ্যে 12 কিংবা তার কম বয়সী ছাত্র আছে $= \frac{rn}{100}$ জন

ঐ বিদ্যালয়ে 12 বছরের বেশি ছাত্র আছে $= \left(n - \frac{rn}{100}\right) = \frac{100n - rn}{100} = \frac{n(100 - r)}{100}$ জন।

Intelligent Solution:

Total – $r\%$ of Total

$= n - \frac{r}{100} \times n$

$= n\left(1 - \frac{r}{100}\right) = \frac{n(100 - r)}{100}$

43. The ratio between the perimeter and the breadth of a rectangular is 5 : 1. If the area of the rectangle is $216cm^2$, what is the length of the rectangle?

a) $16cm$ b) $18cm$

c) $20cm$ d) $22cm$ **ans. B**

Solution:

প্রশ্নে বলা হচ্ছে, একটি আয়তক্ষেত্রের পরিসীমা এবং প্রস্থের অনুপাত 5 1 এবং ক্ষেত্রফল 216 হলে দৈর্ঘ্য কত?

ধরি, দৈর্ঘ্য $= a$ এবং প্রস্থ $= b$

$ab = 216$ .....(i)

এখানে, পরিসীমা $= 2(a + b)$

প্রশ্নমতে, $\frac{2(a + b)}{b} = \frac{5}{1}$

$\Rightarrow 2(a + b) = 5b$

$\Rightarrow 2a + 2b = 5b$

$\Rightarrow 2a = 3b$

$a = \frac{3b}{2}$

(i) নং সমীকরণ হতে পাই,

ক্ষেত্রফল $= \frac{3b}{2} \times b = 216$

$\Rightarrow 3b^2 = 432$

$\Rightarrow b^2 = 144$

$b = 12$; $a = \frac{3 \times 12}{2} = 18$

দৈর্ঘ্য = 18 সেন্টিমিটার।

Intelligent Solution:

ধরি, পরিসীমা $= 5x$ সেঃমিঃ; প্রস্থ $= x$ সেঃমিঃ

আমরা জানি, দৈর্ঘ্য $= \frac{\text{পরিসীমা}}{২} -$ প্রস্থ

দৈর্ঘ্য $= \frac{5x}{2} - x = \frac{5x - 2x}{2} = \frac{3x}{2}$ সেঃমিঃ

অতএব ক্ষেত্রেফল $= \frac{3x}{2} \times x = \frac{3x^2}{2}$ বর্গসেঃমিঃ

প্রশ্নমতে, $\frac{3x^2}{2} = 216$

$\Rightarrow 3x^2 = 432$

$\Rightarrow x^2 = 144$

$x = 12$

অতএব দৈর্ঘ্য $= \frac{3 \times 12}{2} = 18cm.$

Intelligent Solution: যেহেতু, Area দেয়া আছে এবং দৈর্ঘ্য বের করতে হবে,

সেহেতু Answer গুলো দিয়ে ভাগ করলে সহজেই দৈর্ঘ্য-প্রস্থ জানা যাবে।

$a)$ এর ক্ষেত্রে $\frac{216}{16} = 13.5$ যেহেতু দশমিক। তাই পরেরটা করি। $b)$ এর 18 দ্বারা ভাগ করলে $\frac{216}{18} = 12$ পাওয়া যায়।

পরিসীমা $= (18 + 12) \times 2 = 60$; এবং পরিসীমা : প্রস্থ $= 60 : 12 = 5$ 1 তাই উত্তর হবে 18 cm.

www.boighar.com

www.boighar.com

44. If $(x+y) > 5$ and $(x-y) > 3$, then which of the following gives all and only possible value of x?

a) $x < 3$ b) $x > 3$

c) $x > 4$ d) $x < 5$ ***ans.* C**

Solution:

প্রশ্নে বলা হচ্ছে যে, যদি $x + y > 5$ এবং $x - y > 3$ হয় তাহলে অপশনের কোনটি x এর একমাত্র মান?

$x + y > 5$

$x - y > 3$

(+) $2x > 8$

$x > 4$

45. Three boys have marbles in the ratio of 19 : 5 : 3. If the boy with the least number has 9 marbles, how many marbles does the boy with the highest number have?

a) 57 b) 15

c) 76 d) 38 ***ans.* A**

Solution:

প্রশ্নে বলা হচ্ছে, তিনজন বালকের মার্বেলের অনুপাত ১৯ ঃ ৫ ঃ ৩। যদি সবচেয়ে কম মার্বেল আছে এমন বালকের নিকট ৯টি মার্বেল থাকে, তাহলে সবচেয়ে বেশি মার্বেল আছে এমন বালকের নিকট কয়টি মার্বেল থাকবে?

৩ জন বালকের মার্বেলের অনুপাত = 19 : 5 : 3

ধরি, ৩ জন বালকের মার্বেল আছে = $19x : 5x : 3x$

যেহেতু, সবচেয়ে কম ৯টি মার্বেল আছে।

প্রশ্নমতে, $3x = 9$

$\Rightarrow x = 3$

সবচেয়ে বেশি মার্বেল আছে = $19x = 19 \times 3 = 57$.

Intelligent Solution:

সর্বনিম্ন অনুপাত 3 এর মান = 9

সর্বোচ্চ অনুপাত 19 এর মান = $\frac{9}{3} \times 19 = 57$

46. The area of a rectangle R with width 4 ft is equal to the area of a square S, which has a perimeter of 24 ft, the perimeter of the rectangle R, in feet, is

a) 9 b) 16

c) 24 d) 26 ***ans.* D**

Solution:

প্রশ্নে বলা হচ্ছে যে, 4 ফুট প্রস্থের একটি আয়তক্ষেত্রের ক্ষেত্রফল একটি বর্গক্ষেত্রের ক্ষেত্রফলের সমান। বর্গক্ষেত্রের পরিসীমা 24 ফুট হলে আয়তক্ষেত্রের পরিসীমা কত?

ধরি, বর্গক্ষেত্রের একবাহুর দৈর্ঘ্য a ফুট এবং পরিসীমা $4a$ ফুট

প্রশ্নমতে, $4a = 24$

$a = \frac{24}{4} = 6$

অতএব, বর্গক্ষেত্রের ক্ষেত্রফল = $a^2 = 6^2 = 36$ বর্গফুট

এখন, আয়তক্ষেত্রের দৈর্ঘ্য x ফুট হলে, আয়তক্ষেত্রের ক্ষেত্রফল $4x$ বর্গফুট।

www.boighar.com

www.boighar.com

প্রশ্নমতে, $4x = 36$

$x = \frac{36}{4} = 9$

তাহলে আমরা পেলাম, আয়তক্ষেত্রের দৈর্ঘ্য 9 ফুট এবং প্রস্থ 4 ফুট।

আয়তক্ষেত্রের পরিসীমা $= 2(9 + 4) = 2 \times 13 = 26$ ফুট।

47. **In a class of 120 students, 70 percent can speak only Bengali and the rest can speak English. If 25 percent of those in the class who can speak English can also speak Bengali, how many of the students in the class can speak Bengali?**

a) 39 b) 48

c) 84 d) 93 ***ans.* D**

Solution:

প্রশ্নে বলা হচ্ছে যে, 120 জন ছাত্রের একটি ক্লাসে শতকরা 70 জন শুধু বাংলায় কথা বলতে পারে এবং বাকি সবাই ইংরেজিতে কথা বলতে পারে। ক্লাসের শতকরা 25 ছাত্র বাংলা এবং ইংরেজি উভয় ভাষায় কথা বলতে পারে তবে ঐ ক্লাসের কত জন ছাত্র বাংলায় কথা বলতে পারে?

Bengali বলে = 120 জনের মধ্যে $70\% = 120 \times \frac{70}{100} = 84$ জন। English বলে $= 120 - 84 = 36$ জন।

English এবং Bengali বলে $= 36 \times 25\% = 9$ জন। তাহলে মোট Bengali বলে $84 + 9 = 93$ জন।

48. **A lamp is manufactured to sell for $35.00, which yields a profit of 25% of cost. If the profit is to be reduced to 15% of cost, what will be the new retail price of the lamp?**

a) $31.50 b) $28.00

c) $21.00 d) $32.20 ***ans.* D**

Solution:

প্রশ্নে বলা হচ্ছে, একটি Lamp উৎপাদন করার পর তা $35.00 এ বিক্রয় করা হলো। এতে উৎপাদন মূল্যের উপর 25% লাভ হলো। যদি লাভের পরিমাণ উৎপাদন খরচের উপর 15% ধার্য করা হয়, তবে Lamp টির নতুন Retail price বা খুচরা মূল্য কত হবে?

ক্রয়মূল্য $100 হলে 25% profit এ বিক্রয়মূল্য $= \$(100 + 25) = \$125$

এখন, বিক্রয়মূল্য $125 হলে ক্রয়মূল্য $= \$100$

বিক্রয়মূল্য $35 হলে ক্রয়মূল্য $= \frac{100 \times 35}{125} = \$28$

আবার, 15% লাভে,

Retail price $= \$(100 + 15) = \$115$

ক্রয়মূল্য $100 হলে Retail price $= \$115$

ক্রয়মূল্য $28 হলে Retail price $= \$\frac{115 \times 28}{100} = \$32.20$

Intelligent Solution:

এখানে,

মোট উৎপাদনের $(100 + 25) = 125\%$ হলো 35.

115% হলো $= \frac{35 \times 115}{125} = 32.2$

49. **In triangle ABC, AB = AC. All of the following statements are true except**

a) $AB < AC + BC$ b) $AC < AB + BC$

c) $BC + AC > AB + BC$ d) $AC + BC = AB + BC$ ***ans.* C**

www.boighar.com

www.boighar.com

Solution:

প্রশ্নে বলা হচ্ছে যে, ABC ত্রিভুজে AB = AC হলে নিচের কোনটি সত্য নয়?

প্রদত্ত শর্তানুযায়ী চিত্রটি অঙ্কন করা হলোঃ



আমরা জানি, ত্রিভুজের দুই বাহুর সমষ্টি তৃতীয় বাহু অপেক্ষা বৃহত্তর।

সেই হিসেবে অপশন *a)* এবং *b)* সত্যি বলে বাদ।

অপশন *d)* এর ক্ষেত্রে AB = AC বলে বামপক্ষ = AC + BC = AB + BC = ডানপক্ষ।

50. **If an inspector reject 0.08% of a product as defective, how many units of the product will he examined in order to reject 2?**

a) 500 b) 1,500

c) 2,000 d) 2,500 ***ans.*** **D**

Solution:

একজন পর্যবেক্ষক ০.০৮% পণ্য বাতিল করে। ২টি পণ্য বাতিল করার জন্য তাকে কতগুলো পণ্য পরীক্ষা করতে হবে?

0.08 টি পণ্য বাতিল করে = 100 টির মধ্যে

1 টি পণ্য বাতিল করে $= \frac{100}{0.08}$ টির মধ্যে

2 টি পণ্য বাতিল করে $= \frac{100 \times 2}{0.08} = 2{,}500$ টির মধ্যে

51. **There are 15 balls in a box: 8 balls are green, 4 are blue and 3 are white. Then 1 green and 1 blue balls are taken from the box and put away. What is the probability that a blue ball is selected at random from the box?**

a) $\frac{3}{15}$ b) $\frac{4}{15}$

c) $\frac{3}{13}$ d) $\frac{4}{13}$ ***ans.*** **C**

Solution:

প্রশ্নে বলা হচ্ছে, একটি বাক্সে 15 টি বল রয়েছে। এর মধ্যে 8 টি বল সবুজ, 4 টি বল নীল এবং 3 টি বল সাদা। ঐ বাক্স হতে 1 টি সবুজ এবং 1 টি নীল বল সরিয়ে অন্যত্র রাখা হলো। দৈবভাবে চয়ন করলে তা একটি নীল বল হবার সম্ভাব্যতা কত?

1 টি সবুজ ও 1 টি নীল বল সরিয়ে রাখলে মোট বল থাকবে = 15 – 2 = 13 টি

আর সবুজ ও নীল বলের সংখ্যা হবে যথাক্রমে 7 টি ও 3 টি।

এখন, এই 13 টি বলের মধ্যে 1 টি নীল বল উঠে আসার সম্ভাব্যতা $= \frac{3}{13}$

Intelligent Solution:

$P(\text{Blue}) = \frac{4-1}{15-2} = \frac{3}{13}$

52. **A short distance athlete has taken 60 seconds to cover 100 meters. If he makes 30 steps in 9 seconds, how many steps has he taken in that time?**

a) 130 b) 170

c) 173 d) None of these ***ans.*** **D**

Solution:

অনুবাদঃ একজন অ্যাথলেট 100 মিঃ অতিক্রম করতে সময় নেন 60 সেকেন্ড। যদি সে 9 সেকেন্ডে 30 বার পা ফেলে, তবে ঐ সময়ের মধ্যে কতবার পা ফেলবে?

www.boighar.com

www.boighar.com

দৌড়বিদ 9 সেকেন্ডে যায় = 30 ধাপ

দৌড়বিদ 1 সেকেন্ডে যায় = $\frac{30}{9}$ ধাপ

দৌড়বিদ 60 সেকেন্ডে যায় = $\frac{30 \times 60}{9} = 200$ ধাপ

এখানে প্রদত্ত অপশনগুলোর মধ্যে উত্তর না থাকায় উত্তর হবে *d*).

53. Three angles of a triangle are in proportion 5 : 6 : 7. Then what is the difference in degrees between the biggest and the smallest angles?

a) 10° b) 20°

c) 25° d) 30° ***ans.* B**

Solution:

প্রশ্নে বলা হচ্ছে, একটি Triangle তিনটি কোণের অনুপাত 5 : 6 : 7. বড় কোণ ও ছোট কোণের মধ্যে পার্থক্য কত Degree?

অনুপাতগুলোর যোগফল = 18

তিন কোণের সমষ্টি = 180°

বড় কোণের পরিমাণ = $\frac{7 \times 180}{18} = 70°$

ছোট কোণের পরিমাণ = $\frac{5 \times 180}{18} = 50°$

বড় কোণ ও ছোট কোণের পার্থক্য = 70° – 50° = 20°.

Intelligent Solution:

$\frac{180}{5+6+7} \times (7-5) = 20°$

54. If the length of each of the sides of three square garden's plots is increased by 50 percent, by what percent is the sum of the areas of the three plots increased?

a) 375% b) 200%

c) 150% d) 125% ***ans.* D**

Solution:

প্রশ্নে বলা হচ্ছে, যদি ৩টি বর্গাকার বাগানের প্রতিটির দৈর্ঘ্য ৫০% বৃদ্ধি পায়। ৩টি প্লটের ক্ষেত্রফল শতকরা কত বৃদ্ধি পাবে?

ধরি, বর্গক্ষেত্রের একবাহু = 100 একক

বর্গক্ষেত্রের ক্ষেত্রফল = $(100)^2$ = 10,000 বর্গএকক

3টি বর্গাকার বাগানের ক্ষেত্রফল = 3 × 10,000 = 30,000 বর্গএকক

50% বৃদ্ধিতে বাহুর দৈর্ঘ্য = 100 + 50 = 150 একক

ক্ষেত্রফল = 150^2 = 22,500

3 বর্গাকার বাগানের ক্ষেত্রফল = 22,500 × 3 = 67,500 বর্গএকক

ক্ষেত্রফল বেড়েছে = 67,500 – 30,000 = 37,500 বর্গএকক

30,000 বর্গএককে ক্ষেত্রফল বেড়েছে = 37,500 বর্গএকক

100 বর্গএককে ক্ষেত্রফল বেড়েছে = $\frac{37500 \times 100}{30000} = 125\%$

সূত্র

% বৃদ্ধি /হ্রাস = $A + B + \frac{A \times B}{100}$

মনে রাখবেন

বাগান যতগুলোই বলা হোক না কেন % বৃদ্ধি/হ্রাস একই হবে

Intelligent Solution:

এখানে A = B = + 50

% C = $50 + 50 + \frac{50 \times 50}{100} = 125\%$

www.boighar.com

www.boighar.com

55. A manufacturer sells three products i.e. A, B and C. Product A costs 200 and sells for 250. Product B costs 150 and sells for 180. Product C costs 100 and sells for 110. On which product, he has maximum percentage of profit?

a) B only
b) A and B both
c) A only
d) C only

***ans.* C**

Solution:

প্রশ্নে বলা হচ্ছে, একজন উৎপাদনকারী তিনটি পণ্য A, B এবং C উৎপাদন করে। A পণ্যটি 200 টাকা খরচ করে 250 টাকায় বিক্রি করে, B পণ্যটি 150 টাকা খরচ করে 180 টাকায় বিক্রি করে, C পণ্যটি 100 টাকা খরচ করে 110 টাকায় বিক্রি করে। কোন পণ্যটিতে সে সবচেয়ে বেশি শতকরা লাভ করবে?

A পণ্যের মোট লাভ = 250 – 200 = 50 টাকা

200 টাকায় লাভ হয় = 50 টাকা

100 টাকায় লাভ হয় $= \frac{50 \times 100}{200} = 25\%$

আবার, B পণ্যের মোট লাভ = 180 – 150 = 30 টাকা

150 টাকায় লাভ হয় = 30 টাকা

100 টাকায় লাভ হয় $= \frac{30 \times 100}{150} = 20\%$

এবং C পণ্যের মোট লাভ = 110 – 100 = 10 টাকা

100 টাকায় লাভ হয় = 10 টাকা

100 টাকায় লাভ হয় $= \frac{10 \times 100}{100} = 10\%$

তাই এখানে A পণ্যের লাভ সর্বোচ্চ।

Shortcut সূত্র:

$$\text{Profit \%} = \frac{\text{Sale Price - Cost Price}}{\text{Cost Price}} \times 100\%$$

Intelligent Solution:

$$A \rightarrow \frac{250 - 200}{200} \times 100\% = 25\%$$

$$B \rightarrow \frac{180 - 150}{150\%} \times 100\% = 20\%$$

$$C \rightarrow \frac{110 - 100}{100} \times 100\% = 10\%$$

56. A farmer has two rectangular fields. The larger field has twice the length and four times the width of the smaller field. If the smaller field has area K, then the area of the larger field is greater than the area of the smaller field by what amount?

a) 2K
b) 5K
c) 6K
d) 7K

***ans.* D**

Solution:

প্রশ্নে বলা হচ্ছে যে, একজন কৃষকের দুটি আয়তাকৃতির জমি রয়েছে। বড় জমির দৈর্ঘ্য ছোট জমির দৈর্ঘ্যের দ্বিগুণ; আর বড় জমির প্রস্থ ছোট জমির প্রস্থের 4 গুণ। ছোট জমির ক্ষেত্রফল K হলে বড় জমির ক্ষেত্রফল ছোট জমির ক্ষেত্রফল অপেক্ষা কত বেশি হবে?

ধরি, বড় জমির দৈর্ঘ্য L এবং ছোট জমির দৈর্ঘ্য l.

এবং বড় জমির প্রস্থ B এবং ছোট জমির দৈর্ঘ্য b.

প্রশ্নমতে, $L = 2l$ এবং $B = 4b$

এখন, বড় জমির ক্ষেত্রফল = $L \times B = 2l \times 4b = 8\,lb$

আবার, ছোট ক্ষেত্রফল = $l \times b = bl$

কিন্তু দেয়া আছে, ছোট জমির ক্ষেত্রফল $bl = K$

বড় জমির ক্ষেত্রফল = $8bl = 8K$

অতএব, বড় জমি ছোট জমি অপেক্ষা $(8K - K) = 7K$ পরিমাণ বড় হবে।

www.boighar.com

www.boighar.com

57. The radiant energy of the Sun results from

a) Nuclear fusion
b) Nuclear fission
c) Cosmic radiation
d) Combustion

***ans.* A**

Solution:

যে প্রক্রিয়ায় একাধিক হালকা নিউক্লিয়াস একত্রিত হয়ে অপেক্ষাকৃত ভারী নিউক্লিয়াস গঠন করে এবং অত্যধিক শক্তি নির্গত হয় তাকে ফিউশন বলে। এ প্রক্রিয়ায় $১০^৮$ সেন্টিগ্রেড তাপ উৎপন্ন হয়। সূর্যে শক্তি উৎপন্ন হয় পরমাণুর ফিউশন পদ্ধতিতে।

58. Fathometer is used to measure

a) Sound intensity
b) Earthquakes
c) Rainfall
d) Ocean depth

***ans.* D**

59. Which of the following is called Blue Planet?

a) Saturn
b) Earth
c) Jupiter
d) Mars

***ans.* B**

60. Radio link is a tool of banking communication in a

a) WAN area
b) LAN area
c) Remote area
d) VAN area

***ans.* C**

Solution:

দূরবর্তী অঞ্চলের সাথে Optical fiber দ্বারা নিযুক্ত Banking communication হলো Remote area.

61. Stress test is related to assess health of which institution?

a) Bank
b) Multinational Firm
c) Private Firm
d) None of them

***ans.* A**

Solution:

Repeat: *PKBL (SO) 12.01.2018 & Question: 68.*

62. Which one of the following is not the official language of United Nation Organization?

a) Spanish
b) Portuguese
c) Chinese
d) None of them

***ans.* B**

Solution:

জাতিসংঘের অফিসিয়াল ভাষা মোট ৬টি। এগুলো হলোঃ Arabic, Chinese, English, French, Russian এবং Spanish.

63. Fathometer is used to measure

a) Ocean depth
b) Earthquakes
c) Rainfall
d) Sound intensity

***ans.* A**

See the solution: 58.

www.boighar.com

www.boighar.com

64. Which one of the following countries is not a member of the OPEC?

a) Algeria b) Indonesia

c) Malaysia d) Nigeria ***ans.* B & C**

Solution:

OPEC এর পূর্ণরূপ হলো Organization of Petroleum Exporting Countries. OPEC তেল রপ্তানীকারক দেশগুলোর সংস্থা। ১৪ই সেপ্টেম্বর ১৯৬০ সালে OPEC গঠিত হয়। এর সদরদপ্তর হলো ভিয়েনা, অস্ট্রিয়া। এটির কাজ হলো OPEC ভুক্ত সদস্য দেশগুলোর মধ্যে তেলের উৎপাদন এবং মূল্য নিয়ন্ত্রণ করা। উল্লেখ্য, এই সংস্থার মোট সদস্য সংখ্যা ১৪টি আর এগুলো হলোঃ ইরান, ইরাক, কুয়েত, সৌদি আরব, ভেনিজুয়েলা, কাতার, লিবিয়া, সংযুক্ত আরব আমিরাত, আলজেরিয়া, নাইজেরিয়া, ইকুয়েডর, গ্যাবন, অ্যাঙ্গোলা এবং নিরক্ষীয় গিনি। প্রতিষ্ঠাতা সদস্য দেশগুলো হলোঃ ইরান, ইরাক, কুয়েত, সৌদি আরব এবং ভেনিজুয়েলা।

65. Who is the author of the book 'The Right of Man'?

a) Thomas Hardy b) Thomas Mann

c) Thomas Moore d) Thomas Paine ***ans.* D**

66. Which one of the following is not an official language of the United Nations?

a) Arabic b) Chinese

c) Portuguese d) Spanish ***ans.* C**

See the solution: 62.

67. On July _____, man walked on the Moon for the first time.

a) 19^{th} b) 20^{th}

c) 18^{th} d) 21^{st} ***ans.* B**

Solution:

যুক্তরাষ্ট্রের নাগরিক Neil Armstrong চাঁদে পা রাখেন ২০শে জুলাই ১৯৬৯ সালে।

68. When cutting and pasting, cutting section is temporarily stored in

a) Dashboard b) Hard drive

c) Diskette d) Clipboard ***ans.* D**

69. If you need to change the typeface of a document, which menu will you choose?

a) Edit b) View

c) Format d) Tools ***ans.* C**

Solution:

Formatting Toolbar: স্ট্যান্ডার্ড টুলবারের নিচের সারিতে প্রদর্শিত বারটিকে ফরমেটিং টুলবার বলে। এতে বিদ্যমান বাটনগুলো খুবই গুরুত্বপূর্ণ। এগুলো ব্যবহার করে ফন্ট পরিবর্তন, ফন্টের সাইজ ছোট-বড় করা, লেখাকে বোল্ড, ইটালিক ইত্যাদি গুরুত্বপূর্ণ কাজ করা হয়।

www.boighar.com

70. **You can move between two or more Excel files opened by using the**

a) ctrl + tab
b) ctrl + page up
c) ctrl + page down
d) ctrl + F9

ans. **A**

71. **The basic unit of a worksheet into which you enter data in Excel is called a**

a) column
b) box
c) table
d) cell

ans. **D**

Solution:

একটি Worksheet এ উপস্থিত কলামের সংখ্যা এবং রো বা সারি সংখ্যার গুণফল দ্বারা ঐ Worksheet এর Cell সংখ্যা পাওয়া যায়। সেই হিসেবে MS Excel 2010 এর একটি Worksheet এ 17, 179, 869, 184 টি Cell আছে। এই সেলগুলোই হলো Worksheet এর মৌলিক একক যেখানে উপাত্ত Input করা হয়।

72. **The process of transforming files from a computer on the Internet to your computer is called**

a) Forwarding
b) Downloading
c) FTP
d) Uploading

ans. **B**

Solution:

ইন্টারনেটের মাধ্যমে এক কম্পিউটারের তথ্য অপর এক কম্পিউটারে ট্রান্সফার করার প্রক্রিয়াকে প্রযুক্তিগত ভাষায় Downloading বলে। এই ডাউনলোককৃত ফাইলটি যখন খুশি তখন ব্যবহার করা যায়।

73. **You can detect spelling and grammar errors by**

a) Press Shift + F7
b) Press Ctrl + F7
c) Press Alt + F7
d) Press F7

ans. **A**

Solution:

MS Word এ লেখা বানান ও ব্যাকরণ সঠিক করা; F7 চেপে মাইক্রোসফট ওয়ার্ডে কোনো নির্বাচিত শব্দের প্রতিশব্দ, বিপরীত শব্দ, শব্দের ধরণ ইত্যাদি জানার Dictionary চালু করা হয়

74. **Verification of a login name and password is known as:**

a) configuration
b) authentication
c) accessibility
d) logging in

ans. **B**

75. **Which can be used for quick access to commonly used commands and tools?**

a) Status bar
b) Tool bar
c) Menu bar
d) Title bar

ans. **B**

Solution:

Tool bar: মেনু বারের নিচে প্রদর্শিত বিভিন্ন প্রতীক সম্বলিত বারকে স্ট্যান্ডার্ড টুলবার বলে। স্ট্যান্ডার্ড টুল বারের প্রতীক বাটনে ক্লিক করে অনেক কম সময়ে কাজ করা যায়।

76. **_____ are software which is used to do particular task.**

a) Operating system b) Data

c) Software d) Program ***ans.* D**

77. **All of the following are examples of real security and privacy risks EXCEPT:**

a) Viruses b) Spam

c) Hackers d) None of them ***ans.* B**

Solution:

ই-মেইল একাউন্টে প্রায়ই কিছু কিছু অচেনা ও অপ্রয়োজনীয় ই-মেইল পাওয়া যায় যা আমাদের বিরক্তি ঘটায়। এই ধরনের ই-মেইলকে সাধারণত Spam মেইল বলে। এই Spam মেইলগুলো Security এবং Privacy এর ক্ষেত্রে কোন হুমকি নয়।

78. **The _____ program compresses large files into a smaller file**

a) WinZip b) WinShrink

c) WinStyle d) None of them ***ans.* A**

Solution:

ফাইলকে সঙ্কুচিত করার জন্য Compress program ব্যবহৃত হয়ে থাকে। এগুলো হলোঃ WinZip, WinAce, WinRAR, BitZipper, ALZip, NCH Express Zip, Stuffit, TurboZip Express ইত্যাদি।

79. **Which can be used for quick access to commonly used commands and tools?**

a) Status bar b) Tools bar

c) Menu bar d) Title bar ***ans.* B**

See the solution no: 75.

80. **Operating System is the most common type of _____ software.**

a) System b) Application

c) Communication d) None of these ***ans.* A**

See the solution no: 76.

www.boighar.com

Bangladesh House Building Finance Corporation

Recruitment Test for Senior Officer – 20.10.2017

Faculty of Arts

01. **'নিম' যে ভাষার উপসর্গ-**

a) উর্দু
b) ফারসি
c) গুজরাটি
d) আরবি

***ans.* B**

Solution:

উর্দু	ফারসি	গুজরাটি	আরবি
আব্বু, কলিজা, ঘাগরা	নামায, রোজা, নিম	খদ্দর, হরতাল	গরিব, জলসা, কবুল

02. **'রোজনামচা' শব্দের অর্থ-**

a) দিনের কৃত্যসূচি
b) দিনলিপি
c) দিনযাপন প্রণালি
d) দিবস-নাম

***ans.* B**

03. **অভিদানে অনুসৃত বর্ণানুক্রমে সাজানো হয়েছে যে গুচ্ছটি-**

a) খদ্দর, ক্ষতি, খবর
b) বাঁশ, বিবর্ণ, বনলতা
c) তেল, তৈয়ার, তোশা
d) ময়না, মহিম, মাতৃ

***ans.* C & D**

04. **'গাজী মিয়া' ছদ্মনাম-**

a) মীর মশাররফ হোসেনের
b) মোতাহের হোসেন চৌধুরীর
c) আবু জাফর শামসুদ্দিনের
d) শামসুদ্দীন আবুল কালামের

***ans.* A**

Solution:

মীর মশাররফ হোসেনের একটি বিখ্যাত গ্রন্থ হলো 'গাজী মিয়াঁর বস্তানী'। এটি তাঁর আত্মজীবনীমূলক উপন্যাস-সম একটি রচনা। এছাড়া তিনি 'গৌড়তটবাসী মশা', 'উদাসীন পথিক' ছদ্মনামে লিখতেন।

05. **বাংলা মৌখিক স্বরধ্বনির সংখ্যা-**

a) ৮টি
b) ১১টি
c) ৭টি
d) ৯টি

***ans.* C**

Solution:

প্রশ্নটিতে 'মৌখিক' এর স্থলে 'মৌলিক' হলে উত্তর হবে ৭টি। এই ৭টি মৌলিক স্বরধ্বনি হলোঃ অ, আ, ই, উ, এ, অ্যা এবং ও। পঞ্চাশটি বর্ণে মাত্রাহীন বর্ণের সংখ্যা ১০টি। স্বরবর্ণে পূর্ণমাত্রা বিশিষ্ট বর্ণ আছে ৬টি। স্বরবর্ণে মাত্রাহীন বর্ণ আছে ৪টি এবং পঞ্চাশটি বর্ণে অর্ধমাত্রা বিশিষ্ট বর্ণ আছে ৮টি।

06. **কাব্যনাটক নয়-**

a) বিসর্জন
b) তপস্বী ও তরঙ্গিনী
c) দণ্ডকারণ্য
d) নূরলদীনের সারাজীবন

***ans.* C**

www.boighar.com

www.boighar.com

Solution:

উল্লেখ্য, ১৯৬৬ সালে মুনীর চৌধুরী রচিত 'দণ্ডকারণ্য' একটি নাটক। 'বিসর্জন' ১৮৯০ সালে রবীন্দ্রনাথ ঠাকুরের অমিত্রাক্ষর ছন্দে রচিত একটি মঞ্চসফল ও জনপ্রিয় নাটক। "পায়ের আওয়াজ পাওয়া যায়", "নূরুলদীনের সারা জীবন", "এখানে এখন" এগুলো সৈয়দ শামসুল হক রচিত কাব্যনাট্য।

07. **বাংলা সাহিত্যের আধুনিক যুগের বৈশেষিক লক্ষণ নয়-**

a) ব্যক্তিস্বাতন্ত্র্য　　b) গীতিকবিতা

c) শব্দালংকার　　d) পারত্রিকতা　　***ans.* D**

Solution:

উল্লেখ্য, আধুনিক যুগের সময়কাল ১৮০১ থেকে বর্তমান পর্যন্ত। মূলত আধুনিক যুগের আগে বাংলা সাহিত্যে যে সাহিত্য রচনা হয়েছে তা ছিল কবিতা বা পদ্য নির্ভর। কিন্তু আধুনিক যুগে বাংলা সাহিত্যে যে বৈশিষ্ট্য পরিদৃষ্ট হয় তা হলোঃ

ক. ব্যক্তি স্বাতন্ত্র্যবাদ, শব্দের অলংকার　　খ. গদ্য সাহিত্যের উদ্ভব

গ. সাময়িকপত্রের আবির্ভাব　　ঘ. নাট্য সাহিত্যের জন্ম।　　ঙ. অদৃষ্টবাদের পরিবর্তে মানবনির্ভরতা।

08. **অপ্রমিত বানান রয়েছে যে গুচ্ছে-**

a) ধ্বংস, ধ্বস, উচ্ছ্বাস　　b) উদ্দেশ, উচ্ছল, দিঙনির্ণয়

c) বন্দি, ইতঃপূর্বে, বাষ্পীভূত　　d) একত্র, স্তূপীকৃত, নিরবচ্ছিন্ন　　***ans.* A**

09. **'স্বজন' শব্দের ঠিক উচ্চারণ-**

a) সজন　　b) সজোন

c) শজন্　　d) শজোন্　　***ans.* D**

Solution:

বাংলা একাডেমির ব্যবহারিক বাংলা অভিধান (ষোড়শ পুনর্মুদ্রণ) পৃষ্ঠা নং ১১৮৫ অনুসারে স্বজন (শজোন) 'বি' আত্মীয়; আপনার লোক; বন্ধু-বান্ধব।

10. **সৈয়দ মুজতবা আলী অধ্যাপনা করেননি-**

a) আজিজুল হক কলেজে　　b) বার্লিন বিশ্ববিদ্যালয়ে

c) বরোদা কলেজে　　d) আল আযহার বিশ্ববিদ্যালয়ে　　***ans.* Note**

Solution:

১৯২৭ থেকে ১৯২৯ সাল পর্যন্ত তিনি কাবুলের শিক্ষাদপ্তরের অধ্যাপনা করেন। ১৯৩৫ সালে বরোদার মহারাজার আমন্ত্রনে বরোদা কলেজে তুলনামূলক ধর্মতত্ত্বের অধ্যাপক হিসেবে যোগ দেন। এরপর ১৯৪৯ সালে বগুড়ার আজিজুল হক কলেজের অধ্যক্ষ হিসেবে যোগদান করেন। তাহলে উত্তর হিসেবে পাওয়া যাবে অপশন *b)* এবং *d)*. কারণ তিনি 'বার্লিন ও আল আযহার' বিশ্ববিদ্যালয়ে শিক্ষা লাভ করেন, অধ্যাপনা নয়।

11. **শামসুর রাহমানের একটি উপন্যাস হলো-**

a) নিজ বাসভূমে　　b) নিয়ত মন্তাজ

c) আমি অনাহারী　　d) গৃহযুদ্ধের আগে　　***ans.* B**

www.boighar.com

www.boighar.com

12. **শব্দকে পদ হতে হলে এতে যোগ করার প্রয়োজন হয়-**

a) প্রত্যয় b) বিভক্তি

c) উপসর্গ d) অনুসর্গ ***ans.* B**

Solution:

বাক্যে অবস্থিত একটি শব্দের সাথে অন্য শব্দের অন্বয় সাধনের জন্য শব্দের সাথে যে সকল বর্ণ যুক্ত হয়, তাদেরকে বিভক্তি বলে। যেমনঃ ছাদে বসে মা শিশুকে চাঁদ দেখাচ্ছেন।

বাক্যটিতে ছাদে (ছাদে + এ বিভক্তি), মা (মা + শূন্য বিভক্তি), শিশুকে (শিশু + কে বিভক্তি), চাঁদ (চাঁদ + শূন্য বিভক্তি) ইত্যাদি পদে বিভিন্ন বিভক্তি যুক্ত হয়েছে। এগুলো ক্রিয়াপদের সাথে নাম পদের সম্পর্ক স্থাপন করেছে।

13. **রবীন্দ্রনাথ ঠাকুরের রচনা থেকে গৃহীত উদ্ধৃতি হলো-**

a) তুমি মোরে ভিক্ষা দাও তব b) চিহ্ন তব পড়ে আছে তুমি হেথা নাই

c) শ্যামতৃণ হয়ে লুটাইয়া র'ব ধরণীর ধূলিপর d) অমর বিহঙ্গ শিশু চলে অসীম কুয়াশা হেরি ***ans.* B**

14. **স্বভাবত 'ণ' ব্যবহৃত হয়েছে যে শব্দে-**

a) বিপণি b) রুক্মিণী

c) ব্রাহ্মণী d) হরিণী ***ans.* A**

Solution:

উল্লেখ্য, বাণিজ্য, বেণু, বীণা, বেণী, বাণী, বণিক, বণে শব্দগুলোতে স্বভাবতই "ণ" হয়।

15. **বিশেষ্য থেকে বিশেষণে পরিবর্তনের দৃষ্টান্ত-**

a) 'নৌ' থেকে 'নাব্য' b) 'নাব্য' থেকে নৌ'

c) 'নাব্য' থেকে 'নাব্যতা' d) 'নৌ' থেকে 'নাব্যতা' ***ans.* A**

16. **'To make a mess of things' এর বঙ্গানুবাদ-**

a) রাই কুড়িয়ে বেল b) অধিক সন্ন্যাসীতে গাঁজন নষ্ট

c) ভূতের বাপের শ্রাদ্ধ d) নাচতে না জানলে উঠান বাঁকা ***ans.* C**

17. **"Where there is a will, there is a way." –means in bangla**

a) যেখানে মত, সেখানে পথ। b) যত মত, তত পথ।

c) যতক্ষণ শ্বাস, ততক্ষণ আশ। d) ইচ্ছা থাকলে উপায় হয়। ***ans.* D**

18. **"Birds of a same feather" means-**

a) Same kind of bird b) Persons of similar nature

c) Birds of prey d) Persons of weak nature ***ans.* B**

19. **"Crowded" is synonymous to-**

a) Jam-packed b) Jammed

c) Vacant d) Forlorn ***ans.* A & B**

Solution:

Crowded = Jam-packed – জনাকীর্ণ	Jam – গাদাগাদি করা বা ঠাসাঠাসি করা
Vacant – খালি; শূন্য	Forlorn – অসুখী; মৃতভাগ্য; নিঃসহায়

www.boighar.com

20. **A synonym of the word "Erratic" is-**

a) Vague b) Irregular

c) Adore d) Amity ***ans.* B**

Solution:

Erratic = Irregular – অনিয়মিত; অনিশ্চিত	Vague – অস্পষ্ট; ভাসাভাসা
Adore – উপাসনা করা; গভীরভাবে ভালবাসা; শ্রদ্ধা	Amity – বন্ধুত্বপূর্ণ সম্পর্ক

21. **The antonym of "Abundant" is-**

a) Plentiful b) Copious

c) Scanty d) Lavish ***ans.* C**

Solution:

Abundant – অঢেল; প্রচুর	Plentiful = Copious – প্রচুর; পর্যাপ্ত
Scanty – অপ্রতুল; অপর্যাপ্ত; সংকীর্ণ	Lavish – অমিতব্যয়ী; অপব্যয়ী

22. **"I CASTIGATED myself for being so stupid". The bold-faced word means-**

a) Eulogized b) Appreciated

c) Criticized d) Extolled ***ans.* C**

Solution:

Eulogy = Appreciate = Extol – উচ্চ প্রশংসা করা	Castigate = Criticize – সমালোচনা করা; নিন্দা করা

23. **"Animals that eat flesh of another animal." Substitute in one word-**

a) Man-eater b) Carnivorous

c) Beast d) Cannibal ***ans.* B**

Solution:

Maneater – নরখাদক (বাঘ, হাঙ্গর)	Beast – পশু, জন্তু, জানোয়ার	Cannibal – রাক্ষস; নরমাংসভোজী

Carnivorous = Animals who eat flesh of another animal = মাংসখেকো।

24. **The underline phrase in the sentence- "<u>Swimming</u> in the river is difficult." is:**

a) Verb b) Adjective

c) Adverb d) Noun ***ans.* D**

Solution:

Swimming, Swimmer – Noun	Swimable – Adjective	Swimmingly – Adverb

25. **The negative form of the sentence: "Man is mortal." is-**

a) Man is not mortal. b) Man cannot be mortal.

c) Man is not immortal. d) Man will not be mortal. ***ans.* C**

Solution:

কিছু কিছু বাক্য আছে যা চিরন্তন সত্য, অভ্যাসগত সত্য। এগুলোর Transformation করতে শুধু এর বিপরীত Adjective এবং Not বসালেই তা অর্থের পরিবর্তন না হয় Negative form হয়ে যাবে।

www.boighar.com

26. **"Do it as I say." The passive form is-**

a) Be it done as it is said. b) Let it be done as I say.

c) It should be done as I say. d) Let it be done as is said by me. ***ans.* Note**

Solution:

Complex sentence এর Voice পরিবর্তনে Principal এবং Subordinate উভয় প্রকার Clause এরই পরিবর্তন করতে হয়। এরূপ ক্ষেত্রে কখনো কখনো Introductory 'It' ব্যবহার করতে হয়। তাই Do it as I say এর সঠিক Passive form হলো Let it be done as it is said by me.

27. **Which one is a correct indirect narration?**

a) You told me that you would be careful. b) You said to me that you have been careful.

c) You told me that you will be careful. d) You said to me that you are careful. ***ans.* A**

Solution:

Direct narration এ Shall, will, can ইত্যাদি Verb থাকলে Indirect narration এ Should, would, could এ রূপান্তরিত হয়।

28. **Sentence Correction: "Mumps <u>are</u> a very <u>common</u> disease <u>which</u> <u>usually</u> affects children." Which underlined section is an error?**

a) are b) common

c) which d) usually ***ans.* A**

Solution:

Mumps হলো Singular; তাই Subject - verb agreement অনুযায়ী Mumps এর সাথে Verb হিসেবে Are না হয়ে is হবে।

29. **"It is high time he (change) his bad habits." The right form of the verb in bracket is-**

a) changing b) changed

c) has changed d) has been changing ***ans.* B**

Solution:

It is time, it is high time ইত্যাদির পর Subject থাকলে Verb টি Past tense এর হয়। আর এদের পর Subject না থাকলে To + verb হয়।

30. **Fill in the blanks: "_____ till her baby is due?"**

a) How long is it b) How long time there is

c) How long it is d) How long she has ***ans.* A**

31. **"Thespian art" refers to-**

a) The art of tragedy b) The art of history

c) Tribal art d) The art of story-telling ***ans.* A**

Solution:

Thespian art – নাট্য সম্পর্কিত বিশেষ করে ট্র্যাজেডি নাটক সম্পর্কিত।

www.boighar.com

www.boighar.com

32. One who compile dictionary is called a-

a) Demographer
b) Dictionary-maker
c) Lexicographer
d) Monographer

ans. C

Solution:

Demographer – জনসংখ্যাবিদ	Lexicographer – সংকলক	Monographer – অঙ্কন বিষয়ক গ্রন্থের বিশারদ

33. In ΔABC, AB = BC and AC is the hypotenuse. The value of ∠C is-

a) 35°
b) 45°
c) 60°
d) 90°

ans. B

Solution:

প্রশ্নে বলা হচ্ছে, ABC ত্রিভুজের AB = BC এবং AC অতিভুজ হলো ∠C =?

প্রশ্নানুযায়ী চিত্রটি আঁকুন,



চিত্রে AB = BC

∠BAC = ∠ACB হবে কিন্তু AC অতিভুজ বলে ∠B = 90°

অতএব, ∠ACB + ∠BAC = 90°

$\Rightarrow$ ∠ACB + ∠ACB = 90°

$\Rightarrow$ 2∠ACB = 90°

$\Rightarrow$ $\angle ACB = \frac{90^\circ}{2} = 45^\circ$

অর্থাৎ ∠C = 45° হবে।

34. The distance from the centre of a circle to the circumference is-

a) are
b) diameter
c) radius
d) secant

ans. C

Solution:



প্রশ্নে বলা হচ্ছে, বৃত্তের কেন্দ্র হতে পরিধি পর্যন্ত দূরত্ব কে কি বলে?

কেন্দ্র O হতে বৃত্তের পরিধি পর্যন্ত দূরত্ব (OA) কে বৃত্তের ব্যাসার্ধ বা Radius বলে।

35. If a man was *r* years old *s* years ago, how many years old will he be *t* years from now?

a) $s + r + t$
b) $rs + t$
c) $s - r + t$
d) $r - s + t$

ans. A

Solution:

প্রশ্নে বলা হচ্ছে, s বছর পূর্বে একজনের বয়স ছিল r বছর। এখন থেকে t বছর পর তার বয়স কত হবে?

s বছর পর ঐ লোকের বয়স হয়েছিল $(r + s)$ বছর।

t বছর পর ঐ লোকের বয়স হবে $(r + s + t)$ বছর।

www.boighar.com

www.boighar.com

36. **∠A and ∠B are complementary to each other. If ∠A = 115° then ∠B is-**

a) 65° b) 110°

c) 20° d) 290° ***ans.* Note**

Solution:

প্রশ্নে বলা হচ্ছে, ∠A এবং ∠B দুটি পরস্পরের পূরক কোণ। ∠A = 115° হলে ∠B?

দুটি কোণের সমষ্টি 90° হলেই কেবল ঐ কোণ দুটি পরস্পর পরস্পরের পূরক কোণ (Complementary angle) হবে। এজন্য একটি কোণের সমান 115° হওয়া সম্ভব নয়। তাই প্রশ্নটি ভুল।

তবে Complementary এর জায়গায় Supplementary angle বা সম্পূরক কোণ হলে সেক্ষেত্রে উত্তর হতো অপশন *a*) এর 65°. কারণ ∠B = 180° – ∠A = 180° – 115° = 65°.

37. **If 5% is gained by selling an article of Tk. 350 than selling it for Tk. 340, the cost of the article is:**

a) Tk. 180 b) Tk. 150

c) Tk. 200 d) Tk. 250 ***ans.* C**

Solution:

প্রশ্নে বলা হচ্ছে, একটি দ্রব্য 340 টাকায় বিক্রয় না করে 350 টাকায় বিক্রয় করলে 5% বেশি লাভ হয়। দ্রব্যটির ক্রয়মূল্য কত?

ধরি, দ্রব্যটির ক্রয়মূল্য x টাকা

প্রশ্নমতে, 5% of $x = 350 - 340$

$\Rightarrow \frac{5x}{100} = 10$

$\Rightarrow x = \frac{10 \times 100}{5}$

$x = 200$

অর্থাৎ দ্রবটির ক্রয়মূল্য 200 টাকা।

Intelligent Solution:

5% এর মান = 350 – 340 = 10

100% এর মান = $\frac{10}{5} \times 100 = 200$

38. **In first 1,000 natural numbers, how many integers exist such that they leave a remainder 4 when divided by 7 and a remainder 9 when divided by 11?**

a) 11 b) 13

c) 15 d) 17 ***ans.* B**

Solution:

প্রশ্নে বলা হচ্ছে, প্রথম 1,000 টি স্বাভাবিক সংখ্যার মধ্যে এমন কয়টি সংখ্যা আছে যাদেরকে 7 দ্বারা ভাগ করলে ভাগশেষ 4 থাকে এবং 11 দ্বারা ভাগ করলে ভাগশেষ 9 থাকে?

a) data is dependent on programs
b) data redundancy increases
c) data is integrated and can be accessed by multiple programs
d) None of these

ans. **C**

Solution: Database management system এর আরো কিছু Advantage হলোঃ

a) প্রয়োজন অনুযায়ী Database তৈরী করা যায়।

b) Data'র বানান ও সংখ্যার ভুল অনুসন্ধান ও সংশোধন করা যায়।

c) নতুন Data/Record অন্তর্ভূক্ত করা।

d) প্রয়োজন অনুযায়ী পুরো Database কে যেকোন ফিল্ডের বর্ণনাক্রমিক, সংখ্যানুক্রমিক, পদবি বা উপাধি ভিত্তিক বা অন্য কোনভাবে বিন্যস্ত করা যায়।

99. **Data independence means**

a) data is defined separately and not included in programs
b) programs arc not dependent of the physical attributes of data
c) programs are not dependent on the logical attributes of data
d) both B and C

ans. **D**

100. **Key to represent relationship between tables is called**

a) primary key
b) secondary key
c) foreign key
d) None of these

ans. **C**

Solution: Relation table এর ক্ষেত্রে কোনো একটি Table এর Primary key যদি অন্য Table এ ব্যবহৃত হয় তখন ঐ Key কে Foreign key বলে। এই Key এর সাহায্যে একটি Table এর সম্পর্ক স্থাপন করা হয়। অন্যদিকে যে ফিল্ড কোন একটি Record কে অদ্বিতীয়ভাবে (Unique) সনাক্ত করে তাকে Primary key বলে। যেমনঃ ব্যাংকে গ্রাহকদের Account নম্বর। কারণ, কোন একটি নির্দিষ্ট ব্যাংকে একই নম্বরে কেবলমাত্র একটি Account ই থাকবে।

www.boighar.com

www.boighar.com

Janata Bank Ltd.

Recruitment Test for Executive Officer (Morning) – 24.03.2017

S. Science (DU)

01. **কোনটি যোগরূঢ় শব্দ?**

a) জলীয় b) পীতাম্বর

c) মিতালি d) মণ্ডপ **ans. B**

Solution: অনেক সাধিত শব্দের ব্যুৎপত্তিগত অর্থ একাধিক জিনিসকে বুঝাতে পারে, কিন্তু শব্দটির প্রচলিত অর্থ যদি তার মধ্যে কেবল একটিকেই বুঝায়, তবে তাকে যোগরূঢ় শব্দ বলে। যেমনঃ পঙ্কজ, আদিত্য, জলদ, তুরঙ্গম, রাজপুত, মহাযাত্রা ইত্যাদি। উল্লেখ্য 'পীতাম্বর' শব্দের অর্থ হলো হলদে রঙের কাপড়।

02. **কোন শব্দগুচ্ছের বানান শুদ্ধ?**

a) স্বায়ত্বশাসন, সমীচিন b) দূর্বার, মুমূর্ষু

c) স্বান্তনা, শরীরি d) দুর্গা, পুণ্য **ans. D**

Solution:

ভুল বানান	স্বায়ত্বশাসন (ত্ব), সমীচিন (চি)	দূর্বার (দূ), মুমূর্ষু (মূ)	স্বান্তনা (স্বা), শরীরি (রি)
শুদ্ধ বানান	স্বায়ত্তশাসন (ত্ত), সমীচীন (চী)	দুর্বার (দু), মুমূর্ষু (মু)	সান্তনা (সা), শরীরী (রী)

03. **'কুর্নিশ' শব্দের উৎস ভাষা-**

a) ওলন্দাজ b) ফারসি

c) সংস্কৃত d) তুর্কি **ans. D**

Solution:

ওলন্দাজ শব্দ	ইস্কাপন, ইস্ক্রুপ, টেক্কা, তুরুপ, রুইতন, হরতন।
ফারসি শব্দ	খোদা, নামায, তারিখ, বেহশ্‌ত, দোযখ, রোজা, চশমা, পেরেশান।
সংস্কৃত শব্দ	নক্ষত্র, ক্ষুধা, সূর্য, পদ্ম, ক্ষমা, অন্ন, নিমন্ত্রণ, চন্দ্র, স্বামী, পুত্র
তুর্কি শব্দ	উজবুক, কোর্মা, তুরুক, তোশক, বন্দুক, কুর্নিশ, বাইজি (বাজি), বারুদ, উর্দু, কুলি, খোকা, চাকর, চাকু, তোপ, দারোগা, বাবুর্চি, কাঁচি, জঙ্গল।

04. **'সাধনা' পত্রিকার প্রথম সম্পাদক-**

a) সুধীন্দ্রনাথ ঠাকুর b) সত্যেন্দ্রনাথ ঠাকুর

c) রবীন্দ্রনাথ ঠাকুর d) দ্বিজেন্দ্রনাথ ঠাকুর **ans. A**

Solution:

সম্পাদকের নাম	সুধীন্দ্রনাথ ঠাকুর	রবীন্দ্রনাথ ঠাকুর	দ্বিজেন্দ্রনাথ ঠাকুর
প্রকাশকাল	১৮৯১	১৮৯৪, ১৮৯৮, ১৯০১, ১৯১১	১৮৭৭
পত্রিকার নাম	সাধনা	সাধনা, ভারতী, বঙ্গদর্শন, তত্ত্ববোধিনী	ভারতী

05. **'রথদেখা' কোন সমাস?**

a) নিত্য b) দ্বন্দ্ব

c) সহার্থক বহুব্রীহি d) তৎপুরুষ **ans. D**

Solution: পূর্বপদে দ্বিতীয়াদি (দ্বিতীয়া থেকে সপ্তমী পর্যন্ত) বিভক্তি লোপ পেয়ে যে সমাস হয় এবং যেখানে পর পদের অর্থ প্রধানরূপে প্রতীয়মান হয় তাকে তৎপুরুষ সমাস বলে। 'রথদেখা' এর ব্যাসবাক্য হলো রথ কে দেখা। সুতরাং এটি দ্বিতীয়া তৎপুরুষ সমাস। আরো কিছু দ্বিতীয়া তৎপুরুষ সমাস হলো কলাবেচা, রথদেখা, ব্যক্তিগত, জলসেচন, রথচালন, পুত্রলাভ ইত্যাদি।

www.boighar.com

www.boighar.com

06. **আখতারুজ্জামান ইলিয়াস রচিত গ্রন্থ-**

a) বিচিত চিন্তা
b) সংস্কৃতির ভাঙা সেতু
c) আত্মঘাতী রবীন্দ্রনাথ
d) কালজিজ্ঞাসা

***ans.* B**

Solution:

আখতারুজ্জামান ইলিয়াস রচিত উপন্যাস	চিলেকোঠার সেপাই (১৯৮৭)	খোয়াবনামা (১৯৯৬)
আখতারুজ্জামান ইলিয়াস রচিত ছোটগল্প	অন্য ঘরে অন্য স্বর (১৯৭৬)	খোঁয়ারি (১৯৮২)
	দুধভাতে উৎপাত (১৯৮৫)	দোজখের ওম (১৯৮৯)

07. **'যদি তারে নাই চিনি গো, সে কি আমায় নেবে চিনে'। এটি কোন ধরনের বাক্য?**

a) সরল
b) যৌগিক
c) জটিল
d) সাধারণ

***ans.* C**

Solution:

যে বাক্যে প্রধান খণ্ডবাক্যের অধীন এক বা একাধিক অপ্রধান খণ্ডবাক্য থাকে বা একটি প্রধান খণ্ডবাক্যের এক বা একাধিক আশ্রিত বাক্য পরপর সাপেক্ষভাবে ব্যবহৃত হয়, তাকে জটিল বাক্য বলে। এরকম কিছু মিশ্র বা জটিল বাক্যের উদাহরণঃ

তুমি আসবে বলে হে স্বাধীনতা, সখিনা বিবির কপাল ভাঙল।	যখন বিপদ আসে, তখন দুঃখও আসে
যতই করিবে দান, ততই যাবে বেড়ে।	ধনধান্য পুষ্পে ভরা, আমাদের এই বসুন্ধরা।

08. **'স্নান > সিনান' কোন ধরনের ধ্বনিপরিবর্তন প্রক্রিয়া?**

a) বিপ্রকর্ষ
b) ধ্বনিলোপ
c) সমীভবন
d) স্বরসঙ্গতি

***ans.* A**

Solution: উচ্চারণের সুবিধার জন্যে যুক্ত-অক্ষরের মধ্যে স্বরধ্বনি আসলে ধ্বনি পরিবর্তনের এই ধারাকে বিপ্রকর্ষ বলে। যেমনঃ স্বপ্নে > স্বপনে, প্রাণ > পরাণ, হর্ষে > হরষে, শ্লোক > শোলোক।

09. **'ব্রজবিলাস' গ্রন্থের রচয়িতা-**

a) বিদ্যাপতি
b) বড়ু চণ্ডীদাস
c) ঈশ্বরচন্দ্র গুপ্ত
d) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর

***ans.* D**

Solution:

বিদ্যাপতি	মিথিলার কবি বিদ্যাপতি বৈষ্ণব কবি এবং পদসঙ্গীত ধারার রূপকার।
বড়ু চণ্ডীদাস	শ্রীকৃষ্ণকীর্তন।
ঈশ্বরচন্দ্র গুপ্ত	রামপ্রসাদ সেন কর্তৃক কালীকীর্তন, কবি ভারতচন্দ্র রায়গুনাকর রায় ও তার জীবনবৃত্তান্ত, বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় সম্পাদিত কাব্যসংগ্রহ প্রভৃতি।
ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর	অতি অল্প হইল, "আবার অতি অল্প হইল", "ব্রজবিলাস" "বিধবা বিবাহ ও যশোরের হিন্দু ধর্মরক্ষিণী সভা", "রত্ন পরীক্ষা", "শকুন্তলা", "সীতার বনবাস", "ভ্রান্তিবিলাস" ইত্যাদি

10. **'ছাপাখানা' শব্দের 'খানা' কোন ধরনের প্রত্যয়?**

a) বাংলা কৃৎ
b) বাংলা তদ্ধিত
c) বিদেশি তদ্ধিত
d) সংস্কৃত তদ্ধিত

***ans.* C**

Solution:

'খানা' একটি পারসি তদ্ধিত প্রত্যয়। আরো কিছু পারসি তদ্ধিত প্রত্যয়ের উদাহরণ খেয়াল করুনঃ	
গর > নির্মাতা অর্থে > কারিগর; বাজিগর।	খোর > অভ্যস্তার্থে > সুদখোর; আফিমখোর
নবিশ > অভিজ্ঞ অর্থে > পত্রনবিশ; নকলনবিশ	খানা > বাস বা কার্যস্থল অর্থে > জেলখানা, ছাপাখানা
গিরি > বৃত্তি, ব্যবহার অর্থে > কেরানিগিরি; বাবুগিরি	

www.boighar.com

www.boighar.com

11. হাসান হাফিজুর রহমান রচিত কাব্যগ্রন্থ-

a) বিধ্বস্ত নীলিমা
b) চৈত্রের ভালোবাসা
c) রাত্রিশেষ
d) ভবিতব্যের বাণিজ্যতরী

ans. **D**

Solution: 'বিধ্বস্ত নীলিমা' শামসুর রাহমানের একটি কাব্যগ্রন্থ এবং 'রাত্রিশেষ' আহসান হাবিবের একটি বিখ্যাত কাব্য গ্রন্থ।

12. 'সমাবর্তন' শব্দের কয়টি অক্ষর?

a) সাত
b) ছয়
c) পাঁচ
d) চার

ans. **D**

13. 'বাংলা ভাষার উৎপত্তি মাগধি প্রাকৃত থেকে'। এই উক্তিটি করেছেন-

a) মুহাম্মদ শহীদুল্লাহ
b) সুকুমার সেন
c) জর্জ গ্রিয়ারসন
d) সুনীতিকুমার চট্টোপাধ্যায়

ans. **D**

Solution: বাংলা ভাষার উদ্ভব সম্পর্কে বিভিন্ন মত প্রচলিত আছে। সুনীতিকুমার চট্টোপাধ্যায়, জর্জ গ্রিয়ারসন সহ অধিকাংশ ভাষাবিজ্ঞানী মনে করেন, মাগধী প্রাকৃত থেকেই বাংলা ভাষার উৎপত্তি। কিন্তু ডঃ মুহাম্মদ শহীদুল্লাহ মনে করেন, গৌড় অপভ্রংশ থেকে আনুমানিক খ্রিষ্ট্রীয় পাঁচশ্ অব্দে বঙ্গ কামরূপী ভাষা তৈরী হয়। এটিই বাংলা ভাষা।

14. কোনটি মুক্তিযুদ্ধভিত্তিক উপন্যাস?

a) প্রদোষে প্রাকৃতজন
b) চিলেকোঠার সেপাই
c) জলাঙ্গী
d) ওঙ্কার

ans. **C**

Solution:

শওকত আলী	আখতারুজ্জামান ইলিয়াস	শওকত ওসমান	আহমদ ছফা
প্রদোষে প্রাকৃতজন (১৯৮৪)	চিলেকোঠার সেপাই (১৯৮৭)	জলাংঙ্গী (১৯৮৬)	ওঙ্কার (১৯৭৫)

15. বিদেশী উপসর্গযুক্ত শব্দ-

a) আলুনি
b) হরবোলা
c) মগডাল
d) পাতিলেবু

ans. **B**

Solution: 'হর' একটি উর্দু/ হিন্দি উপসর্গ। এর অর্থ প্রত্যেক। হর দিয়ে গঠিত কিছু শব্দ- হররোজ, হরহামেশা, হরবোলা।

16. 'রাত্রে লুচিমুচি কিছু খাইনে, স্রেফ ভাত'। এ বাক্যে 'লুচিমুচি' শব্দদ্বৈত কী ভাব প্রকাশ করছে?

a) সাধারণ
b) প্রসন্ন
c) অবজ্ঞা
d) অনীহা

ans. **D**

17. 'বাংলাদেশ যেন জয়লাভ করে'। এটি কোন ধরনের বাক্য?

a) প্রার্থনাসূচক
b) আবেগসূচক
c) বর্ণনাত্মক
d) অনুজ্ঞাসূচক

ans. **A**

18. 'সৌম্য' শব্দের বিপরীত শব্দ-

a) শীলিত
b) দুর্জন
c) উদ্ধত
d) উগ্র

ans. **D**

Solution:

মূল শব্দ	দুর্জন	উদ্ধত	উগ্র
বিপরীত শব্দ	সুজন	বিনীত	সৌম

www.boighar.com

www.boighar.com

19. **'Notification' শব্দের বাংলা পরিভাষা-**

a) বিজ্ঞপ্তি
b) পরিপত্র
c) প্রজ্ঞাপন
d) বিবরণী

ans. **C**

Solution:

ইংরেজি শব্দ	Notice	Circular	Notification	Report
বাংলা পরিভাষা	বিজ্ঞপ্তি	পরিপত্র	প্রজ্ঞাপন	বিবরণী

20. **'এক যে ছিল রাজা' এখানে 'যে' এর ব্যবহার-**

a) অনুজ্ঞাসূচক
b) সম্বোধনসূচক
c) অলংকারসূচক
d) সম্বন্ধসূচক

ans. **C**

21. **কোনটি আঞ্চলিক জীবনভিত্তিক উপন্যাস?**

a) জাগরী
b) আরণ্যক
c) অভিশপ্ত নগরী
d) নদীবক্ষে

ans. **B**

Solution: বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় এর উপন্যাস হলো 'আরণ্যক' (১৯৩৯। মানুষ ও প্রকৃতির সম্পর্কের টানাপোড়ন, বহু বিচিত্র, মানুষের চরিত্র, তাদের দুঃখ-দারিদ্র্য, আশা ও আনন্দ এই কাহিনির উপজীব্য।

22. **'জল' শব্দের সমার্থক শব্দ-**

a) সর্বশুচি
b) ওদন
c) উদক
d) বারিদ

ans. **C**

Solution:

মূল শব্দ	সর্বশুচি	ওদন	উদক	বারিদ
সমার্থক শব্দ	অনল, বহ্নি, হুতাশন	ভাত, অন্ন	সলিল, বারি, জল	মেঘ, ঘন, জলদ

23. **চর্যাপদের কোন কবি নিজেকে বাঙালি বলে পরিচয় দিয়েছেন?**

a) ভুসুকুপা
b) কাহ্নপা
c) শবরপা
d) লুইপা

ans. **A**

Solution: চর্যাপদের সর্বাধিক পদ রচনা করেন কাহ্নপা। চর্যাপদের কবিদের মধ্যে শবরপা সর্বাপেক্ষা প্রাচীন। লুইপা চর্যাপদের প্রথম পদটি রচনা করেন।

24. **নিত্য মূর্ধন্য-ণ-বাচক শব্দ**

a) রাবণ
b) রামায়ণ
c) বিপণি
d) বিষ্ণু

ans. **C**

Solution: কোন কোন তৎসম শব্দে স্বাভাবিকভাবেই 'ণ' ব্যবহৃত হয়। এর জন্য কোন নিয়ম রীতি নেই। এগুলোকে নিজ মূর্ধন্য-ণ বলে। যেমনঃ অণু, কঙ্কণ, নিপুণ, পণ্য, পুণ্য, ফণী, বণিক, বাণ, লাবণ্য, স্থাণু, চাণক্য, মাণিক্য, বাণিজ্য, লবণ ইত্যাদি।

25. **'গোঁফ খেজুরে' বলতে বোঝায়-**

a) অসহায়
b) প্রকৃতই অলস
c) সাদাসিধে
d) অকর্মণ্য

ans. **B**

26. **The Spanish Civil War began in the year**

a) 1914
b) 1936
c) 1920
d) 1945

ans. **B**

www.boighar.com

www.boighar.com

Solution: ১৯১৪ → সালে প্রথম বিশ্বযুদ্ধ শুরু হয়েছিল।১৯৩৬ → সালে স্পেনের গৃহযুদ্ধ শুরু হয়েছিল।১৯৪৫ → সালের মে মাসে দ্বিতীয় বিশ্বযুদ্ধে জার্মানি আত্মসমর্পণ করে।

27. **Which article of the constitution of Bangladesh ensures the Separation of Judiciary from the Executive?**

a) 25 b) 22
c) 23 d) 24 ***ans.* B**

Solution: ২২ → নির্বাহী বিভাগ হতে বিচার বিভাগের পৃথকীকরণ।২৩ → জাতীয় সংস্কৃতি।২৫ → আন্তর্জাতিক শান্তি, নিরাপত্তা ও সংহতির উন্নয়ন।২৪ → জাতীয় স্মৃতি নিদর্শন প্রভৃতি।

28. **Shaquille O'Neal retired in 2011 from what sport?**

a) Baseball b) Football
c) Basketball d) Tennis ***ans.* C**

Solution: বিখ্যাত বাস্কেটবল খেলোয়ার Shaquille O'Neal ১লা জুন ২০১১ সালে অবসরের ঘোষণা দেন।

29. **Who is the governor of the Reserve Bank of India?**

a) Raghuram Rajan b) Arun Jaitley
c) Urjit Patel d) Subba Rao ***ans.* C**

Solution: Urjit Patel গভর্নর হিসেবে 4 September 2016 সালে Raghuram Rajan এর নিকট থেকে দায়িত্ব গ্রহণ করেন।

30. **Since when has Google started news service for Bangladesh?**

a) 10th March 2015 b) 15th April 2015
c) 9th September 2015 d) 20th June 2015 ***ans.* C**

Solution: ওয়েব সাইটের বিভিন্ন নিউজ থেকে তা সংগ্রহ করে নতুন করে একটি সাইট তৈরি করা হয় যা গুগোল নিউজ নামে পরিচিত। USA তে ২০০২ সালের সেপ্টেম্বর মাসে এই সাইটের Beta version চালু করা হয়। এ ধারনার প্রবর্তক হচ্ছেন Krishna Bharat.

31. **Islam Kanmov was the president of**

a) Azerbaijan b) Tajikistan
c) Uzbekistan d) Turkmenistan ***ans.* C**

Solution: উজবেকিস্তানের প্রেসিডেন্ট ইসলাম কারিমভ ২০১৬ সালের ২রা সেপ্টেম্বর ৭৮ বছর বয়সে মারা যান। তিনি প্রায় ২৫ বছরের বেশি সময় ধরে মধ্য এশিয়ার এ দেশটি শাসন করেছেন।

32. **The first astronaut to visit space twice was**

a) Michael Collins b) Nel Armstrong
c) Gus Grissom d) Yuri Gagarin ***ans.* C**

Solution:

ধরন	নভোচারী	নভোযান	দেশ	সময়কাল
নভোচারী	ইউরি গ্যগারিন	Vostok – 1	রাশিয়া	১২ই এপ্রিল ১৯৬১
চাঁদে পা রাখা ব্যক্তি	নীল আর্মস্ট্রং	Apollo – 11	যুক্তরাষ্ট্র	২০শে জুলাই ১৯৬৯

উল্লেখ্য, মার্কিন নাগরিক গাস গ্রিসম মহাকাশে দুইবার গিয়েছেন, তৃতীয়বার রকেট বিস্ফোরণে মারা যান।

33. **In which year, did the US cancel the GSP facility for Bangladesh?**

a) 2011 b) 2013
c) 2012 d) 2014 ***ans.* B**

www.boighar.com

www.boighar.com

Solution: সাভারের 'রানা প্লাজা' ধ্বসের পর USA বাংলাদেশের পোশাক শিল্পে প্রদত্ত GSP facility বন্ধ করে দেয়। আমেরিকার USTR এই GSP facility বন্ধের ব্যাপারে বেশি ভূমিকা পালন করে।

34. **Which is the largest ethnic group of Bangladesh?**

a) Rakhain b) Garo
c) Chakma d) Marma ***ans.*** **C**

Solution: দ্বিতীয় বৃহত্তম নৃ-গোষ্ঠী হলো সাঁওতাল। চাকমা ভাষায় লিখিত প্রথম উপন্যাসের নাম ফেবো। চাকমারা গ্রামকে আদাম বলে এবং গ্রামের প্রধানকে বলে কার্বারি।

35. **In which year did the Titanic Sink?**

a) 1910 b) 1920
c) 1912 d) 1914 ***ans.*** **C**

Solution: ১৫ই এপ্রিল ১৯১২ সালে কানাডার New Foundland হতে প্রায় ৪০০ মাইল দূরে উত্তর আটলান্টিক মহাসাগরে Titanic জাহাজটি ডুবে যায়।

36. **The new capital of the Indian state of Andhra Pradesh is**

a) Hyderabad b) Kochi
c) Bhubaneswar d) Amaravati ***ans.*** **D**

Solution:

প্রদেশ	Telangana	Kerala	Orissa
রাজধানীর নাম	Hyderabad	Kochi	Bhubaneswar

37. **Who was the lyricist of the song titled 'Mora Ekti Phulke Banchabo Bole Juddho Kori'?**

a) Gobindo Halder b) Gazi Mazharul Anwar
c) Fazle Khoda d) Apel Mahmud ***ans.*** **A**

Solution: গোবিন্দ হালদারের আরো কিছু বিখ্যাত গানগুলো হলো "পূর্ব দিগন্তে সূর্য উঠেছে", "এক সাগর রক্তের বিনিময়ে" ইত্যাদি।

38. **Mount Kilimanjaro is in**

a) Kenya b) Tanzania
c) Uganda d) Japan ***ans.*** **B**

Solution: Mount Kilimanjaro হলো আফ্রিকার সর্বোচ্চ পর্বতশৃঙ্গ যার উচ্চতা প্রায় 4,900 metres বা 16,100 ft.

39. **The official language of the Canadian province of Quebec is**

a) English b) German
c) French d) Italian ***ans.*** **C**

Solution: কানাডার অন্যান্য প্রদেশ যেমন Alberta, British Columbia, Monitoba, New Brunswick, New Foundland, Nova Scotia, Ontario, Prince Edward Island, Saskatchewan, Yukon, Northwest Territories এবং Nuavut তে বসবাসরত মানুষের Official ভাষা হলো English.

40. **When was the spelling of the capital of Bangladesh changed from Dacca to Dhaka?**

a) 1982 b) 1983
c) 1985 d) 1984 ***ans.*** **A**

Solution: ৫ই অক্টোবর ১৯৮২ সালে (পরবর্তীতে ১৯৮৮ সালে সংবিধানের ৮ম সংশোধনীর মাধ্যমে ঢাকার ইংরেজি বানান Dacca থেকে Dhaka করা হয়) ঢাকার নাম পরিবর্তন করা হয়েছিল। উল্লেখ্য, স্বাধীনতার পূর্বে ঢাকা চারবার রাজধানীর মর্যাদা পায়।

www.boighar.com

www.boighar.com

41. **A 25 km long causeway connects Saudi Arabia with which country?**
a) Qatar b) Yemen
c) Bahrain d) United Arab Emirates ***ans.*** **C**

Solution: রাজা ফাহাদ ব্রিজ ২৫ কিঃমিঃ দীর্ঘ যা সৌদি আরব ও বাহরাইনকে সংযুক্ত করেছে।

42. **Where is the Buriganga Eco Park situated?**
a) Savar b) Sheyampur
c) Dhamrai d) Keraniganj ***ans.*** **B**

Solution: বুড়িগঙ্গা ইকো পার্ক ঢাকার শ্যামপুরে ৭ একর জায়গার উপরে গড়ে উঠেছে।

43. **'Fera' is a**
a) Cinema b) Book
c) Documentary d) Drama ***ans.*** **C**

Solution: 'Fera' প্রয়াত চলচ্চিত্র নির্মাতা তারেক মাসুদের চলচ্চিত্র জগতে অভিযাত্রা নিয়ে তৈরিকৃত একটি প্রামাণ্যচিত্র।

44. **How many Olympic Games have been hosted in Africa?**
a) One b) Two
c) Three d) Zero ***ans.*** **D**

Solution: প্রথম অলিম্পিক গেমস্ অনুষ্ঠিত হয় ১৮৯৬ সালে গ্রীসের এথেন্সে। ২০১৬ সালে ব্রাজিলের রিও ডি অলিম্পিক গেমস্ অনুষ্ঠিত হয় এবং ২০১৮ সালে এশিয়ার দক্ষিণ কোরিয়ায় পরবর্তী অলিম্পিক গেমস্ অনুষ্ঠিত হবে

45. **The book "Prodoshe Prakiitojon" was written by-**
a) Shawkat Osman b) Shawkat Ali
c) Shawkat Mahmud d) Akhtaruzzaman Ilias ***ans.*** **B**

Solution: 'প্রাদোষে প্রাকৃতজন' বিশিষ্ট ঔপন্যাসিক শওকত আলীর একটি বিখ্যাত উপন্যাস যা সেন রাজাদের রাজত্বকাল এবং তুর্কি আক্রমণের অব্যবহিত পূর্ব সময়ের পটভূমি নিয়ে রচিত।

Direction: *Select from the alternatives, the word that convevs the SAME meaning as she word given in capital letters.*

46. **LATENT**
a) hard b) visible
c) concealed d) display ***ans.*** **C**

Solution: Latent – লুকায়িত; গুপ্ত; সুপ্ত। Visible – দৃষ্টিগ্রাহ্য; দৃষ্টিগোচর; দৃশ্যমান। Concealed – গোপন; লুকায়িত।

47. **AGILITY**
a) prosperity b) style
c) allure d) quickness ***ans.*** **D**

Solution: Agility – ক্ষিপ্রতা। Prosperity – উন্নতি। Allure – প্রলুব্ধ করা; মুগ্ধ করা। Quickness দ্রুতগতিসম্পন্ন

48. **OSTENTATION**
a) protruding b) wealthy
c) showy d) decorative ***ans.*** **C**

Solution: Ostentation – লোক দেখানো; জাঁকালো; প্রদর্শন। Protruding – বাইরে প্রসারিত এমন। Wealthy – সম্পদশালী। Decorative – শোভাকর; শোভাবর্ধন।

www.boighar.com

www.boighar.com

49. **MOROSE**

a) irritable
b) depressed
c) uncivilized
d) pessimistic

ans. **B**

Solution: Morose – গোমড়া; খিটখিটে; কটুস্ব-ভাব। Irritable – সহজে রেগে যায় এমন; উত্তেজিত। Depressed বিষণ্ন; হতাশ। Uncivilized – অসভ্য; অসংস্কৃত। Pessimistic – হতাশাপ্রবণ; দুঃখবাদী।

50. **SUNDRY**

a) complex
b) express
c) various
d) unmatched

ans. **C**

Solution: Sundry – বিবিধ; নানাবিধ। Complex – জটিল; দুর্বোধ্য। Express – প্রকাশ করা। Unmatched অপ্রতিদ্বন্দ্বী; অপ্রতিপক্ষ।

Direction: *Choose the correctly spelt word.*

51. a) accomodate
b) acommodaic
c) acomodate
d) accommodate

ans. **D**

Solution: Accommodate – আবাসিত করা।

52. a) demmurage
b) demarrage
c) demurrage
d) demurage

ans. **C**

Solution: Demurrage – এক ধরনের শুল্ক।

53. a) erroniously
b) erroneously
c) erroneusly
d) erroniosly

ans. **B**

Solution: Erroneously – অশুদ্ধভাবে; ভ্রান্তভাবে।

54. a) acqiuintence
b) acquantance
c) acquentence
d) acquaintance

ans. **D**

Solution: Acquaintance – অভিজ্ঞতালব্ধ জ্ঞান বা তথ্য; পরিচয়।

55. a) ocurred
b) occurred
c) occurrd
d) occurrd

ans. **B**

Solution: Occurred – মনে হওয়া; দৃষ্ট হওয়া।

Direction: *Choose the one which best replaces the highlighted phrase.*

56. **How religious intolerance can blight social peace and harmony can be gauged from events *take place around* the globe.**

a) taken place over
b) took place around
c) taking place around
d) taken place in

ans. **C**

Solution: Present Participle হিসেবে Taking শব্দটি বসবে।
বাক্যের অর্থঃ সামাজিক শান্তি ও একতাকে ধর্মীয় অসহিষ্ণুতা কিভাবে বিবর্ণ করেছে তা পৃথিবী জুড়ে যেসব ঘটনা ঘটছে তা থেকেই অনুমান করা যায়।

57. **How can one mobilize support from colleagues without *being cordially* to them?**

a) being cordially for
b) been cordially to
c) cordially being to
d) being cordial to

ans. **D**

www.boighar.com

www.boighar.com

Solution: সাহায্যকারী Verb হিসেবে ব্যবহৃত 'being' এরপর Adjective হিসেবে ব্যবহৃত Cordial শব্দটি বসবে। Adverb হিসেবে Cordially শব্দটি বসবে না।
বাক্যের অর্থঃ সহকর্মীদের প্রতি সদয় না হয়েও কিভাবে একজন ব্যক্তি তার প্রতি সহকর্মীদের সমর্থন আশা করতে পারে?

58. **The two brothers were *so much similar in* appearance that nobody believed that they were twins.**
a) very much similar in b) so much similar at
c) so different from d) so different in **ans. D**

Solution: So much similar in দ্বারা যেটা বুঝানো হচ্ছে তা বাক্যের পরবর্তী অংশের সাথে সঙ্গতিপূর্ণ নয়। বাক্যের পরের অংশে বলা হচ্ছে যে, কেউ বিশ্বাস করবে না যে তারা জমজ ভাই। অর্থাৎ তাদের চেহারায় Similarity না থেকে বরং Dissimilarity/ Difference থাকবে।
বাক্যের অর্থঃ দুই ভাইয়ের চেহারায় এতই অমিল যে কেউ বিশ্বাস করবে না যে তারা দুই ভাই জমজ।

59. **He failed in his attempt to disperse the mob before the miscreants *sets the fire on the bus*.**
a) setting fire on the bus b) set the bus on fire
c) set fire on the bus d) set the fire on to the bus **ans. B**

Solution: Set something on fire অর্থ আগুন ধরানো। তাই Set the bus on fire হলো সঠিক।
বাক্যের অর্থঃ দুষ্কৃতিকারীরা বাসে আগুন দেয়ার পূর্বে তাদের হটিয়ে দেয়ার প্রচেষ্টায় সে ব্যর্থ হলো।

60. **For every citizen it is mandatory to help the civic administration for *keep up the city clean*.**
a) for upkeep clean the city b) for clean and keep the city
c) to keep the city clean d) for keeping of the city cleanliness **ans. C**

Solution: এক্ষেত্রে সঠিক নিয়মটি হলো To + keep + something + adjective.
বাক্যের অর্থঃ শহরটিকে পরিস্কার রাখার জন্য পৌর প্রশাসনকে সাহায্য করা প্রত্যেক নাগরিকের জন্য বাধ্যতামূলক।

Direction: *Find out which pairs of words can fill the blank in the sentence in the same sequence to complete it.*

61. **To succeed in any _____ task, _____ is needed.**
a) challenging, impatience b) difficult, perseverance
c) critical, approach d) appropriate, strategy **ans. B**

Solution:

Impatience – অধৈর্য্য; অসহিষ্ণুতা	Perseverance – অধ্যবসায়
Critical – সঙ্কটপূর্ণ; সমালোচনামূলক	Appropriate – যথাযথ

এটা আপনি POE বা Process of Elimination অর্থাৎ একটি একটি উত্তর বাদ দেয়ার মাধ্যমে সমাধান করবেন অপশন *a*) বাদ, কারণ Challenging কাজে সফল হতে হলে Patience লাগবে, Impatience নয়। আবার অপশন *c*) ও অপশন *d*) এর শব্দদয় অপশন *b*) এর তুলনায় সরাসরি এবং সঠিক অর্থ প্রকাশ করছে না বলে বাদ। অপশন *b*) সঠিক, কারণ Difficult task এ Succeed হতে হলে Perseverance প্রয়োজন হবে।
বাক্যের অর্থঃ কোনো কঠিন কাজে সফল হতে হলে অধ্যবসায় প্রয়োজন।

62. **Being an incorrigible _____ he will never tell the _____.**
a) lier, truth b) idiot, story
c) offender, details d) criminal, message **ans. A**

Solution:

Incorrigible – শুদ্ধ করা যায় না এমন; অশোধনীয়	Lier –মিথ্যাবাদী
Offender – আইন লঙ্ঘনকারী	Details – খুঁটিনাটি; সবিস্তার

www.boighar.com

www.boighar.com

Incorrigible বলতে এমন একজনকে বুঝায় যাকে কখনোই Correct, improve বা Change করা যায় না এখন যুক্তি দিয়ে চিন্তা করুন। একজন Incorrigible lier কে কখনোই Improve, correct বা Change করা সম্ভব না। এটা সম্ভব না হলে সে কখনোই Truth বলবে না। তাই উত্তর হবে অপশন *a*). আর অপশন *c*) বাদ যাবে, কারণ Incorrigible offender কখনোই Details বলবে না এটা সত্যি না। কারণ সে হয়তো এমন Details বলবে, যা আসলে হয়তো মূল তথ্যের সাথে একাত্ম না। মূলতঃ Offender এর সাথে Details এর কোন সম্পর্ক নেই; কিন্তু Lie এর উল্টা হলো Truth. তাই অপশন *c*) না হয়ে অপশন *a*) হয়েছে।

বাক্যের অর্থঃ অশোধনীয় মিথ্যাবাদী হবার কারণে সে সত্য বলবে না।

63. **Your _____ will _____ all the benefits you derived from your hard work.**

a) patience, delete
b) possessiveness, enhance
c) apathy, increase
d) carelessness, nullify

ans. **D**

Solution:

Derive – পাওয়া; আহরণ করা	Patience – ধৈর্য; সহিষ্ণুতা
Possessiveness – অধিকার সূচক; আধিপাত্যপ্রবণ	Enhance – বৃদ্ধি করা; বাড়ানো
Apathy – উদাসীনতা; অনীহা	Increase – বৃদ্ধি করা
Nullify – বদ করা; বাতিল করা; অকার্যকর করা	Carelessness – অসর্তকতা; অযত্ন

এই প্রশ্নটিও POE এর মাধ্যমে সমাধান করতে হবে। আপনি অপশন *a*), *b*) ও *c*) এর শব্দদ্বয় শূন্যস্থানে বসিয়ে বাক্যটি পড়ুন। দেখবেন কোনটি দিয়েই বাক্যটি সঠিক অর্থ প্রকাশ করছে না। তাই এই তিনটি অপশন বাদ। অপশন *d*) বসালে বাক্যটি হয়ঃ Hard work এর মাধ্যমে যে Benefit টি অর্জন করা হয়েছিল Carelessness দ্বারা সেটি Nullify হয়ে যাবে। তাই সঠিক উত্তর *d*).

বাক্যের অর্থঃ তোমার অসর্তকতার কারণে কঠিন পরিশ্রমের মাধ্যমে পাওয়া সমস্ত ফল ব্যর্থতার পর্যবসিত হবে ।

64. **If the banks desire to _____ profit, they should get rid of _____ measures.**

a) increase, populist
b) loss, concentrate
c) earn, healthy
d) maximize, modern

ans. **A**

Solution:

Desire – আকাঙ্ক্ষা করা	Get rid of – মুক্তি পাওয়া; ছেড়ে যাওয়া বা দেয়া
Populist – লোকরঞ্জনবাদী	Concentrate – একই কেন্দ্রীভূত করানো বা হওয়া
Earn – উপর্জন করা; আয়	Healthy – স্বাস্থ্যবান

প্রথম অংশে ব্যাংকের Desire এর কথা বলা হয়েছে। যুক্তির সাহায্যে চিন্তা করুন। ব্যাংকের Desire কি? উত্তর হলো Profit বাড়ানো। এ কারণে অপশন *b*) এর loss বাদ দেয়া যায়। এখন এই Profit এর জন্য ব্যাংকগুলোকে কোন ধরনের Measure বা পরিমাণ থেকে সরে আসতে হবে? উত্তর হিসেবে দেখুন অপশন *c*) এর healthy এবং অপশন *d*) এর modern শব্দ দুটি বসালে Clear অর্থ পাওয়া যায় না। কিন্তু অপশন *a*) এর Populist শব্দটি বসালে সঠিক অর্থ পাওয়া যায়। Populist শব্দটি আসলে একটি Negative শব্দ হিসেবে ব্যবহৃত হয়। তাই এটি উত্তর হবে

বাক্যের অর্থঃ ব্যাংকগুলো যদি লাভ Increase করতে চায় তবে তাদের বিভিন্ন Populist পদক্ষেপ হতে সরে আসতে হবে

65. **There are _____ instances to prove that the leader _____ courteously with everyone.**

a) no, major
b) treats, works
c) several, behaves
d) various, demands

ans. **C**

Solution:

Instances – নিদর্শন; উদাহরণ	Courteously – ভদ্রতার সাথে; বিনয়ের সাথে
Treat – ব্যবহার করা; আচরণ করা	Behave – আচরণ; ব্যবহার

এখানে That এর আগের অংশের মূল শব্দ Instances. যেহেতু এটি Plural তাই অপশন *c*) এর Several এবং *d*) এর Various এর যেকোন একটি হতে পারে। এ কারণে অপশন *a*) এবং *b*) বাদ। That এর পরের অংশের মূল শব্দ Courteously যার সাথে Demand শব্দটি সঙ্গতিপূর্ণ নয়। তাই অপশন *d*) বাদ। তাই শূন্যস্থানের উত্তর হবে অপশন *c*) এর Behaves. **বাক্যের অর্থঃ** নেতা সবার সাথে যে বিনয়ী ব্যবহার করে তার অনেক দৃষ্টান্ত রয়েছে।

www.boighar.com

www.boighar.com

Direction: *Find the two words that are SIMILAR or OPPOSITE in meaning and indicate the letter of the correct number combination provided in the options.*

66. **1. Vivacious** **2. Weird** **3. Rabid** **4. Fanatical**
a) 1 – 2 b) 2 – 3
c) 3 – 4 d) 2 – 4 ***ans.*** **C**

Solution:

Vivacious – প্রাণবন্ত; প্রাণচঞ্চল	Weird – অস্বাভাবিক; ভূতুড়ে; অপার্থিব; রহস্যময়
Rabid – জলাতঙ্কগ্রস্ত; উন্মাদ; ক্রুদ্ধ	Fanatical অতিমাত্রায় গোঁড়া

সুতরাং দেখা যাচ্ছে যে, Rabid এবং Fanatical দুটি সমার্থক শব্দ।

67. **1. Ambience** **2. Convenient** **3. Atmosphere** **4. Degradation**
a) 2 – 3 b) 1 – 3
c) 3 – 4 d) 2 – 4 ***ans.*** **B**

Solution:

Ambience – পরিবেশ; আবহমন্ডল	Convenient – সুবিধাজনক
Atmosphere – বায়ুমন্ডল; আবহমন্ডল	Degradation – মর্যাদাহানি; অধঃপতন

সুতরাং দেখা যাচ্ছে যে, Ambience এবং Atmosphere দুটি সমার্থক শব্দ।

68. **1. Transit** **2. Unilocular** **3. Permanent** **4. Vulnerable**
a) 1 – 4 b) 2 – 4
c) 1 – 3 d) 1 – 2 ***ans.*** **C**

Solution:

Transit – গমন পথ	Unilocular – Single-chambered
Permanent – স্থায়ী; চিরস্থায়ী	Vulnerable – ক্ষতিগ্রস্থ হতে পারে এমন; অরক্ষিত

সুতরাং দেখা যাচ্ছে যে, Transit এবং Permanent দুটি Opposite শব্দ।

69. **1. Benevolent** **2. Alarming** **3. Charitable** **4. Stupendous**
a) 1 – 2 b) 2 – 3
c) 1 – 3 d) 3 – 4 ***ans.*** **C**

Solution:

Benevolent – দয়ালু; সদাশয়	Alarming – ভয়ংকর; ত্রাসজনক
Charitable – পরহিতকর; পরোপকারী	Stupendous – প্রকাণ্ড; আকারে বড়

সুতরাং দেখা যাচ্ছে যে, Benevolent এবং Charitable দুটি সমার্থক শব্দ।

70. **1. Prophetic** **2. Strange** **3. Poor** **4. Sterling**
a) 3 – 4 b) 1 – 2
c) 2 – 4 d) 1 – 4 ***ans.*** **A**

Solution:

Prophetic – ভবিষ্যৎ সূচক; ভবিষ্যৎবাণী সম্পর্কিত	Strange – বিচিত্র; অশ্রুতপূর্ব
Poor – দরিদ্র; নির্ধন; বিত্তহীন	Sterling – নিখাদ; অসামান্য

Poor এবং Sterling দুটি Opposite শব্দ। কারণ Sterling – highest in quality এবং Poor Lowest in quality.

www.boighar.com

www.boighar.com

71. **FTP stands for**

a) Folder Transfer Protocol
b) File Transfer Process
c) File Text Protocol
d) File Transfer Protocol

ans. **D**

Solution: FTP এর পূর্ণরূপ হলো File Transfer Protocol. এটি এক Computer থেকে অন্য Computer এ File স্থানান্তরের জন্য ব্যবহার করা হয়।

72. **Computer instructions written with the use of English words instead of binary machine code is called**

a) Mnemonics
b) Gray codes
c) Symbolic code
d) Opcode

ans. **C**

73. **When you insert an Excel file into a Word document, the data are**

a) Placed in a word table
b) Hyperlinked
c) Linked
d) Embedded

ans. **A**

74. **Which of the following processors use RISC technology?**

a) 486dx
b) 486sx
c) Power PC
d) 6340

ans. **C**

Solution: বর্তমানে প্রচলিত মাইক্রোপ্রসেসর সাধারণভাবে নিম্নোক্ত তিনভাগে ভাগ করা যায়ঃ

ক. CISC Processor বা সিস্ক প্রসেসরঃ CISC Processor এর পূর্ণনাম হলো Complex Instruction Set Computing. এটি তুলনামূলকভাবে জটিল ইনস্ট্রাকশন ব্যবহার করা হয়। এই প্রসেসরটি এসেম্বলি ভাষায় প্রোগ্রামিং এর জন্য বেশি উপযোগী। যেমনঃ Intel- Pentium, Motorola- 6800, AMD (Advanced Micro Device)- K6, AMD- Athlon, Cyrix- 486DLC, IBM- Blue Lighting, TI (Texas Instrument)- 486SLC/E ইত্যাদি

খ. RISC Processor বা রিস্ক প্রসেসরঃ রিস্ক প্রসেসর এর পূর্ণনাম হলো Reduced Instruction Set Computing. এই প্রসেসরে সরল ও ছোট মোডেম ইনস্ট্রাকশন ব্যবহার করা হয়। উচ্চতর ভাষায় প্রোগ্রামিং এর জন্য এ প্রসেসর বেশি উপযোগী। যেমনঃ Motorola Power PC- 601, DEC Alpha- 21064, MIPs- R10000, SPARC TMS390S10 ইত্যাদি।

গ. Special Purpose Processor বা বিশেষ ব্যবহার কার্যের প্রসেসরঃ প্রধান প্রসেসরের কার্যক্ষমতা বাড়ানোর জন্য যে সকল প্রসেসর ব্যবহার হয় সেগুলোকে বিশেষ ব্যবহার কার্যের প্রসেসর বলে। যেমনঃ কোপ্রসেসর হলো বিশেষ ব্যবহার কার্যের প্রসেসর।

75. **What type of device is computer keyboard?**

a) Memory
b) Output
c) Input
d) Storage

ans. **C**

Solution:

Input Device	Keyboard, Mouse, Joy-Stick, Light pen, Scanner, Graphics Tablet, Microphone, Magnetic Ink Character Reader (MICR), Optical Character Reader (OCR), Bar Code Reader, Optical Mark Reader (OMR).
Output Device	Monitor, Graphic Plotter, Printer, Speaker, Projector

76. **Plotter accuracy is measured in terms of repeatability and**

a) Resolution
b) Buffer size
c) Vertical dimensions
d) Intelligence

ans. **A**

Solution: ডিসপ্লে পর্দা বা স্ক্রিনে প্রদর্শিত ছবির সূক্ষ্মতাকে Resolution বলে। স্ক্রিনের প্রতি ইঞ্চিতে যত বেশি পিক্সেল থাকবে ছবি তত বেশি সূক্ষ্ম হবে। Resolution = Vertical Pixel × Horizontal Pixel যেমনঃ ছবিতে প্রদর্শিত মনিটরের ভার্টিক্যাল পিক্সেল ৭৬৮ এবং হরাইজন্টাল পিক্সেল ১০২৪। তাই মনিটরটির রেজুলেশন = ৭৬৮ × ১০২৪ = ৭৮৬৪৩২.

www.boighar.com

www.boighar.com

77. **Which is the first electronic digital computer?**
a) ENIAC b) MARK- I
c) ABC d) Z3 ***ans.*** **C**

Solution:

ENIAC	MARK- I	ABC	Z3
পৃথিবীর প্রথম পূর্ণাঙ্গ বা সফল Electronic computer	প্রথম Electronic computer	ABC বা Atanassoff Berry Computer. বাইনারি গণিতভিত্তিক প্রথম Electronic Digital Computer যা ১৯৩৯ নির্মিত হয়	প্রোগ্রাম নিয়ন্ত্রিত প্রথম ইলেকট্রোমেকানিক্যাল Computer

78. **FORTRAN is a programming language. What does FORTRAN stand for?**
a) File Translation b) Format Translation
c) Floppy Translation d) Formula Translation ***ans.*** **D**

Solution: ফোরট্রান বা FORTRAN শব্দের পূর্ণরূপ FORmula TRANslation. এটি আদিতম উচ্চস্তরের নির্দেশমূলক প্রোগ্রামিং ভাষা। জন বাকাস ও অন্যান্যরা IBM এ কর্মরত অবস্থায় ১৯৫০ এর দশকের মাঝামাঝি এটি তৈরি করেন। Fortran 77 ই সবচেয়ে বেশি প্রচলিত, তবে Fortran 90 এ ভাষার ব্যাপক সংস্কার করা হয়েছে. এতে পুনরাবৃত্তি, পয়েন্টার, নতুন নিয়ন্ত্রণ সংগঠন এবং অনেক নতুন Array operation যোগ করা হয়েছে।

79. **What is the shortcut key for Spelling Check in document?**
a) Alt + F7 b) Shift + F7
c) Ctrl + F7 d) F7 ***ans.*** **D**

Solution: Shift + F7 চেপে মাইক্রোসফট ওয়ার্ডে কোন নির্বাচিত শব্দের প্রতিশব্দ, বিপরীত শব্দ, শব্দের ধরন ইত্যাদি জানার অভিধান চালু করা হয়।

80. **The subject of cybernetics deals with the science of**
a) Control and communication b) Genetics
c) Molecular biology d) Biochemistry ***ans.*** **A**

Solution: Cybernetics: The science of communication and control theory that is concerned especially with the comparative study of automatic control systems (as the nervous system and brain and mechanical-electrical communication systems).

81. **Find the greatest number that will divide 43, 91, and 183 so as to leave the same remainder in each case.**
a) 7 b) 9
c) 13 d) 4 ***ans.*** **D**

Solution: প্রশ্নে বলা হচ্ছে যে, নিচের কোন বৃহত্তম সংখ্যা দ্বারা 43, 91 এবং 183 কে ভাগ করলে প্রতি ক্ষেত্রে একই ভাগশেষ থাকবে?
4 দ্বারা 43, 91 এবং 183 কে ভাগ করলে প্রতিক্ষেত্রে 3 ভাগ শেষ থাকবে। এটা পাওয়ার জন্য আপনারা প্রতিটি সংখ্যাকে 4 দ্বারা ভাগ করে দেখতে পারেন।

82. **In a business, A and C invested amounts in the ratio 2 1, whereas the ratio between amounts invested by A and B was 3 : 2. If Tk. 1,57,300 was their profit, how much amount did B receive?**
a) Tk. 24,200 b) Tk. 36,300
c) Tk. 72,600 d) Tk. 48,400 ***ans.*** **D**

Solution: প্রশ্নে বলা হচ্ছে যে, A এবং C এর বিনিয়োগের অনুপাত 2 1. আবার A এবং B বিনিয়োগের অনুপাত 3 2. ঐ ব্যবসায় যদি 1,57,300 টাকা লাভ হয় তবে B কত টাকা পাবে?

www.boighar.com

www.boighar.com

দেয়া আছে, A : C = 2 : 1 = 6 : 3 [3 দ্বারা গুণ করে]
আবার, A : B = 3 : 2 = 6 : 4 [2 দ্বারা গুণ করে]
অতএব, A : B : C = 6 : 4 : 3
এখন, অনুপাতের যোগফল = 6 + 4 + 3 = 13
B পাবে = $\left(157300 \text{ এর } \frac{4}{13}\right) = 48,400$ টাকা

83. **Which one of the following is not a prime number?**
a) 31 b) 61
c) 91 d) 71 ***ans.*** **C**

Solution: প্রশ্নে বলা হচ্ছে যে, নিচের কোনটি মৌলিক সংখ্যা নয়?
91 মৌলিক সংখ্যা নয়, কারণ = $7 \times 13 = 91$

84. **$(0.04)^{-1.5} = ?$**
a) 25 b) 250
c) 125 d) 625 ***ans.*** **C**

Solution: $0.04 = \frac{4}{100} = \frac{1}{25} = \frac{1}{5^2} = 5^{-2}$
$(0.04)^{-1.5} = (5^{-2})^{-1.5} = 5^{(-2)\times(-1.5)} = 5^3 = 125$

85. **A sum of money is borrowed and paid back in two annual instalments of Tk. 882 each allowing 5% compound interest. The sum borrowed was:**
a) Tk. 1,620 b) Tk. 1,680
c) Tk. 1,640 d) Tk. 1,700 ***ans.*** **C**

Solution: প্রশ্নে বলা হচ্ছে যে, কিছু টাকা ধার নিয়ে তা দুটি বার্ষিক 882 টাকার কিস্তিতে 5% চক্রবৃদ্ধি সুদে তা পরিশোধ করা হলো। আসল কত ছিল?
এখানে আসল = 1 বছরে 882 টাকার বর্তমান মূল্য + 2 বছরে 882 টাকার বর্তমান মূল্য

আসল $= \frac{882}{\left(1+\frac{5}{100}\right)} + \frac{882}{\left(1+\frac{5}{100}\right)^2}$ $\left[C = \frac{P}{\left(1+\frac{r}{100}\right)^2} \text{ সূত্রটি ব্যবহার করে}\right]$

$\Rightarrow$ আসল $= \frac{882}{\frac{105}{100}} + \frac{882}{\left(\frac{105}{100}\right)^2} = \frac{882}{\frac{21}{20}} + \frac{882}{\left(\frac{21}{20}\right)^2} = \frac{882\times 20}{21} + \frac{882\times 20\times 20}{21\times 21} = 1,640$

আসল = 1,640 টাকা।

86. **What is the unit digit in the product $(684 \times 759 \times 413 \times 676)$?**
a) 4 b) 12
c) 8 d) 16 ***ans.*** **C**

Solution: প্রশ্নে বলা হচ্ছে যে, $(684 \times 759 \times 413 \times 676)$ এর একক স্থানীয় অঙ্কটি কত?
এখানে, $684 \times 759 \times 413 \times 676 = 144942125328$
দেখা যাচ্ছে একক স্থানীয় অঙ্কটি 8.

Shortcut: অঙ্কটির ক্ষেত্রে প্রথম দুটি সংখ্যার 684×759 এর এককের দুটি অঙ্ক $4 \times 9 = 36$. এখন আপনি এই 36 এর এককের অঙ্ক 6 এর সাথে পরবর্তী সংখ্যা 413 এর এককের অঙ্ক 3 কে গুণ করলে পাবেন $6 \times 3 = 18$. একইভাবে, এই 18 এর এককের অঙ্ক 8 এর সাথে পরবর্তী সংখ্যা 676 এর এককের অঙ্ক 6 কে গুণ করলে পাবেন $8 \times 6 = 48$. তাই পুরো গুণটির এককের অঙ্কটি হবে 8.

www.boighar.com

www.boighar.com

87. **A certain number of men can finish a piece of work in 100 days. If there were 10 men less, it would take 10 days more for the work to be finished. How many men were there originally?**

a) 75 b) 82

c) 110 d) 100 ***ans.*** **C**

Solution: প্রশ্নে বলা হচ্ছে যে, কিছু লোক একটি কাজ 100 দিনে করতে পারে। যদি সেখানে 10 জন লোক কম হতো তবে কাজটি শেষ করতে আরো 10 দিন সময় বেশি লাগত। প্রথমে কতজন লোক ছিল?

ধরি, প্রথমে x জন লোক ছিল

x জন লোক 1 টি কাজ করে = 100 দিনে

1 জন লোক 1 টি কাজ করে = $(100 \times x) = 100x$ দিনে

এখন $(x - 10)$ জন লোক কাজটি করে $(100 + 10) = 110$ দিনে

এখন 1 জন লোক কাজটি করে = $110(x - 10)$ দিনে

প্রশ্নমতে, $100x = 110(x - 10)$ $\Rightarrow 100x = 110x - 1100$

$\Rightarrow 110x - 100x = 1100$ $\Rightarrow 10x = 1100$ $\therefore x = 110$

88. **One year ago. Pinky was four times as old as her daughter Soma. Six years hence, Pinky's age will exceed her daughter's age by 9 years. The ratio of the present ages of Pinky and her daughter is:**

a) 9 2 b) 11 : 3

c) 13 : 4 d) 12 5 ***ans.*** **C**

Solution: প্রশ্নে বলা হচ্ছে যে, 1 বছর পূর্বে পিংকি তার মেয়ে সোমার বয়সের 4 গুণ ছিল। 6 বছর পর, পিংকির বয়স তার মেয়ের বয়সের চেয়ে 9 বছর বেশি হবে। বর্তমানে তাদের বয়সের অনুপাত কত?

ধরি, 1 বছর পূর্বে সোমার বয়স ছিল x বছর

1 বছর পূর্বে পিংকির বয়স ছিল $4x$ বছর

প্রশ্নমতে, $4x + 1 + 6 = x + 1 + 6 + 9$

$\Rightarrow 4x - x = 16 - 7$

$\Rightarrow 3x = 9$

$x = 3$

বর্তমানে পিংকির বয়স = $(4x + 1)$ বছর = $(4 \times 3) + 1 = 13$ বছর

এবং সোমার বয়স = $3 + 1 = 4$ বছর

তাদের বয়সের অনুপাত = 13 : 4.

89. **The ratio between the perimeter and the breadth of a rectangle is 5 : 1. If the area of the rectangle is 216 sq. cm, what is the length of the rectangle?**

a) 16 *cm* b) 24 *cm*

c) 20 *cm* d) 18 *cm* ***ans.*** **D**

Solution: প্রশ্নে বলা হয়েছে, একটি আয়তক্ষেত্রের পরিসীমা এবং প্রস্থের অনুপাত 5 1 এবং ক্ষেত্রফল 216 হলে দৈর্ঘ্য কত? এটি উত্তর থেকে Back solve করে করা সম্ভব।

Shortcut: যেহেতু, Area দেয়া আছে এবং দৈর্ঘ্য বের করতে হবে, সেহেতু Answer গুলো দিয়ে ভাগ করলে সহজেই দৈর্ঘ্য-প্রস্থ জানা যাবে।

a) এর ক্ষেত্রে $\frac{216}{16} = 13.5$ যেহেতু দশমিক। তাই পরেরটা করি।

b) এর 18 দ্বারা ভাগ করলে $\frac{216}{18} = 12$ পাওয়া যায়।

পরিসীমা = $(18 + 12) \times 2 = 60$; এবং পরিসীমা : প্রস্থ = 60 : 12 = 5 1 অর্থাৎ দৈর্ঘ্য হবে 1*cm* তাই এটি উত্তর।

www.boighar.com

www.boighar.com

Details: Let, দৈর্ঘ্য = a cm এবং প্রস্থ = b cm

ক্ষেত্রফল $ab = 216$ .....(*i*)

Here, পরিসীমা = $2(a + b)$

প্রশ্নমতে, $\frac{2(a+b)}{b} = \frac{5}{1}$ $\Rightarrow 2(a + b) = 5b$

$\Rightarrow$ $2a + 2b = 5b$ $\Rightarrow 2a = 3b$ $a = \frac{3b}{2}$

(*i*) নং এ a এর মান বসাই

Area $= \frac{3b}{2} \times b = 216$ $\Rightarrow 3b^2 = 432$ $\Rightarrow b^2 = 144$

$b = 12$; $a = \frac{3 \times 12}{2} = 18$ দৈর্ঘ্য 18 *cm*

90. **$(87 \times 87 + 61 \times 61 - 2 \times 87 \times 61) = ?$**

a) 198 b) 196

c) 296 d) 298 **ans. Note**

Solution: $87 \times 87 + 61 \times 61 - 2 \times 87 \times 61 = (87)^2 + (61)^2 - 2 \times 87 \times 61 = (87 - 61)^2 = (26)^2 = 676$

91. **A is faster than B. A and B each walk 24 *km*. The sum of their speeds is 7 *km/hr* and the sum of times taken by them is 14 hours. Then, A's speed is equal to:**

a) 3 *km/hr* b) 5 *km/hr*

c) 4 *km/hr* d) 7 *km/hr* **ans. C**

Solution: প্রশ্নে বলা হচ্ছে যে, A এর গতি B এর চাইতে বেশি। প্রত্যেকেই 24 *km* করে হাঁটল। তাদের বেগের সমষ্টি 7 *km/hr* এবং তারা যদি মোট 14 ঘণ্টা সময় নেয় তবে A'র গতিবেগ কত?

আমরা জানি, গতিবেগ $= \frac{\text{অতিক্রান্ত দূরত্ব}}{\text{সময়}}$

এখন, ধরি A'র গতিবেগ x km/hr

B'র গতিবেগ $(7 - x)$ km/hr

প্রশ্নমতে, $\frac{24}{x} + \frac{24}{7 - x} = 14$ $\Rightarrow \frac{24(7 - x) + 24x}{x(7 - x)} = 14$

$\Rightarrow$ $\frac{168 - 24x + 24x}{7x - x^2} = 14$ $\Rightarrow \frac{168}{7x - x^2} = 14$

$\Rightarrow$ $\frac{12}{7x - x^2} = 1$ [উভয়পক্ষকে 14 দ্বারা ভাগ করে]

$\Rightarrow$ $7x - x^2 = 12$ $\Rightarrow x^2 - 7x + 12 = 0$

$\Rightarrow$ $x^2 - 4x - 3x + 12 = 0$ $\Rightarrow x(x - 4) - 3(x - 4) = 0$

$\Rightarrow$ $(x - 4)(x - 3) = 0$ $(x - 4) = 0$

$x = 4$

আবার, $(x - 3) = 0$

$x = 3$

এই প্রশ্নে বলা আছে A'র গতিবেগ বেশি, তাই A'র গতিবেগ 4 *km/hr* হবে।

92. **How many times in a day, the hands of a clock are straight?**

a) 22 b) 24

c) 48 d) 44 **ans. A**

Solution: ***Common Question:*** *Rupali Bank Ltd. (SO) 27.07.2013 & Question no: 26.*

www.boighar.com

93. **The sum of two numbers is 40 and their difference is 4. The ratio of the numbers is:**

a) 22 : 9 b) 11 : 9

c) 11 18 d) 21 19 ***ans.* B**

Solution: প্রশ্নে বলা হচ্ছে যে, দুটি সংখ্যার সমষ্টি 40 এবং বিয়োগফল 4 হলে সংখ্যা দুটির অনুপাত কত?

ধরি, বৃহত্তর সংখ্যাটি x এবং ক্ষুদ্রতর সংখ্যাটি y

প্রশ্নমতে, $x + y = 40$ ..... (i)

$x - y = 4$ ..... (ii)

(+) করে $2x = 44$

$\Rightarrow x = \frac{44}{2} = 22$

x এর মান (i) নং সমীকরণে বসাই

$x + y = 40 \quad \Rightarrow 22 + y = 40 \quad \Rightarrow y = 40 - 22 \quad y = 18$

অতএব, সংখ্যা দুটির অনুপাত = 22 18 = 11 9

94. **Two trains are running in opposite directions with the same speed. If the length of each train is 120 metres and they cross each other in 12 seconds, then the speed of each train (in km/hr) is:**

a) 10 b) 18

c) 72 d) 36 ***ans.* D**

Solution: প্রশ্নে বলা হচ্ছে যে, দুটি ট্রেন একই গতিবেগ নিয়ে পরস্পর বিপরীত অভিমুখে রওনা দিল। তাদের প্রত্যেকের দৈর্ঘ্য 120 মিটার হলে এবং তারা পরস্পর পরস্পরকে 12 সেকেণ্ড অতিক্রম করলে প্রত্যেকটি ট্রেনের গতিবেগ কত?

ধরি, প্রত্যেকটি ট্রেনের গতিবেগ x m/s

তাদের আপেক্ষিক গতিবেগ = $(x + x) = 2x$ m/s [বিপরীত দিক অভিমুখী, তাই আপেক্ষিক বেগ যোগ করে বের করতে হবে।]

প্রশ্নমতে, $2x = \frac{120 + 120}{12}$ [সুতরাং গতিবেগ = $\frac{\text{দূরত্ব}}{\text{সময়}}$]

$\Rightarrow 2x = \frac{240}{12} \quad \Rightarrow 2x = 20$

$x = 10 \text{ m/s} = 10 \times \frac{18}{5} = 36 \text{ km/hr}$

95. **The average of first 50 natural numbers is:**

a) 12.25 b) 21.25

c) 25.5 d) 25 ***ans.* C**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, প্রথম 50টি স্বাভাবিক সংখ্যার গড় কত?

প্রথম 50 টি স্বাভাবিক সংখ্যার সমষ্টি = $\frac{50(50 + 1)}{2} = 1275$ [$\frac{n(n+1)}{2}$ সূত্রটি ব্যবহার করে]

50 টি সংখ্যার গড় = $\frac{1275}{50} = 25.5$

Shortcut: প্রথম n টি স্বাভাবিক সংখ্যার সমষ্টি = $\frac{(n + 1)}{2} = \frac{(50 + 1)}{2} = 25.5$

96. **In an election a candidate who gets 84% of the votes is elected by a majority of 476 votes. What is the total number of votes polled?**

a) 672 b) 749

c) 700 d) 848 ***ans.* C**

Solution: নির্বাচনে একজন প্রার্থী 84% ভোট পেয়েছে। এতে দেখা গেল যে সে 476 ভোটের ব্যবধানে জয় লাভ করেছে। প্রশ্ন হলো ঐ নির্বাচনে মোট কত ভোটার ছিল?

www.boighar.com

www.boighar.com

যদি মোট ভোটের $100x$ হয় তবে ঐ প্রার্থী পেয়েছে $84x$ ভোট এবং অপর প্রার্থী পেয়েছে $100x - 84x = 16x$ ভোট
প্রশ্নমতে, ভোটের ব্যবধান $= 84x - 16x = 476$
$\Rightarrow 68x = 476 \qquad x = 7$
মোট ভোটার $100x = 100 \times 7 = 700$.

97. **The square root of $(7 + 3\sqrt{5})(7 - 3\sqrt{5})$ is:**
a) $\sqrt{5}$ b) 4
c) 2 d) $3\sqrt{5}$ ***ans.* C**

Solution: দেয়া আছে, $(7 + 3\sqrt{5})(7 - 3\sqrt{5}) = (7)^2 - (3\sqrt{5})^2 = 49 - (3)^2 \times 5 = 49 - (9 \times 5) = 49 - 45 = 4$
4 এর বর্গমূল $= \sqrt{4} = \sqrt{2^2} = 2$

98. **A sum of money lent out at simple interest amounts to Tk. 720 after 2 years and to Tk. 1,020 after a further period of 5 years. The sum is:**
a) Tk. 600 b) Tk. 500
c) Tk. 700 d) Tk. 710 ***ans.* A**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, কিছু পরিমাণ টাকা সরল সুদে আসলে 2 বছরে 720 টাকা এবং আরো 5 বছর পর 1,020 টাকা হয়। আসল কত?
দেয়া আছে, 5 বছরে সুদ হয় $= 1,020 - 720 = 300$ টাকা
এখন, 5 বছরে সুদ হয় = 300 টাকা
1 বছরে সুদ হয় $= \frac{300}{5}$ টাকা
2 বছরে সুদ হয় $= \frac{300 \times 2}{5} = 120$ টাকা
অতএব, আসল $= 720 - 120 = 600$ টাকা

99. **In a certain store, the profit is 320% of the cost. If the cost increases by 25% but, the selling price remains constant, approximately what percentage of the selling price is the profit?**
a) 30% b) 100%
c) 250% d) 70% ***ans.* D**

Solution: প্রশ্নে বলা হচ্ছে, কোন একটি দোকানে ক্রয়মূল্যের 320% লাভ হয়। যদি ক্রয়মূল্য আরো 25% বেড়ে যায় তবে নতুন মুনাফা বিক্রয়মূল্যের কত % হবে?
ধরি, ক্রয়মূল্য Tk. 100
Profit $= \frac{320}{100} \times 100 = 320$ Tk. এবং বিক্রয়মূল্য = 420Tk
নতুন ক্রয়মূল্য = 125% of Tk.100 = Tk.125
নতুন বিক্রয়মূল্য = 420Tk
Profit = বিক্রয়মূল্য − ক্রয়মূল্য $= 420 - 125 = 295$
Percentage of profit on selling price $= \frac{295}{420} \times 100 = 70.24\%$

100. **$138.009 + 341.981 - 146.305 = 123.6 + ?$**
a) 120.85 b) 120.085
c) 220.085 d) None of these ***ans.* D**

Solution: বামপক্ষ $= 138.009 + 341.981 - 146.305 = 333.685$
সংখ্যাটি হবে $= 333.685 - 123.6 = 120.08$

www.boighar.com